# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজ

**ভর্তি পরীক্ষা : ২০২১-২২; ইউনিট- বাণিজ্য; সেট-B**

## বাংলা

**01. 'লহ' শব্দের অর্থ –**

Ⓐ নাও Ⓑ রক্ত Ⓒ লক্ষ কর Ⓓ দাও

**A Solve** গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| মূল শব্দ | শব্দার্থ | মূল শব্দ | শব্দার্থ |
|---|---|---|---|
| অম্বু | পানি | অর্ণব | সমুদ্র |
| অংশুমালী | সূর্য | অদিতি | পৃথিবী |
| অম্ভোদ | মেঘ | অনীক | সৈন্যদল |

**02. 'গঞ্জনা' শব্দের যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়েছে?**

Ⓐ জ + ঞ Ⓑ ঞ + জ Ⓒ জ + ন Ⓓ ন্ + জ

**B Solve** কতিপয় যুক্তব্যঞ্জন গঠন ও শব্দে প্রয়োগ :

| যুক্তব্যঞ্জন | গঠন | শব্দে প্রয়োগ | যুক্ত ব্যঞ্জন | গঠন | শব্দে প্রয়োগ |
|---|---|---|---|---|---|
| ণ্ড | ণ্ + ড | কাণ্ড, ভণ্ড | ষ্ণ | ষ্ + ণ | তৃষ্ণা |
| ন্ড | ন্ + ড | ভান্ডার | ম্ফ | ম্ + ফ | উল্লম্ফ |

**03. Embargo এর বাংলা পারিভাষিক শব্দ কোনটি?**

Ⓐ নিষেধাজ্ঞা Ⓑ সীমাবদ্ধতা Ⓒ প্রেষণ Ⓓ অন্তর্বর্তীকালীন

**A Solve** গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Annexure | ক্রোড়পত্র | Hygiene | স্বাস্থ্যবিদ্যা |
| Canvas | মোটা কাপড় | Protocol | সৌজন্যবিধি |

**04. 'অসমাপ্ত আত্মজীবনী' লেখা কোন ঘটনার কারণে বন্ধ হয়ে যায়?**

Ⓐ অসুস্থতার কারণে Ⓑ সামরিক শাসনের কারণে

Ⓒ কারামুক্তির কারণে Ⓓ আগরতলা ষড়যন্ত্র মামলার কারণে

**D Solve** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। বন্ধুবান্ধব, সহকর্মী ও সহধর্মিণীর অনুরোধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায় এই আত্মজীবনী লেখা আরম্ভ করেন।

**05. মাতিলদার স্বপ্নে দেখা পার্শ্বকক্ষ কেমন ধরনের চিত্রে শোভিত?**

Ⓐ প্রতীচ্য Ⓑ ক্ল্যাসিক Ⓒ প্রাচ্য Ⓓ পৌরাণিক

**C Solve** বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর শ্রেষ্ঠ গল্পগুলোর মধ্যে 'নেকলেস' অন্যতম। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে। গল্পটির মূল বিষয় হচ্ছে– দরিদ্র পরিবারে জন্মগ্রহণকারী মাতিলদা নামের এক মেয়ের উচ্চবিত্ত পরিবারের মেয়েদের মতো জীবনযাপনের তীব্র উচ্চাকাঙ্ক্ষা এবং সেই আকাঙ্ক্ষা পূরণ করতে গিয়ে শোচনীয় অবস্থায় পতিত হওয়া।

**06. চার্বাক কে?**

Ⓐ ধর্মগুরু Ⓑ বস্তুবাদী দার্শনিক

Ⓒ কবি Ⓓ রাজনৈতিক নেতা

**B Solve** চার্বাক বা লোকায়ত দর্শন হলো ভারতীয় দর্শনের একটি বস্তুবাদী শাখা। এটি অধ্যাত্মবাদবিরোধী নিরীশ্বরবাদী ও বস্তুবাদী দর্শন। এই দর্শন কোনো প্রকার প্রত্যাদেশে বিশ্বাসী নয়: প্রমাণই এ দর্শন অনুসারে যথার্থ জ্ঞানের উৎস। পারলৌকিক নয় ইহজাগতিক সুখ ভোগই মানুষের একমাত্র কাম্য বলে চার্বাকরা মনে করত।

**07. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সেই চোখ'- কার চোখ?**

Ⓐ মজিদের Ⓑ রহিমার Ⓒ আক্কাসের Ⓓ গ্রামবাসীর

**A Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্মব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। উপন্যাসটিতে একদিকে যেমন বাংলার গ্রামজীবনের বাস্তব প্রকৃতি ধরা পড়েছে তেমনি রূপায়িত হয়েছে অসংখ্য গ্রামীণ মানুষের জীবন। 'লালসালু' উপন্যাসের অন্যতম চরিত্র মজিদ।

**08. 'গাড়ি লোহার মৃদঙ্গে তাল দিতে দিতে চলিল ; আমি মনের মধ্যে গান শুনিতে শুনিতে চলিলাম'। - 'অপরিচিতা' গল্পের এ বাক্যে 'মৃদঙ্গ' বলতে কী বোঝানো হয়েছে?**

Ⓐ বাদ্যযন্ত্র Ⓑ শিকল Ⓒ ইঞ্জিন Ⓓ রেললাইন

**A Solve** 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন 'গল্পসপ্তক'-এ এবং পরে 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)। গল্পটিতে ব্যবহৃত 'মৃদঙ্গ' হচ্ছে মাটির দেয়ালের দুপাশে চামড়া লাগানো এক ধরনের বাদ্যযন্ত্র।

**09. 'রাশিয়ায় ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।' - 'জেনারেল মনসুন' বলতে কী বোঝানো হয়েছে?**

Ⓐ একজন সেনাপতির সাহসকে Ⓑ কাল্পনিক কোনো বীরকে

Ⓒ বাংলার বর্ষাকে Ⓓ ভীতি সঞ্চারকারী যোদ্ধাকে

**C Solve** আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পে ব্যবহৃত লাইনটি দ্বারা দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রচণ্ড শীতের কবলে পড়ে হিটলারের বাহিনী রুশ বাহিনীর হাতে পর্যুদস্ত হওয়ার সাথে বাংলাদেশের প্রবল বর্ষায় হানাদার পাকিস্তানি বাহিনীর বিপজ্জনক পরিস্থিতিতে পতিত হওয়ার বিষয়টিরই তুলনা করা হয়েছে।

**10. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**

Ⓐ রৌদ্র করোটিতে Ⓑ নিজ বাসভূমে

Ⓒ বিধ্বস্ত নীলিমা Ⓓ নিরালোকে দিব্যরথ

**B Solve** শামসুর রাহমানের 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটি কবির 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে। কবিতাটি দেশপ্রেম, গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা।

**11. কাজী নজরুল ইসলামের 'রুদ্র-মঙ্গল' কোন ধরনের গ্রন্থ?**

Ⓐ কাব্যগ্রন্থ Ⓑ গল্পগ্রন্থ Ⓒ উপন্যাস Ⓓ প্রবন্ধগ্রন্থ

**D Solve** কাজী নজরুল ইসলামের সাহিত্য সম্পর্কিত তথ্য :

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | অগ্নি-বীণা, বিষের বাঁশি, ভাঙার গান, সাম্যবাদী, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, দোলনচাঁপা, ছায়ানট, চক্রবাক। |
| উপন্যাস | বাঁধন-হারা, মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা। |
| নাটক | ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা। |

**12. 'শকুনেরা উড়ে এসে বসছে পাতাশূন্য শুকনো গাছটায়।' - বাক্যটি কোন কালের উদাহরণ?**

Ⓐ সাধারণ অতীত Ⓑ পুরাঘটিত অতীত

Ⓒ পুরাঘটিত বর্তমান Ⓓ ঘটমান বর্তমান

**D Solve** যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : নীরা বই পড়ছে। চিন্তা করো না, কালই আসছি।

**13. 'তুবড়ি ছোটা' বাগ্‌ধারাটির অর্থ কী?**

Ⓐ কাজে গতি ফেরা Ⓑ ঝামেলা সৃষ্টি করা

Ⓒ অনর্গল কথা বলা Ⓓ আলস্য দিন কাটানো

**C Solve** গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আকাশ থেকে পড়া (না জানার ভান করা), আদার ব্যাপারী (সাধারণ লোক), আহ্লাদি পুতুল (আদুরে অকর্মণ্য), আকাশে তোলা (অতিরিক্ত প্রশংসা করা)।

14. নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দের উদাহরণ?
Ⓐ কল্যাণী Ⓑ সপত্নী Ⓒ সুস্মিতা Ⓓ সুন্দরী

**B Solve** কতকগুলো শব্দ নিত্য স্ত্রীবাচক। এগুলোর পুরুষবাচক শব্দ নেই। যেমন : সতীন, অর্ধাঙ্গী, ডাইনি, বাইজি, শাঁকচুন্নি, অনূঢ়া, বিমাতা, অঙ্গনা, কলঙ্কিনী, সৎমা, এয়ো, দাই, সধবা, বিধবা, অন্তঃসত্ত্বা, সজনী, ধনি, অসূর্যম্পশ্যা, রূপসি, শাঁখিনী।

15. 'রক্তকমল' কোন সমাসের দৃষ্টান্ত?
Ⓐ কর্মধারয় Ⓑ দ্বিগু Ⓒ তৎপুরুষ Ⓓ অব্যয়ীভাব

**A Solve** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যেমন : রক্ত কমলের ন্যায় = রক্তকমল, পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ।

16. 'আমার কর্ণধার আমি।' এ বাক্যের 'কর্ণধার' শব্দের অর্থ–
Ⓐ অভিভাবক Ⓑ চাকরিদাতা Ⓒ কান্ডারি Ⓓ জমির মালিক

**C Solve** গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| মূল শব্দ | শব্দার্থ | মূল শব্দ | শব্দার্থ |
|---|---|---|---|
| দইয়ল | দোয়েল | সাওর | সাগর |
| পামর | পাপিষ্ঠ। নরাধম। | হৌস | সওদাগরি দপ্তর |
| অলিন্দ | চাতাল। বারান্দা | তমিস্রা | অন্ধকার |

17. 'মোদাচ্ছের' শব্দের অর্থ কী?
Ⓐ দয়ালু Ⓑ ভণ্ড Ⓒ পুণ্যবান Ⓓ অনামা

**D Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্মব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। উপন্যাসটিতে ব্যবহৃত 'মোদাচ্ছের' শব্দের অর্থ : অনামা বা নামবিহীন।

18. নিচের কোনটি 'নদী' শব্দের সমার্থক নয়?
Ⓐ তটিনী Ⓑ তরঙ্গিণী Ⓒ শৈবলিনী Ⓓ মৃণালিনী

**D Solve** 'নদী' শব্দের সমার্থক শব্দ : সরিৎ, গিরি-নিস্রাব, ধুনী, কল্লোলিনী, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী, নির্ঝরিণী, সমুদ্রকান্তা, মন্দাকিনী, অপগা, বারিৎ, দরিয়া, পয়স্বিনী, সমুদ্রবল্লভা।

19. ভুল বানান কোনটি?
Ⓐ রুগ্ন Ⓑ ব্যতীত Ⓒ আকাঙ্ক্ষা Ⓓ সচ্ছল

**A Solve** গুরুত্বপূর্ণ বানান সতর্কতা : রুগ্ণ, সমীচীন, সরস্বতী, পাণিনি, ন্যূনতম, ঐকমত্য, প্রজ্বলন, আকাঙ্ক্ষা, সমীরণ, সপরিবার, সার্থক।

20. 'গাছ পাথর' বাগ্‌ধারাটির অর্থ–
Ⓐ কঠিন হৃদয় Ⓑ খুব মজবুত Ⓒ হিসাবনিকাশ Ⓓ ফাঁকি দেওয়া

**C Solve** গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আকাশ থেকে পড়া (না জানার ভান করা), আদার ব্যাপারী (সাধারণ লোক), আহ্লাদি পুতুল (আদুরে অকর্মণ্য), আকাশে তোলা (অতিরিক্ত প্রশংসা করা)।

## English

**Fill in the blanks with appropriate words (questions 21-25)**

21. **The flood water — agricultural fields.**
Ⓐ drowned Ⓑ inundated Ⓒ sank Ⓓ evaporated

**B Explanation** Inundate শব্দের অর্থ প্লাবিত করা বা ভাসিয়ে নিয়ে যাওয়া। অপরদিকে, সাধারণত মানুষ বা কোনো প্রাণী পানির নিচে তলিয়ে যাওয়ার ক্ষেত্রে drown এবং বস্তু পানিতে ডুবে যাওয়ার ক্ষেত্রে sink শব্দ দুটি ব্যবহৃত হয়ে থাকে।

22. **My friend's father died of a rare —.**
Ⓐ disease Ⓑ unease Ⓒ drug Ⓓ treatment

**A Explanation** Rare শব্দের অর্থ বিরল, দুর্লভ বা সচরাচর দেখা যায়না এমন। বাক্যটির অর্থ- তার বাবা একটি বিরল রোগে মারা গেছেন।

23. **The young man was rewarded for his — behaviour.**
Ⓐ good Ⓑ tolerable
Ⓒ impolite Ⓓ irresponsible

**A Explanation** Reward- পুরস্কৃত করা। অর্থাৎ, ভাল আচরণের জন্যে যুবকটিকে পুরস্কৃত করা হয়েছিল।

24. **The worker used — to patch up the hole in the wall.**
Ⓐ sand Ⓑ grass Ⓒ soil Ⓓ cement

**D Explanation** Patch up-মেরামত করা, বিশেষ করে গর্ত ভরাট করা।

25. **He speaks English —.**
Ⓐ fluent Ⓑ fluently
Ⓒ fluency Ⓓ influentially

**B Explanation** বাক্যটির speak, verb-কে নির্দেশ করার জন্যে শূন্যস্থানে একটি adverb দরকার অর্থাৎ fluently বসালেই বাক্যটি অর্থপূর্ণ হবে।

**Fill in the blanks with suitable preposition (26-30):**

26. **The train is very slow, it travels — 10 miles an hour.**
Ⓐ for Ⓑ in Ⓒ at Ⓓ by

**C Explanation** সাধারণত কোনোকিছু কি পরিমাণ গতিতে চলছে তা বোঝানোর জন্যে at ব্যবহার হয়ে থাকে। At 10 miles an hour অর্থ-ঘণ্টায় ১০ মাইল গতিতে (ট্রেনটি চলে)।

27. **I reminded my mother — her promise.**
Ⓐ by Ⓑ with Ⓒ from Ⓓ of

**D Explanation** Remind of something- কোনোকিছু সম্পর্কে কাউকে অবহিত করা বা স্মরণ করিয়ে দেওয়া।

28. **I am worried — the exam.**
Ⓐ in Ⓑ about Ⓒ by Ⓓ of

**B Explanation** সাধারণত কোনো বিষয়ে চিন্তিত বোঝাতে এর পূর্বে about বসে।

29. **The Russia-Ukraine war is pushing — wheat prices in the global market.**
Ⓐ down Ⓑ aside Ⓒ through Ⓓ up

**D Explanation** Push up, group verb-টির অর্থ বাড়িয়ে দেওয়া বা উপরে তোলা, বৃদ্ধি করা ইত্যাদি।

30. **He was acquitted — the charge of theft.**
Ⓐ of Ⓑ from Ⓒ on Ⓓ about

**A Explanation** Acquitted of something- কোনো কিছু হতে খালাস, মুক্তি বা নিষ্কৃতি পাওয়া।

31. **Choose the correct sentence.**
Ⓐ Have you ever been to Sylhet?
Ⓑ Are you ever been to Sylhet?
Ⓒ Have you ever being to Sylhet?
Ⓓ Were you ever being to Sylhet?

**A Explanation** সাধারণত কোথাও বেড়াতে যাওয়া বা কোথাও গিয়ে ফিরে আসার ক্ষেত্রে gone ব্যবহার না করে been ব্যবহার করা হয়ে থাকে।

**32. Choose the correct sentence.**
Ⓐ Can you tell me when is plane leaving?
Ⓑ Can you tell me when the plane leaving?
Ⓒ Can you tell me when is the plane leaves?
Ⓓ Can you tell me when the plane is leaving?
D Explanation Embedded question-এর নিয়মানুযায়ী বাক্যটির subordinate অংশে interrogative pattern হবে না। অর্থাৎ when এর পর the plane (subject) এর পূর্বে is বসবে না, বরং স্বাভাবিক নিয়মে subject এর পরেই বসবে।

**33. Find the correctly spelt word.**
Ⓐ assisstance Ⓑ assistanse
Ⓒ asisstance Ⓓ assistance
D Explanation সঠিক বানান হচ্ছে assistance যার অর্থ সহায়তা।

**34. Which of the following is a masculine gender?**
Ⓐ hen Ⓑ duck Ⓒ cow Ⓓ bull
D Explanation Bull (masculine) এর feminine হচ্ছে cow। অপরদিকে, hen এবং duck এর masculine যথাক্রমে rooster ও drake।

**35. Find the correctly spelt word.**
Ⓐ receipt Ⓑ reciept Ⓒ ricept Ⓓ recipt
A Explanation সঠিক বানান হচ্ছে receipt যার অর্থ প্রাপ্তি, রসিদ ইত্যাদি।

**36. What is the synonym for 'resentment'?**
Ⓐ anger Ⓑ fear Ⓒ indignation Ⓓ panic
C Explanation Resentment শব্দের অর্থ উত্তেজনা, দুঃচিন্তা (indignation, irritation, displeasure, dissatisfaction, bitterness etc)।

**37. What is the antonym for 'conceal'?**
Ⓐ hide Ⓑ steal Ⓒ reveal Ⓓ eliminate
C Explanation Conceal শব্দের অর্থ লুকিয়ে রাখা, প্রকাশ না করা (hide, disguise, veil, dissemble, mask, cover up etc)। তাই এর বিপরীত শব্দ হবে reveal।

**Choose the correct form of verb (questions 38-40)**

**38. A basket of apples — been sold.**
Ⓐ has Ⓑ have Ⓒ having Ⓓ are
A Explanation বাক্যটিতে A basket of apples অংশের মূলশব্দ (headword) হচ্ছে (a) basket যেটা অনুযায়ী পরবর্তী verb, singular (has) হবে, apples অনুযায়ী নয়। এক্ষেত্রে preposition এর পূর্বের অংশ অনুযায়ী verb ব্যবহৃত হয়।

**39. I don't know who — the chair.**
Ⓐ breaks Ⓑ broke Ⓒ breaking Ⓓ break
B Explanation আমি জানি না কে চেয়ারটি ভেঙ্গেছিল বা ভেঙ্গেছে। অর্থাৎ, অর্থগতভাবে বাক্যটি past indefinite বা present perfect tense-এ হবে।

**40. Our teacher — a lecture on inflation yesterday.**
Ⓐ giving Ⓑ gives Ⓒ give Ⓓ gave
D Explanation বাক্যটিতে yesterday থাকায় বোঝা যাচ্ছে যে past indefinite tense-এ হবে, তাই শূন্যস্থানে gave বসবে।

## হিসাববিজ্ঞান

**41. 'কু-ঋণ আদায় হলো ৫০,০০০ টাকা'- লেনদেনটির সমন্বয় জাবেদা নিচের কোনটি?**
Ⓐ নগদান হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট
Ⓑ নগদান হিসাব ডেবিট; অনাদায়ি পাওনা সঞ্চিতি ক্রেডিট
Ⓒ দেনাদার হিসাব ডেবিট; কু-ঋণ ক্রেডিট এবং নগদান হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট
Ⓓ কু-ঋণ ডেবিট; অনাদায়ি পাওনা সঞ্চিতি ক্রেডিট এবং নগদান হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট
B Solve সঞ্চিতি পদ্ধতিতে পূর্বে অবলোপনকৃত কু-ঋণ পুনরুদ্ধার করা হলে জাবেদা দাখিলা হয়:
i. দেনাদার হিসাব - Dr
কু-ঋণ সঞ্চিতি হিসাব - Cr
ii. নগদান হিসাব - Dr
দেনাদার হিসাব - Cr
∴ সমন্বয়ের পর দাখিলা দাঁড়ায়:
**নগদান হিসাব - Dr**
**কু-ঋণ সঞ্চিতি/অনাদায়ি পাওনা সঞ্চিতি হিসাব - Cr**

**42. নিচের প্রদত্ত তথ্যসমূহের আলোকে বৈশাখী কোম্পানির ২০২১ সালের শেয়ার প্রতি আয় নিরূপণ কর : সারা বছরে পণ্য বিক্রয় ৫,৪০,০০০ টাকা, বিক্রয় পণ্যের ক্রয়মূল্য ৩,৩০,০০০ টাকা; বিক্রয় খরচ ১,২০,০০০ টাকা; আয়কর ২৫,০০০ টাকা; প্রশাসনিক ব্যয় ১০,০০০ টাকা; শেয়ারের সংখ্যা ১,০০,০০০।**
Ⓐ ০.৫৫ টাকা Ⓑ ৫৫ টাকা Ⓒ ১.০৫ টাকা Ⓓ ১.৭৫ টাকা
A Solve

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ৫,৪০,০০০ |
| বাদ: বিক্রিত পণ্যের ক্রয়মূল্য | | ৩,৩০,০০০ |
| মোট মুনাফা | | ২,১০,০০০ |
| বাদ: বাণিজ্যিক ব্যয়সমূহ: | | |
| প্রশাসনিক ব্যয় | ১০,০০০ | |
| বিক্রয় খরচ | ১,২০,০০০ | |
| | | ১,৩০,০০০ |
| নিট মুনাফা | | ৮০,০০০ |
| বাদ: আয়কর | | ২৫,০০০ |
| কর বাদ নিট মুনাফা | | ৫৫,০০০ |

∴ শেয়ার প্রতি আয় (EPS) = $\frac{\text{কর বাদ নিট মুনাফা}}{\text{বিলিকৃত সাধারণ শেয়ার সংখ্যা}}$

$= \frac{৫৫,০০০}{১,০০,০০০} = ০.৫৫$ টাকা

**43. কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় খরচ?**
Ⓐ অগ্রিম ভাড়া Ⓑ অবচয়
Ⓒ প্রাথমিক খরচ Ⓓ পুরানো গাড়ির পুনঃসংস্করণ ব্যয়
A Solve বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়: যে ব্যয়ের প্রকৃতি মুনাফা জাতীয় হলেও ব্যয়ের ফল বা প্রভাব পরবর্তি আর্থিক বছরে বিদ্যমান থাকে তাকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলে। যেমন: বিজ্ঞাপন (৫ বছরের জন্য); বিমা খরচ যা ৩ বছরের জন্য কার্যকর থাকবে; ভাড়া প্রদান (৭ বছর); অগ্রিম বেতন।

**44. FIFO পদ্ধতি ব্যবহার করে নিম্নোক্ত তথ্য হতে বিক্রীত পণ্যের ক্রয়মূল্য এবং সমাপনী মজুদ মালের মূল্য নির্ণয় কর : জুন ০১ : প্রতি একক ১০ টাকা হারে ১০ একক ক্রয়; জুন ১৫ : প্রতি একক ১১ টাকা হারে ১০ একক ক্রয়; জুন ২৫ : প্রতি একক ১২ টাকা হারে ১০ একক ক্রয়; জুন ৩০ : ২০ একক বিক্রয়।**

Ⓐ ২৩০ টাকা ; ১০০ টাকা Ⓑ ২১০ টাকা ; ১২০ টাকা
Ⓒ ১২০ টাকা ; ২১০ টাকা Ⓓ ২২০ টাকা ; ১১০ টাকা

**B** Solve FIFO পদ্ধতিতে সমাপনী মজুতের একক নির্ণয়:
= নিট ক্রয় – বিক্রয়
= (১০ + ১০ + ১০ – ২০) = ১০ একক
∴ FIFO পদ্ধতিতে বিক্রিত পণ্যের ব্যয় = [(১০ × ১০) + (১১ × ১০)] টাকা
= (১০০ + ১১০) = ২১০ টাকা
∴ FIFO পদ্ধতিতে সমাপনী মজুতের মূল্য নির্ণয় = (১২ × ১০) টাকা
= ১২০ টাকা

**45. নিচের কোন হিসাবটির জন্য হিসাব বছর শেষে হিসাব বইতে সমাপনী দাখিলা প্রদান করতে হয়?**

Ⓐ বকেয়া ব্যয় Ⓑ প্রাথমিক খরচ Ⓒ উত্তোলন Ⓓ পুঞ্জীভূত অবচয়

**C** Solve সময়কাল বা হিসাবকাল ধারনা অনুযায়ী সময়কাল বা হিসাব কাল শেষে সমাপনী দাখিলার মাধ্যমে মালিকের উত্তোলন, লভ্যাংশ এবং আয়; ব্যয় হিসাব বন্ধ করা হয়।

**46. একটি মেশিন তিন বছর আগে ৫০,০০০ টাকায় কেনা হয়। সরলরৈখিক পদ্ধতিতে বাৎসরিক ১৫% হারে অবচয় ধার্য করা হয়। তৃতীয় বছর শেষে মেশিনটি ২৫,০০০ টাকায় বিক্রয় করা হয়। মেশিনটির বিক্রয়জনিত মুনাফা বা ক্ষতি কত?**

Ⓐ ২,৫০০ টাকা মুনাফা Ⓑ ২,৫০০ টাকা ক্ষতি
Ⓒ ২৭,৫০০ টাকা ক্ষতি Ⓓ ২২,৫০০ টাকা মুনাফা

**B** Solve

সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় = (৫০,০০০ × ১৫%) টাকা
= ৭,৫০০ টাকা
∴ তিন বছরের পুঞ্জীভূত অবচয় = (৭,৫০০ × ৩) টাকা
= ২২,৫০০ টাকা
∴ ৩য় বছর শেষে সম্পত্তির বইমূল্য = (৫০,০০০ – ২২,৫০০) টাকা
= ২৭,৫০০ টাকা
∴ মেশিন বিক্রয়জনিত ক্ষতি = বইমূল্য – বিক্রয়মূল্য
= (২৭,৫০০ – ২৫,০০০) = ২৫০০ টাকা

নোট: বহিমূল্য > বিক্রয়মূল্য = ক্ষতি
বহিমূল্য < বিক্রয়মূল্য = মুনাফা

**47. নিচের কোন লেনদেনটির ফলে উদ্বর্তপত্রের মোট যোগফলের পরিবর্তন হবে না?**

Ⓐ দেনাদারের নিকট বাকিতে পণ্য বিক্রয়
Ⓑ পাওনাদার কর্তৃক উপস্থাপিত প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান
Ⓒ চেকের মাধ্যমে বকেয়া বেতন প্রদান
Ⓓ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন বিনিয়োগ

**B** Solve পাওনাদার কর্তৃক উপস্থাপিত প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান করা হলে প্রদেয় বিল নামক দায় বৃদ্ধি পায় এবং পাওনাদার নামক দায় হ্রাস পায়। ফলে লেনদেনটি হিসাব সমীকরণের গুণগত পরিবর্তন যা উদ্বর্তপত্রের মোট যোগফলের কোন পরিবর্তন ঘটায় না।

**48. নাহার হার্ডওয়্যার স্টোরের একটি নির্দিষ্ট বছরে নিট ধারে বিক্রয়ের পরিমাণ ৬৫,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ৫০,০০,০০০ টাকা। বছরের শুরুতে এবং শেষে দেনাদারের পরিমাণ ছিল যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ৭,০০,০০০ টাকা। উক্ত বছরে দেনাদার আবর্তন —— ছিল।**

Ⓐ ৭.৭ বার Ⓑ ১০.৮ বার Ⓒ ৯.৩ বার Ⓓ ১০ বার

**D** Solve

$$\text{দেনাদার আবর্তন অনুপাত} = \frac{\text{নিট ধারে বিক্রয়}}{\text{গড় দেনাদার}} = \frac{৬৫,০০,০০০}{৬,৫০,০০০} = ১০ \text{ বার}$$

$$\text{গড় দেনাদার} = \frac{\text{প্রারম্ভিক দেনাদার + সমাপনী দেনাদার}}{২}$$

$$= \frac{৬,০০,০০০ + ৭,০০,০০০}{২} = \frac{১৩,০০,০০০}{২} = ৬,৫০,০০০ \text{ টাকা}$$

**49. রূপান্তর ব্যয় বলতে —— বোঝায়।**

Ⓐ উৎপাদন খরচ
Ⓑ প্রত্যক্ষ শ্রমের ব্যয় এবং কাঁচামালের ব্যয় ব্যতীত উৎপাদন সম্পর্কিত সকল ব্যয়
Ⓒ প্রত্যক্ষ শ্রমের ব্যয় এবং কারখানার সকল উপরিব্যয়
Ⓓ কাঁচামালের ব্যয় এবং প্রত্যক্ষ শ্রমের ব্যয়

**C** Solve রূপান্তর ব্যয় = প্রত্যক্ষ শ্রম (+) অন্যান্য প্রত্যক্ষ খরচ (+) উৎপাদন/কারখানা উপরিব্যয়
অথবা, রূপান্তর ব্যয় = প্রত্যক্ষ শ্রম (+)কারখানা সকল উপরিব্যয়
অথবা, রূপান্তর ব্যয় = উৎপাদন ব্যয় – ব্যবহৃত কাঁচামাল

**50. একটি হিসাবের জের ৮০ টাকা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে?**

Ⓐ ১৬০ টাকা Ⓑ ৮০ টাকা Ⓒ ৪০ টাকা Ⓓ ২৪০ টাকা

**A** Solve রেওয়ামিলে ভুল পার্শ্বে সঠিক পরিমাণ টাকা একবার লেখা হলে দ্বিগুন টাকার ভুল হবে। অন্যান্য সব কিছু সঠিক বসিয়ে হিসাবের জের রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হলে, রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য হবে = (সঠিক পার্শ্বে যত বসানো প্রয়োজন ছিল + ভুল পার্শ্বে যত বসানো হয়েছে) = (৮০ + ৮০) টাকা = ১৬০ টাকা

**51. একটি ফার্মের দীর্ঘ মেয়াদি সচ্ছলতা নির্দেশক অনুপাত কোনটি?**

Ⓐ চলতি অনুপাত Ⓑ ত্বরিত অনুপাত
Ⓒ মুনাফার হার Ⓓ ঋণ-মূলধন অনুপাত

**D** Solve সচ্ছলতার অনুপাতসমূহ দ্বারা প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি ঋণ বা দায় পরিশোধ ক্ষমতা যাচাই করা হয়। আর্থিক সচ্ছলতা যাচাইয়ের অনুপাত হলো:
১. ঋণ-মূলধন অনুপাত বা দায় মলিকানা অনুপাত বা দেনা-মালিকানা অনুপাত (Debt to Equity Ratio)
২. দায়-মোট সম্পত্তি অনুপাত/ঋণ সম্পত্তি অনুপাত/ দায় অনুপাত (Debt to Total Assets Ratio)।

**52. কোন নীতি অনুসারে ব্যয়সমূহকে তার আয়ের সামঞ্জস্য করে লেখা হয়?**

Ⓐ আয় স্বীকৃতি নীতি Ⓑ ক্রয়মূল্য নীতি
Ⓒ মিলকরণ নীতি Ⓓ সময়বিভাজন নীতি

**C** Solve মিলকরণ নীতি নির্দেশ করে যে, ব্যয়কে আয়ের সাথে মিল বা সমন্বয় করতে হবে। অর্থাৎ অর্জিত আয়ের বিপরীতে মোট ব্যয় সমন্বয় না করে ঐ আয়ের সাথে সংশ্লিষ্ট ব্যয়টুকুই সমন্বয় করতে হবে।

**53. নিচের কোনটি অলীক সম্পত্তি?**

Ⓐ সুনাম Ⓑ প্রাথমিক খরচ Ⓒ প্যাটেন্ট Ⓓ কপিরাইট

**B Solve** অলীক/ভুয়া/অবাস্তব/কাল্পনিক সম্পত্তি হলো সেসব সম্পদ যার কোনো বাজার মূল্য নেই বা যা কারো নিকট বিক্রয়যোগ্য নহে। এছাড়াও বড় ধরনের খরচ বা ক্ষতিকে খরচ হিসেবে না দেখিয়ে সম্পত্তি হিসেবে দেখানো হলে তাকে অলীক সম্পত্তি বলা হয়। যেমন: শেয়ার ও ঋণপত্রের অবহার/বাট্টা/উনহার, প্রাথমিক খরচাবলি (বিবরণপত্র প্রচার), শেয়ার অবলেখকের দস্তুরি বা কমিশন (শেয়ার দায় গ্রাহকের কমিশন), শেয়ার দালালের দস্তুরি বা কমিশন, বিলম্বিত বিজ্ঞাপন, নতুন পণ্য চালু করার অত্যাধিক ব্যয়, ব্যবসায় স্থানান্তর ব্যয়, লাভ-লোকসান আবন্টন হিসাবের উদ্বৃত্ত (ডেবিট) ইত্যাদি।

**53. ABC কোম্পানি XYZ কোম্পানি থেকে ৬০০ টাকার সরঞ্জাম নগদে ক্রয় করেছে। ABC কোম্পানির হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?**

Ⓐ সম্পদ এবং দায় বৃদ্ধি

Ⓑ সম্পদ এবং দায় হ্রাস

Ⓒ মোট সম্পদে কোনো পরিবর্তন হবে না

Ⓓ সম্পদ বৃদ্ধি এবং দায় হ্রাস

**C Solve** ABC কোম্পানি XYZ কোম্পানির নিকট হতে নগদে সরঞ্জাম ক্রয় করার ফলে, সরঞ্জাম নামক সম্পদ বৃদ্ধি পেয়েছে ৬০০ টাকা এবং নগদ টাকা নামক সম্পদ হ্রাস পেয়েছে। ফলে হিসাব সমীকরণের মোট সম্পদের কোন পরিবর্তন হবে না। সুতরাং এটি হিসাব সমীকরনের গুণগত/কাঠামোগত পরিবর্তন।

**55. চৈতী লিমিটেড ভুলক্রমে ৫০,০০০ টাকার বকেয়া সেবা আয়ের সমন্বয় সাধন করেনি। আর্থিক বিবরণীতে এর ফলাফল কী হবে?**

Ⓐ আয় বেশি দেখানো হবে Ⓑ দায় কম দেখানো হবে

Ⓒ সম্পত্তি কম দেখানো হবে Ⓓ মুনাফা বেশি দেখানো হবে

**C Solve** বকেয়া সেবা আয়ের সমন্বয় না করা হলে সম্পত্তি কম এবং আয় কম দেখানো হবে অর্থাৎ মালিকানা স্বত্ব কম দেখানো হয়।

**56. সেবা দেওয়ার আগে প্রাপ্ত নগদ ১০০ টাকা জাবেদা বইতে নগদান হিসাব ১০০ টাকা ডেবিট এবং দেনাদার হিসাব ১০০ টাকা ক্রেডিট হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে। এর সংশোধনী এন্ট্রি কী হবে?**

Ⓐ ডেবিট দেনাদার হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট সেবা আয় হিসাব ১০০ টাকা

Ⓑ ডেবিট নগদান হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট সেবা আয় হিসাব ১০০ টাকা

Ⓒ ডেবিট দেনাদার হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট অনুপার্জিত সেবা আয় হিসাব ১০০ টাকা

Ⓓ ডেবিট নগদান হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট অনুপার্জিত সেবা আয় হিসাব

**C Solve**

| ভুল দাখিলা | সঠিক দাখিলা | সংশোধনী দাখিলা |
|---|---|---|
| নগদান হিসাব | নগদান হিসাব | দেনাদার হিসাব |
| দেনাদার হিসাব | অনুপার্জিত সেবা আয় হিসাব | অনুপার্জিত সেবা আয় হিসাব |

∴ সংশোধনী দাখিলা

দেনাদার হিসাব ডেবিট Dr - ১০০

অনুপার্জিত সেবা আয় হিসাব Cr - ১০০

**57. নিচের কোনটি একটি 'হিসাবের' উদাহরণ?**

Ⓐ কার্যপত্র Ⓑ উদ্বর্তপত্র Ⓒ রেওয়ামিল Ⓓ আয় বিবরণী

**D Solve** অপশন A অনুযায়ী, কার্যপত্র বা খসড়া বিবরণী (Worksheet) স্থায়ী হিসাবনিকাশ রেকর্ড নয়, এটি জাবেদা কিংবা খতিয়ানেরও অংশ নয়। এটি একটি খসড়া কাজ এবং হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ। অপশন B অনুযায়ী উদ্বর্তপত্র হচ্ছে একটি নির্দিষ্ট সময় বিন্দুতে বা নির্দিষ্ট তারিখে বা যে কোনো দিনে ব্যবসায়ের সম্পত্তি ও দায়ের তালিকা প্রকাশ করে। অপশন C অনুযায়ী রেওয়ামিল কোন হিসাব নয় বা হিসাবের কোন অংশ হিসেবে গণ্য করা হয় না। অপশন D অনুযায়ী একটি হিসাবের তিনটি অংশ থাকে। যথা: ১. শিরোনাম ২. ডেবিট ৩. ক্রেডিট সুতরাং আয় বিবরণী হচ্ছে একটি পরিপূর্ণ হিসাব কারণ এটি একটি নির্দিষ্ট হিসাব কালের আয়সমূহ এবং ব্যয়সমূহ প্রদর্শনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নির্ণয় বা প্রতিষ্ঠানের দক্ষতা নির্ণয়ের জন্য (নিট আয় অথবা নিট ক্ষতি) প্রস্তুত করা হয়।

**58. নিচের কোনটি হিসাব লিপিবদ্ধকরণের সঠিক ক্রম?**

Ⓐ স্থানান্তরকরণ, জাবেদাকরণ, বিশ্লেষণ

Ⓑ জাবেদাকরণ, বিশ্লেষণ, স্থানান্তরকরণ

Ⓒ বিশ্লেষণ, স্থানান্তরকরণ, জাবেদাকরণ

Ⓓ বিশ্লেষণ, জাবেদাকরণ, স্থানান্তরকরণ

**D Solve** লিপিবদ্ধকরণের সঠিক ক্রমটি হচ্ছে'= বিশ্লেষণ, জাবেদা প্রস্তুতকরণ, খতিয়ান প্রস্তুতকরণ (স্থানান্তরকরণ), রেওয়ামিল প্রস্তুতকরণ, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ।

**59. অবিরাম মজুদপণ্য পদ্ধতিতে পণ্য বিক্রয়কারী একটি কোম্পানির খতিয়ানে নিচের কোন হিসাবটি থাকে?**

Ⓐ ক্রয় Ⓑ বিক্রীত পণ্যের ব্যয়

Ⓒ ক্রয় পরিবহণ Ⓓ প্রারম্ভিক মজুদ মাল

**B Solve** অবিরাম মজুতপণ্য পদ্ধতিতে ক্রয়, ক্রয় পরিবহন, এবং প্রারম্ভিক মজুদ হিসাবকে "মজুত পণ্য" নামক সম্পদ হিসাবে লিপিবদ্ধ করা হয়। সুতরাং অবিরাম মজুতপণ্য পদ্ধতিতে পণ্য বিক্রয়কারী একটি কোম্পানির খতিয়ানে এবং রেওয়ামিলে ক্রয়, ক্রয় পরিবহন, এবং প্রারম্ভিক মজুত হিসাবের জের থাকে না কিন্তু এই পদ্ধতিতে প্রতি একক পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিক্রিত পণ্যের ব্যয়কে ডেবিট এবং মজুত পণ্য হিসাবকে ক্রেডিট করা হয়। অতএব অবিরাম মজুতপণ্য পদ্ধতিতে পণ্য বিক্রয়কারী একটি কোম্পানির খতিয়ানে এবং রেওয়ামিলে বিক্রিত পণ্যের ব্যয়ের জের থাকে।

**60. হিসাববিজ্ঞানের কোন নীতির কারণে বার্ষিক অবচয় ধরা হয়?**

Ⓐ সম্পূর্ণ প্রকাশ নীতি Ⓑ রক্ষণশীলতার নীতি

Ⓒ মিলকরণ নীতি Ⓓ রাজস্ব স্বীকৃতি নীতি

**Blank Solve** চলমান প্রতিষ্ঠান ধারণা অনুযায়ী বার্ষিক অবচয় ধরা/ধার্য করা হয় এবং হিসাববিজ্ঞানের মিলকরণ নীতি অনুযায়ী বার্ষিক অবচয় লেখা/ হিসাবভুক্ত/ লিপিবদ্ধ/দেখানো হয়। কিন্তু অপশনে সঠিক উত্তর দেওয়া নেই।

নোট: অবচয় সংক্রান্ত বিভ্রান্তিকর তথ্য সমূহ নিম্নে দেওয়া হলো:

- অবচয়ের ধার্য করা/ধরা হয় চলমান প্রতিষ্ঠান ধারণা অনুযায়ী
- অবচয় লেখা/হিসাবভুক্ত/লিপিবদ্ধ/দেখানো হয় মিলকরণ নীতি অনুযায়ী
- অবচয় সঞ্চিতি তৈরি করা হয় পূর্ণপ্রকাশ নীতি অনুযায়ী
- কোনো পদ্ধতিতে অবচয় ধার্য করা হবে তা নির্ভর করে রক্ষণশীলতার নীতি অনুযায়ী
- অবচয়ের পদ্ধতি নির্বাচন করা হয় রক্ষণশীলতা নীতি অনুযায়ী
- প্রতি বছর একই পদ্ধতিতে অবচয় ধরা হয় সামঞ্জস্যতা/ধারাবাহিকতা/ স্থিরতা অনুযায়ী

## ব্যবসায় নীতি

61. কোম্পানির যে বৈশিষ্ট্য তাকে অন্যান্য ব্যবসায় প্রতিষ্ঠান থেকে আলাদা করেছে, তা হলো — ।
Ⓐ সীমাবদ্ধ দায় Ⓑ অধিক মূলধন
Ⓒ সম্মিলিত সিদ্ধান্ত Ⓓ মালিকানা ও ব্যবস্থাপনার পৃথককরণ
D Solve কোম্পানি সংগঠনের মালিকানা ও ব্যবস্থাপনা কমিটি সম্পূর্ণই পৃথক। এই বৈশিষ্ট্যটি অন্য কোনো ব্যবসায়ে পরিলক্ষিত হয় না।

62. নিচের কোনটি অর্থনৈতিক পরিবেশের উপাদান নয়?
Ⓐ রাজনীতি Ⓑ বেকারত্বের হার
Ⓒ মূল্যস্ফীতি Ⓓ জিডিপি প্রবৃদ্ধির হার
A Solve

| উপাদান | পরিবেশ |
|---|---|
| A | রাজনৈতিক |
| B<br>C<br>D | অর্থনৈতিক |

63. যৌথ মূলধনি ব্যবসায়ে পর্ষদের পরিচালকবৃন্দকে নির্বাচন করেন কে?
Ⓐ সরকার Ⓑ শেয়ারহোল্ডার Ⓒ কর্মী Ⓓ ক্রেতা
B Solve শেয়ারহোল্ডারদের ভোটের মাধ্যমে যৌথ মূলধনী ব্যবসায়ের পরিচালকবৃন্দ নির্বাচিত হয়।

64. চুক্তি ভিত্তিক সম্পর্কের মাধ্যমে কোন ধরনের ব্যবসায় গঠিত হয়?
Ⓐ এক মালিকানা Ⓑ অংশীদারি Ⓒ কোম্পানি Ⓓ সমবায় সমিতি
B Solve 'চুক্তি অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি' - এটি অংশীদারি ব্যবসায়ের মূলকথা

65. যদি P কোম্পানি Q কোম্পানির ৭০% শেয়ার ক্রয় করে, তবে Q কোন ধরনের কোম্পানি হবে?
Ⓐ সাবসিডিয়ারি Ⓑ হোল্ডিং Ⓒ প্রাইভেট Ⓓ বিধিবদ্ধ
A Solve যখন কোনো কোম্পানি অন্য কোম্পানির ৫১% এর বেশি শেয়ার ক্রয় করে। তখন ৫১% এর অধিক শেয়ার মালিকানা কোম্পানিকে হোল্ডিং কোম্পানি এবং ৫০% এর নিচের মালিকানাধীন কোম্পানিকে সাবসিডিয়ারি কোম্পানি বলে।

66. 'বিবরণ পত্র' অথবা 'বিবরণ পত্রের বিকল্প বিবৃতি' প্রচার করতে পারে — ।
Ⓐ পাবলিক লিমিটেড কোম্পানি Ⓑ প্রাইভেট লিমিটেড কোম্পানি
Ⓒ একমালিকানা ব্যবসায় Ⓓ বিমা সমবায় সমিতি
A Solve পাবলিক লিমিটেড কোম্পানি শেয়ার ইস্যুর পূর্বে যে দলিলে শেয়ারের আহ্বান করে তাকে বিবরণপত্র বলে।

67. কে নিম্ন পর্যায়ের ব্যবস্থাপক হিসেবে গণ্য?
Ⓐ এরিয়া ম্যানেজার Ⓑ সহকারী বিক্রয় ব্যবস্থাপক
Ⓒ ফোরম্যান Ⓓ যন্ত্র প্রকৌশলী
Blank Solve নিম্ন পর্যায়ের ব্যবস্থাপক : ফোরম্যান, তত্ত্বাবধায়ক ইত্যাদি

68. কোন ধরনের ব্যবসায়ের পৃথক আইনগত অস্তিত্ব নেই?
Ⓐ এক মালিকানা Ⓑ অংশীদারি Ⓒ কোম্পানি Ⓓ সমবায় সমিতি
A Solve

| ব্যবসায় | আইন |
|---|---|
| A | নেই |
| B | ১৯৩২ |
| C | ১৯৯৪ |
| D | ২০০১ |

69. কোন সংস্থা বাংলাদেশে পণ্যের মান নিয়ন্ত্রণ করে?
Ⓐ বিসিআইসি Ⓑ বিএসটিআই Ⓒ আইএসও Ⓓ বিটিসিএল
B Solve বাংলাদেশে পণ্যের মান নিয়ন্ত্রণ করে Bangladesh Standard and Testing Institute (BSTI).

70. ব্যবসায় পরিচালনাকালে কোনো অংশীদার তৃতীয় পক্ষের সাথে চুক্তিবদ্ধ হলে তার জন্য কে দায়ী হবে?
Ⓐ সব অংশীদার Ⓑ উক্ত অংশীদার
Ⓒ ব্যবসায়ের পরিচালকগণ Ⓓ সব অংশীদারের পক্ষে একজন
A Solve অবৈধ কোনো কিছু সম্পাদিত হলে সে দায়ভার অংশীদারি ব্যবসায়ের সকলকে নিতে হয়।

71. ব্যবসায় বান্ধব নীতিমালা নিচের কোন পরিবেশের সঙ্গে সম্পর্কযুক্ত?
Ⓐ আইনগত ও রাজনৈতিক Ⓑ সামাজিক ও আইনগত
Ⓒ সামাজিক ও রাজনৈতিক Ⓓ রাজনৈতিক ও অর্থনৈতিক
D Solve ব্যবসা বান্ধব নীতিমালা, আইনশৃঙ্খলা ব্যবসায়ের রাজনৈতিক ও অর্থনৈতিক পরিবেশের উপাদান।

72. নিচের কোনটি ব্যবস্থাপনার নীতি?
Ⓐ পারিশ্রমিক Ⓑ নিয়ন্ত্রণ
Ⓒ গবেষণা ও উন্নয়ন Ⓓ শিল্পোন্নয়ন
A Solve পারিশ্রমিক হেনরি ফেয়ল কর্তৃক প্রদত্ত ১৪টি নীতিমালার একটি।

73. "মানুষ আসবে এবং যাবে, কিন্তু কোম্পানি টিকে থাকবে"– এটি কোম্পানির কোন বৈশিষ্ট্যকে নির্দেশ করে?
Ⓐ পৃথক আইনগত সত্তা Ⓑ চিরন্তন অস্তিত্ব
Ⓒ মামলা করার ক্ষমতা Ⓓ মুনাফা অর্জনের ক্ষমতা
B Solve কোম্পানি সংগঠনের অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে চিরন্তন অস্তিত্ব যার সাথে প্রশ্নের উদ্ধৃতির মিল রয়েছে।

74. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কোনটি?
Ⓐ সমন্বয় Ⓑ নেতৃত্বদান Ⓒ পরিকল্পনা Ⓓ সংগঠন
C Solve ব্যবস্থাপনা চক্রের সকল কাজ আবর্তিত হয়। তাই নিয়ন্ত্রণের পরে আবারো নতুন পরিকল্পনা শুরু হয়।

75. বাংলাদেশে প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সর্বনিম্ন সদস্য সংখ্যা কত?
Ⓐ ১৫ Ⓑ ১০ Ⓒ ২০ Ⓓ ১৩
Blank Solve প্রশ্নে সঠিক উত্তর নেই।
সঠিক উত্তর: প্রাইভেট লিমিটেড কোম্পানির সর্বনিম্ন সদস্য ২ জন, সর্বোচ্চ ৫০ জন।

76. পণ্য ও কার্যভিত্তিক বিভাগীয়করণে মিশ্ররূপ কোন ধরনের সংগঠন?
Ⓐ সরলরৈখিক Ⓑ সরলরৈখিক ও পদস্থকর্মী
Ⓒ কার্যভিত্তিক Ⓓ মেট্রিক্স
D Solve মেট্রিক সংগঠন একমাত্র সংগঠন যেখানে পণ্য ব্যবস্থাপক ও কার্যিক ব্যবস্থাপক থাকে।

77. শেয়ার মালিকানার মূল দলিল কোনটি?
Ⓐ শেয়ার সার্টিফিকেট Ⓑ স্টক ওয়ারেন্ট
Ⓒ কাঁচা সনদ Ⓓ ডিভিডেন্ড ওয়ারেন্ট
A Solve শেয়ার মালিকানার মূল দলিল হচ্ছে শেয়ার সার্টিফিকেট যেটি শেয়ার ক্রয়ের পরবর্তীতে প্রদান করা হয়।

78. পরিবহণ কোম্পানিগুলো বাণিজ্যের কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করে?
Ⓐ সময়গত Ⓑ অর্থগত Ⓒ ঝুঁকিগত Ⓓ স্থানগত

| উপযোগ | মাধ্যম | উপযোগ | মাধ্যম |
|---|---|---|---|
| A | গুদামজাতকরণ | C | বিমা |
| B | ব্যাংক | D | পরিবহণ |

79. নিচের কোন ব্যবসায় এক মালিকানা হতে পারে না?
Ⓐ আবাসন Ⓑ পানীয় Ⓒ ব্যাংক Ⓓ ঔষধ
C Solve বাংলাদেশে একক ব্যাংকিং প্রচলিত নয়।

80. বস্ত্রশিল্প নিচের কোন ধরনের শিল্পের উদাহরণ?
Ⓐ বিশ্লেষণাত্মক শিল্প Ⓑ সাংশ্লেষিক শিল্প
Ⓒ প্রক্রিয়াকরণ শিল্প Ⓓ সংযোজন শিল্প
C Solve কোনো নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে (যেমন গার্মেন্টস্) যে শিল্প তৈরি হয় তাকে প্রক্রিয়াভিত্তিক শিল্প বলে।

## মার্কেটিং

81. পুনরায় প্রক্রিয়াকরণ বা উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহারের জন্য পণ্য ও সেবা ক্রয়কে বলা হয় —।
Ⓐ অলাভজনক বাজার Ⓑ ভোক্তা
Ⓒ ব্যবসায় বাজার Ⓓ সরকারি বাজার
C Solve ভোক্তা বাজার : চূড়ান্ত ভোগের উদ্দেশ্যে যে বাজারে পণ্য ক্রয়-বিক্রয় হয়। ব্যবসায় বাজার: পুনরায় উৎপাদনের উদ্দেশে যে বাজারে পণ্য ক্রয় বিক্রয় হয়।

82. মার্কেটিং হলো একটি প্রক্রিয়া যার লক্ষ্য—।
Ⓐ উৎপাদন Ⓑ মুনাফা অর্জন Ⓒ ক্রেতা সন্তুষ্টি Ⓓ পণ্য বিক্রি
C Solve মার্কেটিং এর কেন্দ্রবিন্দু হচ্ছে ক্রেতা সন্তুষ্টি।

83. নিচের কোনটি বিপণন মিশ্রণের উপাদান নয়?
Ⓐ পণ্য Ⓑ প্রমোশন Ⓒ মূল্য Ⓓ লক্ষ্য বাজার
D Solve বিপণন মিশ্রণের উপাদানসমূহ: পণ্য, মূল্য, স্থান, প্রমোশন।

84. পরিবহণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
Ⓐ রূপগত Ⓑ স্থানগত Ⓒ সময়গত Ⓓ স্বত্বগত

| উপযোগ | মাধ্যম | উপযোগ | মাধ্যম |
|---|---|---|---|
| A | গুদামজাতকরণ | C | বিমা |
| B | ব্যাংক | D | পরিবহন |

85. নিচের কোনটি নন-পেইড মাধ্যম হিসেবে বিবেচিত?
Ⓐ ব্যক্তিগত বিক্রয় Ⓑ বিজ্ঞাপন Ⓒ প্রচার Ⓓ জনসংযোগ
C Solve প্রচার হচ্ছে অনগদ বিপণন প্রসারের মাধ্যম।

86. ভোক্তারা সর্বোত্তম গুণমান, কর্মক্ষমতা বা উদ্ভাবনী বৈশিষ্ট্যসহ প্রস্তাবনাসমূহকে সমর্থন করবে- এটি বিপণনের কোন মতবাদকে ধারণ করে?
Ⓐ পণ্য Ⓑ বিপণন Ⓒ উৎপাদন Ⓓ বিক্রয়
A Solve পণ্য মতবাদ পণ্যের গুণাগুণ, কার্যক্ষমতা বা উদ্ভাবনী বৈশিষ্ট্যকে সমর্থন করে।

87. যেসব পণ্য কদাচিৎ কেনা হয় এবং ক্রেতা ক্রয়ের সময় উপযুক্ততা, গুণমান, মূল্য এবং স্টাইল সাবধানতার সাথে তুলনা করে সেগুলোকে কী বলা হয়?
Ⓐ শিল্প পণ্য Ⓑ সেবা Ⓒ ব্র্যান্ডস্ Ⓓ শপিং পণ্য
D Solve শপিং পণ্য ক্রয়ের সময় ক্রেতা গুণমান, মূল্য এবং স্টাইলকে প্রাধান্য দেয়।

88. পণ্যের জীবন চক্রের কোন পর্যায়ে মুনাফা সর্বাধিক হয়?
Ⓐ সূচনা পর্যায়ে Ⓑ প্রবৃদ্ধি পর্যায়ে
Ⓒ পূর্ণতা পর্যায়ে Ⓓ পতন পর্যায়ে
C Solve প্রবৃদ্ধি পর্যায়ে মুনাফার হার সর্বোচ্চ অন্যদিকে পূর্ণতা স্তরে মুনাফার পরিমাণ সর্বোচ্চ হয়।

89. — হচ্ছে একটি পণ্য বা সেবার প্রকৃত এবং সম্ভাব্য ক্রেতার সমষ্টি।
Ⓐ ব্রান্ড Ⓑ চাহিদা Ⓒ বিনিময় Ⓓ বাজার
D Solve বাজার মানে প্রকৃত ও সম্ভাব্য ক্রেতাসমষ্টি।

90. 'রোলেক্স ঘড়ির চাওয়া অনেকের কিন্তু খুব কম সংখ্যক লোকই কেনার সামর্থ্য রাখে', এটি — -এর উদাহরণ।
Ⓐ প্রয়োজন Ⓑ চাহিদা Ⓒ চাওয়া Ⓓ মর্যাদা
B Solve যখন ক্রেতার ক্রয় আর্থিক উপাদানের ওপর নির্ভর করে তখন তাকে Demand বা চাহিদা বলে।

91. পণ্য ডিজাইনের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য নয়?
Ⓐ পণ্যের গুণমান Ⓑ পণ্যের সরবরাহ
Ⓒ পণ্যের আকার Ⓓ পণ্যের অবকাঠামোগত উপাদান
B Solve পণ্য ডিজাইনের ক্ষেত্রে A, B, D দেখা হয়।

92. নিচের কোনটি ভোগ্য পণ্য?
Ⓐ জেনারেটার Ⓑ যন্ত্রপাতি Ⓒ টেলিভিশন Ⓓ কাঁচামাল
C Solve A + B + D হচ্ছে শিল্প পণ্য অন্যদিকে C = ভোগ্য পণ্য।

93. কোন ধরনের খুচরা বিপণি সাধারণত আবাসিক এলাকার নিকটে গড়ে ওঠে?
Ⓐ বিভাগযুক্ত বিপণি Ⓑ সুপার মার্কেট
Ⓒ সুপার স্টোর Ⓓ সুবিধা বিপণি
D Solve সুবিধা বিপণি সাধারণত একটি আবাসিক এলাকায় গড়ে ওঠে। উদাহরণ: মুদি দোকান।

94. বাজার বিভক্তিকরণ প্রক্রিয়ায় ভোক্তার আয় হচ্ছে একটি—।
Ⓐ ভৌগোলিক চলক Ⓑ জনসংখ্যাগত চলক
Ⓒ মনস্তাত্ত্বিক চলক Ⓓ আচরণিক চলক
B Solve জনসংখ্যাগত চলক : ভোক্তার আয়, পেশা, শিক্ষাগত যোগ্যতা, ইত্যাদি।

95. নিচের কোনটি শপিং পণ্যের বৈশিষ্ট্য?
Ⓐ পণ্যের গুণমান Ⓑ অত্যধিক প্রয়োজনীয়
Ⓒ নিম্নমূল্য Ⓓ তাৎক্ষণিক ক্রয় সিদ্ধান্ত
A Solve শপিং পণ্য ক্রয়ের সময় ক্রেতা গুণমান, মূল্য এবং স্টাইলকে প্রাধান্য দেয়।

96. দৃশ্যমান ও অদৃশ্যমান কোনো কিছু যা ভোক্তার প্রয়োজন পূরণ করতে পারে তাকে বলে —।
Ⓐ সেবা Ⓑ চাহিদা Ⓒ পণ্য Ⓓ বাজার
C Solve পণ্য হচ্ছে ক্রেতার কোনো সমস্যার দৃশ্যমান বা অদৃশ্যমান সমাধান।

97. নিচের কোনটি ব্র্যান্ডের উপাদান নয়?
Ⓐ নাম Ⓑ লোগো Ⓒ প্রতীক Ⓓ বণ্টন
D Solve A + B + C সবই ব্র্যান্ডের উপাদান।

98. কোনটি ব্যষ্টিক পরিবেশের উপাদান নয়?
Ⓐ ক্রেতা Ⓑ প্রযুক্তি Ⓒ সরবরাহকারী Ⓓ মধ্যস্থতাকারী
B Solve A + C + D হচ্ছে ব্যষ্টিক পরিবেশের উপাদান অন্যদিকে B হচ্ছে সামষ্টিক পরিবেশের উপাদান।

99. কোনটি একটি নতুন পণ্যের মূল্য নির্ধারণের কৌশল?
Ⓐ ভ্যালুভিত্তিক মূল্য নির্ধারণ
Ⓑ খরচভিত্তিক মূল্য নির্ধারণ
Ⓒ প্রতিযোগিতাভিত্তিক মূল্য নির্ধারণ
Ⓓ বাজার অনুপ্রবেশ মূল্য নির্ধারণ
D Solve নতুন পণ্যের মূল্য নির্ধারণ কৌশল হচ্ছে: ১. বাজার অনুপ্রবেশ ২. বাজার সরতোলা পদ্ধতি।

100.পণ্য থেকে ক্রেতার প্রাপ্ত অনুভূত সুবিধা ও পণ্যের সাথে জড়িত অর্থের পার্থক্যকে কী বলে?
Ⓐ ক্রেতা আনুগত্য Ⓑ ক্রেতা সন্তুষ্টি
Ⓒ ক্রেতা ভ্যালু Ⓓ বিনিময়
C Solve ক্রেতা ভ্যালু = প্রাপ্ত সুবিধা – প্রদত্ত ব্যয়।

## ফিন্যান্স এন্ড ব্যাংকিং

101.নিচের কোনটির ওপর অর্থের সময় মূল্য নির্ভর করে না?
Ⓐ অনিশ্চয়তা Ⓑ মূল্যস্ফীতি Ⓒ ঘাটতি বাজেট Ⓓ বিলম্বিত ভোগ
C Solve অর্থের সময়মূল্য অনিশ্চয়তা মূল্যস্ফীতি, ভোগ অগ্রাধিকার, বিলম্বিত ভোগ এসব ব্যাপার দিয়ে প্রভাবিত ঘাটতি বাজেট দিয়ে নয়।

102.কোনো ফার্মের সিকিউরিটি ইস্যু ও বিক্রয় করার খরচকে — বলা হয়।
Ⓐ মূলধন ব্যয় Ⓑ অবলেখন ব্যয়
Ⓒ উত্তরণ ব্যয় Ⓓ প্রাথমিক খরচ
C Solve কোন ফার্মের সিকিউরিটি ইস্যু ও বিক্রয় খরচকে বলে উত্তরণ ব্যয়।

103.নিচের কোনটি আর্থিক ঝুঁকি থেকে মুক্ত?
Ⓐ ব্যাংক ঋণ Ⓑ ঋণপত্র Ⓒ ইজারা Ⓓ সাধারণ শেয়ার
D Solve ব্যাংক ঋণ, ঋণপত্র, ইজারা অর্থায়ন হলো ঋণকৃত উৎস, সাধারণ শেয়ার হলো মালিকানা উৎস।

104.নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎস নয়?
Ⓐ বিল বাট্টাকরণ Ⓑ প্রদেয় হিসাব Ⓒ ঋণপত্র Ⓓ বাণিজ্যিক পত্র
C Solve ঋণপত্র হলো দীর্ঘমেয়াদি ঋণের দলিল।

105.নিচের কোনটি ঝুঁকিমুক্ত হাতিয়ার?
Ⓐ ট্রেজারি বন্ড Ⓑ আয় বন্ড Ⓒ জাঙ্ক বন্ড Ⓓ কর্পোরেট বন্ড
A Solve ট্রেজারি বন্ড সরকারি সিকিউরিটি বিধায় এটি ঝুঁকিমুক্ত।

106.নিচের কোনটির ওপর একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সম্পদ সর্বাধিকরণ লক্ষ্য নির্ভর করে?
Ⓐ শেয়ার প্রতি লভ্যাংশ Ⓑ শেয়ার প্রতি মুনাফা
Ⓒ নিট মুনাফা Ⓓ শেয়ারের বাজার মূল্য
D Solve শেয়ার প্রতি লভ্যাংশ, শেয়ার প্রতি মুনাফা, নিট মুনাফা এগুলো মুনাফা সর্বাধিকরণ নির্ণয়ক।

107.একজন বিনিয়োগকারী কেন পোর্টফোলিওতে বিনিয়োগ করে?
Ⓐ আয় নিশ্চিত করা Ⓑ ঝুঁকি পরিহার করা
Ⓒ ঝুঁকি হ্রাস করা Ⓓ বেশি আয় করা
C Solve পোর্টফোলিওতে বিনিয়োগ করার অর্থ হলো একাধিক সিকিউরিটিতে বিনিয়োগ করে ঝুঁকি হ্রাস করা।

108.বাংলাদেশে বর্তমানে বিরাজমান মূল্যস্ফীতি কোন ধরনের ঝুঁকি বৃদ্ধি করবে?
Ⓐ তারল্য ঝুঁকি Ⓑ আর্থিক ঝুঁকি
Ⓒ বাজার ঝুঁকি Ⓓ পোর্টফোলিও ঝুঁকি
C Solve মূল্যস্ফীতি অনিয়ন্ত্রণযোগ্য বিধায় এটি বাজার ঝুঁকি বৃদ্ধি করে।

109.নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্ত নয়?
Ⓐ উৎপাদন মাত্রা বৃদ্ধিজনিত সম্প্রসারণ কার্যক্রম
Ⓑ চলতি সম্পদের কলেবর বৃদ্ধি
Ⓒ দীর্ঘমেয়াদি সম্পদের অধিগ্রহণ
Ⓓ বর্তমান দীর্ঘমেয়াদি সম্পদের প্রতিস্থাপন
B Solve চলতি সম্পদের কলেবর বৃদ্ধি হলো স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা।

110.যদি দুইটি প্রকল্প সম্পূর্ণভাবে স্বাধীন হয় কিংবা পরস্পর সম্পর্কবিহীন হয়, তবে উভয়ের সংশ্লেষণ — হবে।
Ⓐ শূন্য Ⓑ অসীম Ⓒ ১ Ⓓ -১
A Solve স্বাধীন প্রকল্পের বেলায় সংশ্লেষণ এর মান ০

111.নিচের কোনটির ক্ষেত্রে বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য সবচাইতে বেশি হবে?
Ⓐ মাসিক চক্রবৃদ্ধি Ⓑ সাপ্তাহিক চক্রবৃদ্ধি
Ⓒ ত্রৈমাসিক চক্রবৃদ্ধি Ⓓ বাৎসরিক চক্রবৃদ্ধি
B Solve মাসিক চক্রবৃদ্ধিতে $m=12$, সাপ্তাহিক চক্রবৃদ্ধিতে $m=52$ ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে $m=4$ বাৎসরিক চক্রবৃদ্ধিতে $m=1$

112.নিচের কোনটি বাণিজ্যিক পত্রের সুবিধা নয়?
Ⓐ ব্যাংক কর্তৃক সমর্থিত Ⓑ সহজে প্রাপ্য
Ⓒ স্বল্প ব্যয় Ⓓ ক্ষতিপূরণ জের রাখার প্রয়োজনীয়তা
A Solve বাণিজিক পত্র ব্যাংক কর্তৃক ইস্যু হয় না, এটি ইস্যু হয় স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক।

113.'কল মানি' বলতে কী বোঝায়?
Ⓐ আন্তঃব্যাংক স্বল্পমেয়াদি ঋণের আদান প্রদান
Ⓑ কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণগ্রহণ
Ⓒ বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুরেন্স কোম্পানিসমূহকে ঋণ প্রদান
Ⓓ লিজিং কোম্পানি কর্তৃক শিল্পখাতে ঋণ প্রদান
A Solve আন্তঃব্যাংক লেনদেনের ঋণের আদান প্রদানকে বলে কল মানি।

114.কোন প্রত্যয়পত্রটি আরেকটি প্রত্যয়পত্রের বিপরীতে নতুন করে খোলা হয়?
Ⓐ খোলা প্রত্যয়পত্র Ⓑ ঘূর্ণায়মান প্রত্যয়পত্র
Ⓒ লাল-দফা প্রত্যয়পত্র Ⓓ ব্যাক-টু-ব্যাক প্রত্যয়পত্র
D Solve ব্যাক-টু-ব্যাক প্রত্যয়পত্রে একটি প্রত্যয়পত্রের বিপরীতে নতুন আরেকটি প্রত্যয়পত্র খোলার সুবিধা থাকে।

115.নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের গুণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি?
Ⓐ ব্যাংক হার নীতি Ⓑ জমার হার পরিবর্তন নীতি
Ⓒ খোলা বাজার নীতি Ⓓ প্রত্যক্ষ ব্যবস্থা গ্রহণ
D Solve ব্যাংক হার, জমার হার পরিবর্তন, খোলা বাজার এই ৩ টি হলো ঋণ নিয়ন্ত্রণের সাধারণ বা সংখ্যাত্মক পদ্ধতি।

116.নিচের কোন প্রতিষ্ঠান ট্রেজারি বিল ইস্যু করে?
Ⓐ অর্থ মন্ত্রণালয় Ⓑ বাণিজ্যিক ব্যাংক
Ⓒ কেন্দ্রীয় ব্যাংক Ⓓ তালিকাভুক্ত কোম্পানি
C Solve ট্রেজারি বিল ইস্যু করে সরকারের পক্ষে কেন্দ্রীয় ব্যাংক।

117.নগদ অর্থ বহনের সবচেয়ে নিরাপদ বিকল্প কী?
Ⓐ পে-অর্ডার Ⓑ সার্কুলার নোট Ⓒ চেক Ⓓ বিনিময় বিল
A Solve নগদ অর্থ বহনের সবচেয়ে বিকল্প হলো পে-অর্ডার।

118.বাংলাদেশে কোন সালের বিমা আইন প্রচলিত রয়েছে?
Ⓐ ১৯৩৮ Ⓑ ২০১০ Ⓒ ১৯৯৮ Ⓓ ২০০৮
B Solve বাংলাদেশে প্রচলিত বিমা আইন–২০১০

119.স্বাভাবিক মাত্রার ঝুঁকির চেয়ে অধিক ঝুঁকি সংবলিত ঝুঁকিকে কী বলে?
Ⓐ উপ-আদর্শিক ঝুঁকি Ⓑ অনাদর্শিক ঝুঁকি
Ⓒ আদর্শিক ঝুঁকি Ⓓ উত্তম আদর্শিক ঝুঁকি
A Solve স্বাভাবিক মাত্রার ঝুঁকির চেয়ে অধিক ঝুঁকি সংবলিত ঝুঁকিকে বলা হয় উপ-আদর্শিক ঝুঁকি।

120.ক্ষতিপূরণ নীতিমালা কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?
Ⓐ গোষ্ঠী বিমা Ⓑ সম্পদ বিমা
Ⓒ জীবন বিমা Ⓓ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা
B Solve সম্পত্তি বিমায় ক্ষতিপূরণ নিতিমালা অনুসরণ করা হয়।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজ
### ভর্তি পরীক্ষা : ২০২০-২১; ইউনিট : বাণিজ্য

বাংলা, ইংরেজি, হিসাববিজ্ঞান, ব্যবসায় নীতি - এই চারটি বিষয়ে উত্তর আবশ্যিক; অথবা ফিন্যান্স এন্ড ব্যাংকিং-এর মধ্যে যে-কোনো একটি বিষয়ের উত্তর দিতে হবে।

প্রশ্নপত্র পাওয়া মাত্র প্রত্যেকটি প্রশ্ন বা পৃষ্ঠায় প্রিন্ট ঠিক আছে কিনা দেখে নিয়ে পরীক্ষা শুরু করতে হবে। প্রয়োজনে প্রশ্নপত্র বদল করা যাবে।

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

## বাংলা

**01. 'তার পরে বুঝিলাম, মাতৃভূমি আছে।' উদ্ধৃতিটি কোন রচনার?**
Ⓐ চাষার দুক্ষু Ⓑ আহ্বান
Ⓒ অপরিচিতা Ⓓ বায়ান্নর দিনগুলো

**C Solve** উত্তম পুরুষের জবানিতে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পে উক্ত উক্তিটির মাধ্যমে কল্যাণী যে দেশমাতৃকার সেবায় আত্মনিয়োগ করেছে, অনুপমের এই আত্মোপলব্ধি প্রকাশিত হয়েছে। গল্পটি প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়।

**02. প্রাচীন ট্রয় নগরীর উল্লেখ আছে যে কবিতায়–**
Ⓐ সাম্যবাদী Ⓑ ঐকতান
Ⓒ বিভীষণের প্রতি মেঘনাদ Ⓓ সেই অস্ত্র

**D Solve** ট্রয় নগরী প্রাচীন গ্রিসের স্থাপত্যকলায় নন্দিত এক শহর (বর্তমানে তুরস্কে অবস্থিত)। মানুষের হিংসা-বিদ্বেষ ঈর্ষা আর দম্ভের শিকার হয়ে পৃথিবীর ইতিহাসে বারংবার ধ্বংস হয়েছে এই নগরী। যুদ্ধের নির্মমতার এক চিরায়ত দৃষ্টান্ত এই ট্রয়।

**03. কোন বানানটি শুদ্ধ?**
Ⓐ স্বতঃস্ফূর্ত Ⓑ ব্যাথা Ⓒ ধ্বস Ⓓ আত্মসাৎ

**D Solve** প্রদত্ত অশুদ্ধ শব্দের শুদ্ধরূপ : স্বতঃস্ফূর্ত, ব্যথা, ধস। এরূপ কয়েকটি শুদ্ধ শব্দ : ঋণ, ইদ, প্রাঙ্গণ, অঙ্গন, প্রণয়িনী, পল্লি, শহিদ, উদ্ভূত, পূর্বাহ্ণ, জাজ্বল্যমান, অপরাহ্ণ, পুরস্কার, আবিষ্কার, পাণিনি, ফটোস্ট্যাট।

**04. 'ডাল ছেড়ে উড়তে আর নতুন ডালে গিয়ে বসতে কী তার পাখা ঝাপটানি!' এখানে 'কী' কোন পদ?**
Ⓐ সর্বনাম Ⓑ অব্যয় Ⓒ বিশেষণ Ⓓ ক্রিয়া বিশেষণ

**C Solve** বিশেষণবাচক 'কী' এর ব্যবহার : নিজেই চমকে উঠি, কী নিস্পৃহ, কেমন শীতল।

**05. খালেক ব্যাপারীর স্ত্রীর নাম কী?**
Ⓐ রহিমা Ⓑ সখিনা Ⓒ আমেনা Ⓓ জমিলা

**C Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসে খালেক ব্যাপারী অন্যতম প্রতিনিধিত্বশীল চরিত্র। সেও সমাজের টাইপ চরিত্র। খালেক ব্যাপারীর প্রথম স্ত্রী আমেনা বিবি (তেরো বছর বয়সে বিয়ে হয়েছিল) এবং তানু বিবি তার দ্বিতীয় স্ত্রী। রহিমা এবং জমিলা মজিদের প্রথম ও দ্বিতীয় স্ত্রী।

**06. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।' বাক্যটি কোন রচনার অন্তর্গত?**
Ⓐ নেকলেস Ⓑ রেইনকোট
Ⓒ আমার পথ Ⓓ বায়ান্নর দিনগুলো

**D Solve** প্রদত্ত উক্তিটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত চলিতরীতিতে লেখা 'বায়ান্নর দিনগুলো' রচনার অন্যতম চরিত্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের।

**07. শামসুর রাহমানের প্রথম কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়?**
Ⓐ দৈনিক সংবাদ Ⓑ সওগাত
Ⓒ সাপ্তাহিক সোনার বাংলা Ⓓ দৈনিক ইত্তেফাক

**C Solve** ১৯৪৯ খ্রিস্টাব্দে 'সাপ্তাহিক সোনার বাংলা' পত্রিকায় কবির প্রথম কবিতা প্রকাশিত হয়। আজীবন তিনি নিষ্ঠার সঙ্গে কাব্যসাধনায় নিয়োজিত ছিলেন। তিনি রোম্যান্টিকতার সঙ্গে সমাজমনস্কতার সংমিশ্রণ ঘটিয়ে নতুন কাব্যধারার জন্ম দিয়েছেন।

**08. কোন বানানটি শুদ্ধ নয়?**
Ⓐ কনিষ্ঠ Ⓑ মহত্ত্ব
Ⓒ তেজস্ক্রিয় Ⓓ স্বাতন্ত্র

**D Solve** কতিপয় শুদ্ধ বানান : স্বাতন্ত্র্য, সতীত্ব, সান্ত্বনা, শুশ্রূষা, ভুজ, ব্যর্থ, পিপীলিকা, ভৌগোলিক, শাশ্বত, সন্ন্যাস, সরস্বতী, শিরশ্ছেদ, সর্বস্বান্ত, ভুবন, সংবর্ধনা, লজ্জাকর, মন্ত্রিসভা, মুহুর্মুহু, শূন্য, বিদ্বান, মনীষী, মাহাত্ম্য।

## English

**09. The—for construction of the building is in the heart of the city.**
Ⓐ cite Ⓑ sight Ⓒ slight Ⓓ site

**D Explanation** Site অর্থ স্থান, sight – দৃশ্য, cite – উল্লেখ করা, slight – সামান্য।

**10. Read the—on the screen.**
Ⓐ instructions Ⓑ instruments
Ⓒ implements Ⓓ instructors

**A Explanation** Read the instruction – নির্দেশাবলী পড়ে নেওয়া।

**11. He can play all the games—cricket and hockey.**
Ⓐ without Ⓑ except Ⓒ unless Ⓓ not

**B Explanation** Except – ব্যতীত, ছাড়া।

**12. Be careful, don't—your keys.**
Ⓐ lose Ⓑ loose Ⓒ loss Ⓓ lost

**A Explanation** Lose – হারানো, loose – ঢিলা (আলগা করা), loss – ক্ষতি।

**13. The word 'offspring' means–.**
Ⓐ family Ⓑ boy or boys
Ⓒ child or children Ⓓ relatives

**C Explanation** Offspring – সন্তান-সন্ততি (Children)।

**14. The host was—the number of guests.**
Ⓐ count Ⓑ counted
Ⓒ counting Ⓓ counts

Ans C

**15. He assured me—his help.**
Ⓐ with Ⓑ of Ⓒ for Ⓓ over

**B Explanation** Assure sb of sth – কাউকে কোনো ব্যাপারে আশ্বস্ত করা।

**16. I am indebted—you for your help.**
Ⓐ by Ⓑ of Ⓒ on Ⓓ to

**D Explanation** Indebted to sb – কারো কাছে ঋণী।

**17. Please look—the issues urgently.**
Ⓐ in Ⓑ on Ⓒ out Ⓓ into

**D Explanation** Look into sth – কোনো বিষয়ে তদন্ত করা, ভেবে দেখা (সমাধানকল্পে)।

**Select the right synonyms of the following words (Questions 18-20)**

**18. Amicable**
Ⓐ Angry Ⓑ Friendly
Ⓒ Indifferent Ⓓ Hostile
Ans B Explanation Amicable – বন্ধুত্বপূর্ণ (friendly)।

**19. Morbid**
Ⓐ Unhealthy Ⓑ Cheerful
Ⓒ Interested Ⓓ Robust
Ans A Explanation Morbid – বিষণ্ন, রুগ্ন (unhealthy)।

**20. Incredible**
Ⓐ Unthinkable Ⓑ Unlikely
Ⓒ Unbelievable Ⓓ Unstoppable
Ans C Explanation Incredible – অবিশ্বাস্য (unbelievable)।

**Find the right antonyms of the following words (Questions 21-22)**

**21. Fact**
Ⓐ Truth Ⓑ Fiction Ⓒ Theory Ⓓ Evidence
Ans C Explanation Fact – অর্থ প্রতিষ্ঠিত সত্য আর theory অর্থ ধারণাপ্রসূত মতবাদ।

**22. Passive**
Ⓐ Forceful Ⓑ Lazy Ⓒ Intelligent Ⓓ Inactive
Ans A Explanation Passive – নিষ্ক্রিয়, forceful – সক্রিয়।

**Find the correctly spelt words (Questions 23-25)**

**23.** Ⓐ insaparable Ⓑ insaperable
Ⓒ inseparable Ⓓ inseprable
Ans C Explanation Inseparable – অবিচ্ছেদ্য।

**24.** Ⓐ condemn Ⓑ condemen
Ⓒ condamn Ⓓ condame
Ans A Explanation সঠিক বানান condemn (নিন্দা করা)।

**25.** Ⓐ documentry Ⓑ documentery
Ⓒ documentary Ⓓ documantery Ans Ⓒ

**Which sentence is correct? (Qiestions: 26-27)**

**26.** Ⓐ She lives by an apartment.
Ⓑ She lives on an apartment.
Ⓒ She lives at an apartment.
Ⓓ She lives in an apartment.
Ans D Explanation Apartment - এর পূর্বে সাধারণত in বসে।

**27.** Ⓐ Who does the car belong with?
Ⓑ Who does the car belongs to?
Ⓒ Whom the car belongs to?
Ⓓ By whom does the car belong to?
Ans B Explanation Belong to – কারো অধিকারে থাকা।

**28. Which of the following nouns is a collective noun?**
Ⓐ Team Ⓑ Book
Ⓒ Marbles Ⓓ Ships
Ans A Explanation সমষ্টিবাচক noun কে collective noun বলে। যেমন- Team, class, batch, family etc. উল্লেখ্য, collective noun যদি unity (একক সত্তা) নির্দেশ করে তাহলে পরবর্তী verb টি singular হয়। Disunity (অনৈক্য) নির্দেশ করলে verb plural হয়।
যেমন : The committee is unanimous in its decision (unity).
The committee are divided in various opinions (disunity).

## হিসাববিজ্ঞান

**29. নিচের কোনটি মুনাফাজাতীয় ব্যয়?**
Ⓐ মেশিনের ক্রয়মূল্য। Ⓑ মেশিনের বিমা খরচ।
Ⓒ মেশিনের আমদানি শুল্ক। Ⓓ মেশিনের সংস্থাপন ব্যয়।
Ans B Solve যে ব্যয় বছরে বার বার সংঘটিত হয়, ব্যবসা দৈনন্দিন পরিচালনার জন্য যে ব্যয় সংঘটিত হয় তাকে মুনাফাজাতীয় ব্যয় বলে। যেমন : বেতন, মজুরি, বিমা, ভাড়া, বিদ্যুৎ বিল, কমিশন প্রদান, মনিহারি ব্যয় ইত্যাদি।

**30. একটি কোম্পানির সমাপনী মজুতপণ্য ও অগ্রিম প্রদানের মোট মূল্য ২৫,০০০ টাকা এবং এই মূল্যের সাতগুণ ত্বরিত সম্পত্তি। যদি ত্বরিত অনুপাত ৭ : ৬ হয়, তবে চলতি অনুপাত কত?**
Ⓐ ৩:২ Ⓑ ৪:৩
Ⓒ ৫:২ Ⓓ ২:১
Ans B Solve ত্বরিত সম্পত্তি = (২৫,০০০ × ৭) = ১,৭৫,০০০ টাকা
চলতি সম্পত্তি = (ত্বরিত সম্পত্তি + সমাপনী মজুত ও অগ্রিম প্রদান)
= (১,৭৫,০০০ + ২৫,০০০) = ২,০০,০০০ টাকা।

$$\text{ত্বরিত অনুপাত} = \frac{\text{ত্বরিত সম্পত্তি}}{\text{ত্বরিত দায়}} \Rightarrow \frac{৭}{৬} = \frac{১,৭৫,০০০}{\text{ত্বরিত দায়}}$$

$$\therefore \text{ত্বরিত দায়} = \frac{১,৭৫,০০০ \times ৬}{৭} = ১,৫০,০০০ \text{ (চলতি দায়)}$$

$$\therefore \text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পত্তি}}{\text{চলতি দায়}} = \frac{২,০০,০০০}{১,৫০,০০০} = ৪ : ৩।$$

**31. মজুতপণ্য নিঃশেষিত হলে তা —— হয়ে যায়।**
Ⓐ বিক্রয় ব্যয় Ⓑ পরিচালন ব্যয়
Ⓒ আর্থিক ব্যয় Ⓓ বিক্রীত পণ্যের ব্যয়
Ans D Solve মজুতপণ্য নিঃশেষিত হলে তা বিক্রীত পণ্যের ব্যয় হয় এবং মজুতপণ্য অনিঃশেষিত হলে তাকে সমাপনী মজুত বলে। সমাপনী মজুতপণ্য একটি চলতি সম্পদ। তাই আর্থিক অবস্থা বিবরণীর সম্পত্তি পাশে যাবে।

**32. একটি কোম্পানির আয় বিবরণী থেকে নিম্নলিখিত তথ্য নেয়া হয়েছে: বিক্রয় ৬৪,২০,০০০ টাকা; প্রারম্ভিক মজুত ৯,৮০,০০০ টাকা; ক্রয় ৪৫,৪০,০০০ টাকা; বছরের শেষে মজুত ১০,২০,০০০ টাকা। মজুত আবর্তন হার কত?**
Ⓐ ৪.৫ Ⓑ ৬.২৯
Ⓒ ৪.৪১ Ⓓ ৬.৪২
Ans A Solve

$$\text{মজুত আবর্তন হার} = \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুত}}$$

$$= \frac{৪৫,০০,০০০}{১০,০০,০০০} = ৪.৫ \text{ বার।}$$

বিক্রীত পণ্যের ব্যয় = (প্রারম্ভিক মজুত + নিট ক্রয় – সমাপনী মজুত)
= (৯,৮০,০০০ + ৪৫,৪০,০০০ – ১০,২০,০০০)
= ৪৫,০০,০০০ টাকা।

$$\text{গড় মজুত} = \left(\frac{\text{প্রারম্ভিক মজুত + সমাপনী মজুত}}{২}\right)$$

$$= \left(\frac{৯,৮০,০০০ + ১০,২০,০০০}{২}\right) = ১০,০০,০০০ \text{ টাকা।}$$

**33. অবচয়-এর কোন পদ্ধতি প্রথম বছরগুলোতে সর্বনিম্ন মুনাফা দেখাবে?**

Ⓐ সরল রৈখিক পদ্ধতি Ⓑ ক্রমহ্রাসমান পদ্ধতি
Ⓒ দ্বৈত-ক্রমহ্রাসমান পদ্ধতি Ⓓ পুঞ্জীভূত অবচয়

**C Solve** দ্বৈত-ক্রমহ্রাসমান পদ্ধতিতে অবচয় নির্ণয় করলে প্রথম বছরগুলোতে অবচয়ের পরিমাণ বেশি হবে। ব্যবসায় অবচয় একটি ব্যয় বা ক্ষতি তাই, মুনাফা কম দেখাবে। অবচয়ের পরিমাণ পরবর্তী বছরগুলোতে ক্রমান্বয়ে কমতে থাকে।

**34. নিচের কোন এন্ট্রির জন্য রেওয়ামিল অমিল হবে?**

Ⓐ একটি সঠিক জার্নাল এন্ট্রি দুবার রেকর্ড করলে
Ⓑ ধারে সাপ্লাইজ ক্রয় করে সাপ্লাইজকে ডেবিট এবং নগদকে ক্রেডিট করলে
Ⓒ মালিক কর্তৃক ১০০ টাকা উত্তোলন করে উত্তোলনকে ১,০০০ টাকা ডেবিট এবং নগদকে ১০০ টাকা ক্রেডিট করলে
Ⓓ একটি ৪৫০ টাকার প্রদেয় হিসাব পরিশোধ করে প্রদেয় হিসাবকে ৪৫ টাকা ডেবিট এবং নগদকে ৪৫ টাকা দিয়ে ক্রেডিট করলে।

**C Solve** option গুলোর মধ্যে option- C তে মালিক কর্তৃক ১০০ টাকা উত্তোলন করে, উত্তোলনকে ১,০০০ টাকা দ্বারা ডেবিট করলে এবং নগদকে ১০০ টাকা দ্বারা ক্রেডিট করলে ডেবিট পাশে (১,০০০ – ১০০) = ৯০০ টাকা বেশি লেখা হয়েছে। তাই রেওয়ামিল অমিল হবে।

**35. যন্ত্রপাতির মেরামত ব্যয় মেশিনারি হিসাবে ডেবিট করা হয়েছে। ভুল সংশোধনের জন্য জাবেদা হবে —।**

Ⓐ মেশিনারি ডেবিট, মেরামত ক্রেডিট
Ⓑ মেরামত ডেবিট, মেশিনারি ক্রেডিট
Ⓒ মেরামত ডেবিট, নগদ ক্রেডিট
Ⓓ মেশিনারি ডেবিট, নগদ ক্রেডিট

**B Solve** যন্ত্রপাতির মেরামত ব্যয় মেশিনারি হিসাবে ডেবিট করা হলে এখানে নীতিগত ভুল হয়েছে। কারণ মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয়ে লেখা হয়েছে। তাই সঠিক জাবেদা হবে-
মেরামত হিসাব- ডেবিট
এবং মেশিনারি হিসাব - ক্রেডিট

**36. মূল্যস্ফীতির সময় মজুতপণ্য মূল্যায়নের কোন পদ্ধতিতে কর এড়ানোর সুযোগ বেশি থাকে?**

Ⓐ ফিফো Ⓑ লিফো
Ⓒ ভার আরোপিত গড় Ⓓ সুনির্দিষ্ট চিহ্নিতকরণ

**B Solve** মূল্যস্ফীতির সময় মজুতপণ্য মূল্যায়নের LIFO পদ্ধতিতে কর এড়ানোর সুযোগ বেশি থাকে। কারণ এই পদ্ধতিতে নিট আয়কে অধিক দেখানো হতে বিরত রাখে এবং সমাপনী মজুতপণ্যকে কম মূল্যে প্রদর্শন করে। LIFO = Last In First Out.

**37. একটি কোম্পানির প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০ টাকা ও বর্তমান বাজার মূল্য ২৫ টাকা। কোম্পানিটির শেয়ার প্রতি আয় ও শেয়ার প্রতি লভ্যাংশ যথাক্রমে ২ টাকা ও ০.৫০ টাকা হলে মূল্য-আয় অনুপাত কত হবে?**

Ⓐ ৫ Ⓑ ১২.৫
Ⓒ ২৫ Ⓓ ৫০

**B Solve** প্রাইস আর্নিং রেশিও $= \frac{\text{শেয়ারের বাজার মূল্য}}{\text{শেয়ার প্রতি আয়}}$

$= \frac{২৫}{২} = ১২.৫$ টাকা।

**38. স্টক ডিভিডেন্ড দেওয়ার ফলে —।**

Ⓐ মোট সম্পদ বৃদ্ধি পায়
Ⓑ মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
Ⓒ মালিকানাস্বত্ব হ্রাস পায়
Ⓓ মালিকানাস্বত্বের কোনো পরিবর্তন হয় না

**D Solve** নিট লাভের যে অংশ শেয়ারহোল্ডারের মধ্যে বণ্টন করা হয় তাকে লভ্যাংশ বলে। লভ্যাংশ ২ ভাবে দেওয়া যায়, (i) নগদ লভ্যাংশ (ii) স্টক লভ্যাংশ। Stock dividend দেওয়ার ফলে মালিকানাস্বত্বের কোনো পরিবর্তন হয় না। কারণ শেয়ারের সংখ্যা বৃদ্ধি পায়। শেয়ারমূল্য হ্রাস পায় এবং মূলধন অপরিবর্তিত থাকে।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

**39. বন থেকে কাঠ সংগ্রহ কোন ধরনের শিল্প?**

Ⓐ প্রজনন শিল্প Ⓑ নিষ্কাশন শিল্প
Ⓒ প্রক্রিয়াভিত্তিক শিল্প Ⓓ উৎপাদন শিল্প

**B Solve** যে শিল্প প্রচেষ্টার মাধ্যমে প্রকৃতি প্রদত্ত সম্পদ আহরণ বা সংগ্রহ করা হয় তাকে নিষ্কাশন শিল্প বলে। যেমন : ভূগর্ভ হতে খনিজ সম্পদ সংগ্রহ, সমুদ্র বা নদ-নদী হতে মাছ ও জলজ সম্পদ সংগ্রহ, বন হতে কাঠ বা অন্যান্য বনজ সম্পদ সংগ্রহ ইত্যাদি।

**40. কোন ধরনের নেতৃত্বে কর্মীর মতামতকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়?**

Ⓐ পিতৃত্বসুলভ নেতৃত্ব Ⓑ স্বৈরতান্ত্রিক নেতৃত্ব
Ⓒ আমলাতান্ত্রিক নেতৃত্ব Ⓓ গণতান্ত্রিক নেতৃত্ব

**D Solve** গণতান্ত্রিক নেতৃত্ব কর্মীদের মতামতকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়। এ নেতৃত্ব একটি বিকেন্দ্রীকরণ পদ্ধতি যেখানে কর্মীদের সাথে আলাপ-আলোচনা করে তাদের মতামত নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এতে কর্মী সন্তুষ্ট থাকে। একে অংশগ্রহণমূলক নেতৃত্বও বলা হয়।

**41. ব্যবসায় পরিচালনার জন্য দুই বা ততোধিক ব্যবসায় প্রতিষ্ঠান একত্র হয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠানে পরিণত হলে — বলা হয়।**

Ⓐ অংশীদারি ব্যবসায় Ⓑ যৌথ উদ্যোগ
Ⓒ সংবিলিয়ন Ⓓ অধিগ্রহণ

**B Solve** ব্যবসায় পরিচালনার জন্য দুই বা ততোধিক ব্যবসায় প্রতিষ্ঠান একত্র হয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠানে পরিণত হলে তাকে যৌথ উদ্যোগ বলা হয়। অংশীদারি ব্যবসায় গঠিত হয় দুই বা ততোধিক (২ থেকে ২০ জন) সদস্য নিয়ে চুক্তি ভিত্তিতে।

**42. দ্রব্য ও কার্যভিত্তিক বিভাগীয়করণের মিশ্রণে কোন ধরনের সংগঠন কাঠামো গড়ে ওঠে?**

Ⓐ সরলরৈখিক Ⓑ কার্যভিত্তিক
Ⓒ কমিটি Ⓓ ম্যাট্রিক্স

**D Solve** কার্যভিত্তিক ও দ্রব্যভিত্তিক বা প্রকল্পভিত্তিক বিভাগীয়করণের মাধ্যমে গঠিত হয় ম্যাট্রিক্স সংগঠন। কার্যভিত্তিক সংগঠন কাঠামোতে বিশেষজ্ঞ কর্মী নির্বাহী এবং প্রকল্পভিত্তিক সংগঠন কাঠামোতে সরলরৈখিক নির্বাহী কর্মী নিয়োজিত থাকে। ম্যাট্রিক্স সংগঠন প্রচলন শুরু হয় ১৯৬০ সালে।

**43. নিচের কোনটিকে ব্যবস্থাপনার প্রাথমিক কাজ বলা হয়?**

Ⓐ নিয়ন্ত্রণ Ⓑ সংগঠন Ⓒ পরিকল্পনা Ⓓ কর্মী নিয়োগ

**C Solve** ব্যবস্থাপনার কার্যাবলিসমূহ হলো পূর্বানুমান বা পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ। ব্যবস্থাপনার প্রথম কাজ হলো পরিকল্পনা এবং শেষ কাজ হলো নিয়ন্ত্রণ।

**44. নিচের কোনটি সাংগঠনিক সম্পর্ক নির্দেশ করে?**

Ⓐ বাজেট Ⓑ সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা
Ⓒ নিয়ন্ত্রণ ক্ষমতা Ⓓ সাংগঠনিক চার্ট

**D Solve** সংগঠন কাঠামো বা সাংগঠনিক চার্ট হলো প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন বিভাগ, উপবিভাগ ও কর্মীবৃন্দের পারস্পরিক সম্পর্কের একটি কাঠামো বা চার্ট। সংগঠন কাঠামোকে যখন একটি চিত্রে উপস্থাপন করা হয় তখন ঐ চিত্রকে সংগঠন চার্ট বলে। এটি পিরামিড আকৃতির হয়।

**45. কোন দক্ষতাটি সকল প্রকার ব্যবস্থাপকের জন্য সমানভাবে প্রয়োজন?**

Ⓐ কারিগরি Ⓑ সময় ব্যবস্থাপনা
Ⓒ ধারণাগত Ⓓ মানব সম্পর্ক

**D Solve** প্রতিষ্ঠানের সকল ব্যবস্থাপকদের জন্য যে দক্ষতাটি সমানভাবে প্রয়োজন তা হলো মানব সম্পর্ক। ব্যবস্থাপকদের বিভিন্ন ধরনের দক্ষতা যেমন : কারিগরি দক্ষতা, আন্তঃব্যক্তিক বা মানব সম্পর্ক দক্ষতা, ধারণাগত দক্ষতা, সমস্যা অনুধাবনের দক্ষতা, সময় ব্যবস্থাপনার দক্ষতা ইত্যাদি।

**46. "দশের লাঠি একের বোঝা" বলতে নিচের কোনটিকে বোঝায়?**

Ⓐ কার্য বিভাজন Ⓑ নেতৃত্ব
Ⓒ এসপ্রিট ডি করপস্ Ⓓ প্রেষণা

**C Solve** হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার শেষ মূলনীতি হলো Esprit de corps যার অর্থ হলো একতাই বল। এখানে উদ্দেশ্য অর্জনে সকল উর্ধ্বতন ও অধস্তন ঐক্যবদ্ধ হয়ে কাজ করে। এই নীতিতে "দশের লাঠি একের বোঝা" ইঙ্গিত করা হয়েছে।

**47. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা নিচের কোনটির উপর আলোকপাত করেছে?**

Ⓐ দলীয় স্বার্থ Ⓑ ব্যক্তির উৎপাদনশীলতা বৃদ্ধি
Ⓒ শ্রম বিভাজন Ⓓ নেতৃত্ব

**C Solve** বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক F.W. Taylor ব্যবস্থাপনার ক্ষেত্রে শ্রম বিভাজন বা Division of Labour নিয়ে আলোকপাত করেছেন এবং আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরি ফেয়ল ব্যবস্থাপনার ক্ষেত্রে কার্যবিভাজন বা Division of work সম্পর্কে আলোকপাত করেছেন।

**48. অংশীদারি ব্যবসায়ে একজন নাবালক নিচের কোনটিতে বিনিয়োগ করতে পারে?**

Ⓐ শ্রম Ⓑ সুনাম
Ⓒ মূলধন Ⓓ অভিজ্ঞতা

**C Solve** নাবালক অংশীদারি ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে এবং লাভে অংশগ্রহণ করতে পারে। নাবালক অংশীদার চুক্তি করতে পারবে না ১৮৭২ সালের চুক্তি আইনের ১১ ধারা অনুযায়ী। এরা ব্যবসায়ে পরিচালনায় অংশগ্রহণ করতে পারবে না।

**49. পাবলিক লিমিটেড কোম্পানির ন্যূনতম চাঁদা কখন সংগ্রহ করা আবশ্যক?**

Ⓐ শেয়ার বণ্টনের পর
Ⓑ কার্যারম্ভের অনুমতিপত্র পাবার পূর্বে
Ⓒ উৎপাদন শুরুর পর
Ⓓ কার্যারম্ভের অনুমতিপত্র পাবার পরে

**B Solve** পাবলিক লিমিটেড কোম্পানি কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ ও শেয়ার বিলির পূর্বে ন্যূনতম চাঁদা বা ন্যূনতম মূলধন বাধ্যতামূলকভাবে সংগ্রহ করার প্রয়োজন পরে। এ ন্যূনতম চাঁদার কথা ১৯৯৪ সালের কোম্পানি আইনের ১৪৮ (৮) ধারায় বলা হয়েছে।

**50. যে সম্পদ অন্য সব সম্পদকে কার্যকর করে তোলে তা হচ্ছে—**

Ⓐ ভূমি Ⓑ অর্থ Ⓒ মানব সম্পদ Ⓓ প্রযুক্তি

**C Solve** যে সব সম্পদ অন্যান্য সম্পদকে কার্যকর করে তাকে মানব সম্পদ বলে। প্রতিষ্ঠানে নানাবিধ সম্পদ যেমন : ভূমি, শ্রম বা মানব সম্পদ, অর্থ, যন্ত্রপাতি ও প্রযুক্তি। মানব সম্পদ ছাড়া সব সম্পদই ব্যর্থ।

**51. সীমিত অংশীদারি আইন কত সালে প্রণয়ন করা হয়?**

Ⓐ ১৬০৭ Ⓑ ১৮০৯ Ⓒ ১৯১৮ Ⓓ ১৯০৭

**D Solve** সীমিত অংশীদারি আইন ১৯০৭ সালের। অংশীদারি আইন ১৯৩২ সালের। ব্রিটিশ অংশীদারি আইন ১৮৯০ সালের। চুক্তি আইন ১৮৭২ সালের। ইংল্যান্ডে প্রথম অংশীদারি আইন পাশ হয় ১৮৩০ সালে।

**52. লিমিটেড কোম্পানির কোন বিষয়টি লিমিটেড?**

Ⓐ পরিচালকের সংখ্যা Ⓑ শেয়ারহোল্ডারদের দায়
Ⓒ শেয়ার সংখ্যা Ⓓ শেয়ারহোল্ডারদের সংখ্যা

**B Solve** লিমিটেড কোম্পানি দ্বারা শেয়ারহোল্ডারদের দায়কে বোঝায়। প্রাইভেট লিমিটেড কোম্পানির নামের শেষে (Pvt) Ltd, ওলন্দাজ কোম্পানি Ltd এর পরিবর্তে Nv, জার্মানি, আফ্রিকা ও সুইজারল্যান্ড Ltd পরিবর্তে AG, ব্রিটেনে Ltd পরিবর্তে PLC ব্যবহার করা হয়।

**53. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কাজ হচ্ছে ——।**

Ⓐ ঋণ নিয়ন্ত্রণ Ⓑ ব্যাংকিং ব্যবস্থা নিয়ন্ত্রণ
Ⓒ মুদ্রাবাজার নিয়ন্ত্রণ Ⓓ মূলধন বাজার নিয়ন্ত্রণ

**D Solve** বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কাজ মূলধন বাজার নিয়ন্ত্রণ করা। BSEC এর অধীনে দুটি শেয়ার বাজার আছে। যথা- (i) Dhaka Stock Exchange (DSE) এবং Chattagram Stock Exchange (CSE)। ক্যাপিটাল ইস্যু আইন হয় ১৯৪৭ সালে।

**54. প্রশিক্ষণ কর্মীদের কী ধরনের দক্ষতা বৃদ্ধি করে?**

Ⓐ মৌলিক জ্ঞান Ⓑ সার্বিক জ্ঞান
Ⓒ কর্ম-সংক্রান্ত জ্ঞান Ⓓ লেখার দক্ষতা

**C Solve** প্রশিক্ষণ হলো প্রতিষ্ঠানের লক্ষ্যার্জনের জন্য নির্ধারিত কাজকে কর্মীদের হাতে কলমে শিখিয়ে দেওয়া। এর মাধ্যমে কর্মীরা কর্ম সংক্রান্ত জ্ঞান অর্জন করে। এর মাধ্যমে কর্মীর দক্ষতা বৃদ্ধি পায় ও সম্পদের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করা হয়।

**55. নিচের কোনটি একার্থক পরিকল্পনার উদাহরণ?**

Ⓐ নীতি Ⓑ কার্য প্রক্রিয়া
Ⓒ কার্য পদ্ধতি Ⓓ প্রকল্প

**D Solve** যে পরিকল্পনা একটি নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য প্রণয়ন হয় তাকে একার্থক পরিকল্পনা বলে। যেমন : কর্মসূচি, প্রকল্প ও বিশদ পরিকল্পনা।

স্থায়ী পরিকল্পনা হলো নীতি, প্রক্রিয়া, পদ্ধতি, কৌশল ও রীতি ইত্যাদি।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

**56. উৎপাদন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**

Ⓐ রূপগত Ⓑ সময়গত
Ⓒ স্থানগত Ⓓ স্বত্বগত

**A Solve** উৎপাদনের মাধ্যমে রূপগত উপযোগ সৃষ্টি হয়। গুদামজাতকরণের মাধ্যমে সময়গত উপযোগ, পরিবহণের মাধ্যমে স্থানগত উপযোগ ও ক্রয়-বিক্রয়ের মাধ্যমে স্বত্বগত উপযোগ সৃষ্টি হয়।

**57. নিচের কোনটি লোভনীয় পণ্যের বৈশিষ্ট্য প্রকাশ করে?**

Ⓐ ব্র্যান্ড আনুগত্য Ⓑ তাৎক্ষণিক ক্রয় সিদ্ধান্ত
Ⓒ উচ্চ মূল্য Ⓓ অত্যধিক প্রয়োজনীয়

**B Solve** যেসব পণ্য ক্রেতারা মুহূর্তের দেখায় বিশেষ চিন্তা-ভাবনা না করে আবেগের বশে ক্রয় করে তাই লোভনীয় পণ্য। যেমন : আইসক্রিম, চটপটি, বাদাম, বেলুন, খেলনা ইত্যাদি। এর প্রধান বৈশিষ্ট্য হলো ক্রেতারা তাৎক্ষণিকভাবে এ পণ্য ক্রয় করে।

**58. নিচের কোন উপযোগটি বিপণন সৃষ্টি করে না?**

Ⓐ সময়গত Ⓑ স্থানগত Ⓒ বস্তুগত Ⓓ স্বত্বগত

**C Solve** গুদামজাতকরণ- সময়গত, পরিবহণ- স্থানগত, ক্রয়-বিক্রয়- স্বত্বগত, উৎপাদন- রূপগত, প্রমিতকরণ- মানগত, ব্যাংক-বিমা- অর্থগত ইত্যাদি উপযোগ বিপণন সৃষ্টি করে। কিন্তু বস্তুগত উপযোগ বিপণন সৃষ্টি করে না।

**59. কোনটি ভোগ্য পণ্যের শ্রেণিভুক্ত নয়?**

Ⓐ সুবিধাজনক পণ্য Ⓑ শপিং পণ্য
Ⓒ অযাচিত পণ্য Ⓓ কৃষি পণ্য

**D Solve** ভোগ্য পণ্যের শ্রেণিভুক্ত :




**60. নিচের কোনটি ক্রেতার সাথে দীর্ঘমেয়াদি সম্পর্ক তৈরিতে মুখ্য ভূমিকা পালন করে?**

Ⓐ প্রয়োজন অনুধাবন Ⓑ বিজ্ঞাপন
Ⓒ ক্রেতার সন্তুষ্টি Ⓓ পণ্যের নিম্ন মূল্য

**C Solve** ক্রেতার সাথে দীর্ঘমেয়াদি সম্পর্ক তৈরিতে মুখ্য ভূমিকা পালন করে ক্রেতার সন্তুষ্টি। পণ্যের কার্যকারিতা সম্পর্কে ক্রেতার উপলব্ধির ভিত্তিতে গড়ে ওঠা প্রত্যাশা ও অপ্রাপ্তির অনুভূতির স্তরই হলো ক্রেতা সন্তুষ্টি।

**61. ওয়ারেন্টি, গ্যারান্টি ইত্যাদি নিম্নোক্ত কোনটির অন্তর্ভুক্ত?**

Ⓐ বিজ্ঞাপন Ⓑ বিক্রয়
Ⓒ মোড়ককিকরণ Ⓓ বিক্রয়োত্তর সেবা

**D Solve** ওয়ারেন্টি, গ্যারান্টি ইত্যাদি বিক্রয়োত্তর সেবা। পণ্য বিক্রয়ের শর্ত অনুযায়ী পণ্যটি বিক্রয়ের পরে যদি কোনো ধরনের পণ্যটির সুবিধা পাওয়া না যায় তাহলে এই বিক্রয়োত্তর সেবার মাধ্যমে পণ্যকে ব্যবহার উপযোগী করা হয়।

**62. যেসব পণ্য পূর্ব-পরিকল্পনা অনুযায়ী ভোক্তাগণ ক্রয় করে, সেগুলোকে —— বলা হয়।**

Ⓐ লোভনীয় পণ্য Ⓑ সুবিধাজনক পণ্য
Ⓒ শপিং পণ্য Ⓓ অযাচিত পণ্য

**C Solve** যেসব পণ্য ক্রেতারা পূর্ব পরিকল্পনা অনুসারে বিভিন্ন দোকানে ঘুরে ক্রয় করে সেগুলোকে শপিং পণ্য বলে। যেমন : দামি আসবাবপত্র, গহনা, শাড়ি, গিফট্ সামগ্রী, নতুন মডেলের মোবাইল, কম্পিউটার, টেলিভিশন, ফ্রিজ, এসি ইত্যাদি।

**63. বিপণন ব্যবস্থাপনার পণ্য মতবাদে প্রধানত গুরুত্ব আরোপ করা হয় —— এর উপর।**

Ⓐ পণ্যের প্রসার Ⓑ পণ্যের মূল্য
Ⓒ পণ্যের বণ্টন Ⓓ পণ্যের গুণমান

**D Solve** বিপণন ব্যবস্থার পণ্য মতবাদের মূল কথা হলো ভোক্তারা সাধারণত বৈশিষ্ট্যপূর্ণ, গুণমান সম্পন্ন, উন্নতমানের পণ্য অধিক পছন্দ করে। এ মতবাদে ভোক্তাগণের Most quality এবং মান উন্নয়নের পণ্যের প্রতি জোর দেওয়া হয়। এখানে পণ্যের মান উন্নয়নের অধিক গুরুত্ব দেওয়া হয়।

**64. নিচের কোনটি বিপণনের মৌলিক ধারণা সম্পর্কিত নয়?**

Ⓐ বিনিময় Ⓑ বাজার
Ⓒ জব রোটেশন Ⓓ চাহিদা

**C Solve** বিপণনের মৌলিক ধারণাসমূহ হলো-
(i) প্রয়োজন, অভাব ও চাহিদা।
(ii) বাজারজাতকরণ অর্পণ- পণ্য, সেবা ও অভিজ্ঞতা।
(iii) বিনিময়, লেনদেন ও সম্পর্ক।
(iv) বাজার।
(v) ভ্যালু ও সন্তুষ্টি।

**65. পণ্যের জীবন চক্রের কোন স্তরে পণ্য বিক্রয় করা সম্ভব নয়?**

Ⓐ পতন Ⓑ প্রবৃদ্ধি
Ⓒ পূর্ণতা Ⓓ পণ্য উন্নয়ন

**D Solve** পণ্যের জীবন চক্রের স্তর ৫টি। যথা : (i) পণ্য উন্নয়ন (ii) সূচনা (iii) প্রবৃদ্ধি (iv) পূর্ণতা (v) পতন। পণ্যের জীবন চক্রের পণ্য উন্নয়ন স্তরে পণ্য বিক্রয় করা সম্ভব হয় না। এ স্তরে খরচ সর্বোচ্চ হয়, বিক্রয় শূন্য হয় ফলে মুনাফা আসে না।

**66. যেসব পণ্য পূর্ব-পরিকল্পনা ছাড়াই দেখামাত্র ভোক্তাগণ ক্রয় করে সেগুলোকে — বলা হয়।**

Ⓐ জরুরি পণ্য Ⓑ শপিং পণ্য
Ⓒ সুবিধাজনক পণ্য Ⓓ লোভনীয় পণ্য

**D Solve** যেসব পণ্য পূর্ব-পরিকল্পনা ছাড়াই দেখামাত্র ভোক্তাগণ ক্রয় করে সেগুলোকে লোভনীয় পণ্য বলে। লোভনীয় পণ্য যেমন : আইসক্রিম, বাদাম, চটপটি, খেলনা, বেলুন ইত্যাদি।

**67. কোন মূল্য নির্ধারণ পদ্ধতিতে সর্বাধিক বাজার শেয়ার দখল করার উদ্দেশ্য থাকে?**

Ⓐ বাজার অনুপ্রবেশ Ⓑ মার্কেট স্কিমিং
Ⓒ বাজার স্থিতিশীলতা Ⓓ ব্রেক ইভেন **Ans Ⓐ**

**68. কোনটি ভোক্তার নতুন পণ্য গ্রহণ প্রক্রিয়ার ধাপ নয়?**

Ⓐ অবগত হওয়া Ⓑ আগ্রহ
Ⓒ মূল্যায়ন Ⓓ সংস্কৃতি

**D Solve** ক্রেতা বা ভোক্তার নতুন পণ্যগ্রহণ প্রক্রিয়ার ধাপ হলো-

অবগতি → আগ্রহ → মূল্যায়ন → যাচাইকরণ → গ্রহণ

নতুন পণ্য গ্রহণ প্রক্রিয়ার প্রথম ধাপ অবগতি এবং শেষ ধাপ গ্রহণ। অন্যদিকে সংস্কৃতি নতুন পণ্য গ্রহণ প্রক্রিয়ার কোনো ধাপ নয়।

**69. নিচের কোনটি জনসংখ্যা বিষয়ক বিভক্তিকরণের উপাদান নয়?**

Ⓐ বয়স Ⓑ পেশা
Ⓒ শিক্ষা Ⓓ জীবনধাঁচ

**D Solve** ভোক্তাবাজার বিভক্তিকরণের জনসংখ্যা বিষয়ক বিভক্তিকরণ হলো- বয়স, লিঙ্গ, পরিবারের আয়তন, আয়, পেশা, শিক্ষা, ধর্ম, বর্ণ, প্রজন্ম, জাতীয়তা ইত্যাদি। অন্যদিকে জীবনধাঁচ মনস্তাত্ত্বিক বিভক্তিকরণ।

**70. বিপণন ক্রেতাদের জন্য নিচের কোনটি সৃষ্টি করে?**
Ⓐ বিজ্ঞাপন Ⓑ স্থানীয় চাহিদা Ⓒ বাজার তথ্য Ⓓ ভ্যালু

**D Solve** বিপণন ক্রেতাদের জন্য ভ্যালু (value) সৃষ্টি করে। একটি পণ্য ব্যবহার করে যেসব সুবিধা পাওয়া যায় এবং তার ক্রয় করতে যে পরিমাণ মূল্য প্রদান করতে হয় তার পার্থক্যকে ক্রেতা ভ্যালু বলে।

**71. নিচের কোনটি অর্থায়নের উদ্দেশ্য নয়?**
Ⓐ মুনাফা সর্বাধিকরণ Ⓑ আয় সর্বাধিকরণ
Ⓒ উপযোগ সর্বাধিকরণ Ⓓ সম্পদ সর্বাধিকরণ

**C Solve** একটি ফার্মের অর্থায়নের প্রধান উদ্দেশ্য বা লক্ষ্য হলো সম্পদ সর্বাধিকরণ ও মুনাফা সর্বাধিকরণ। মুনাফা সর্বাধিকরণই হলো ব্যবসায়ের আয় সর্বাধিকরণ। কিন্তু উপযোগ সর্বাধিকরণ ফার্মের অর্থায়নের উদ্দেশ্য নয়।

**72. নিচের কোনটি ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস?**
Ⓐ শেয়ার Ⓑ ডিবেঞ্চার
Ⓒ বন্ড Ⓓ বকেয়া দায়সমূহ

**A Solve** ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হলো : শেয়ার, মালিকের তহবিল থেকে, সংরক্ষিত মুনাফা, সম্পদ বিক্রয়, অবচয় তহবিল, ক্ষতিপূরণ তহবিল ইত্যাদি।

**73. নিচের আর্থিক সম্পদসমূহের মধ্যে কোনটি কম ঝুঁকি থেকে অধিক ঝুঁকির ক্রমধারার তালিকা?**
Ⓐ অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার, বন্ড
Ⓑ বন্ড, সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার
Ⓒ সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার, বন্ড
Ⓓ বন্ড, অগ্রাধিকার শেয়ার, সাধারণ শেয়ার

**D Solve** ব্যবসায়ের আর্থিক সম্পদসমূহের মধ্যে ঝুঁকির বিবেচনায় সবচেয়ে কম ঝুঁকি হলো বন্ডে কারণ এদের জামানত থাকে। বন্ডের পরে ধারাবাহিকভাবে অগ্রাধিকার শেয়ার এবং শেষে সাধারণ শেয়ার। অর্থাৎ ক্রমধারাটি হলো- বন্ড → অগ্রাধিকার শেয়ার → সাধারণ শেয়ার।

**74. নিচের কোনটির ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না?**
Ⓐ সাধারণ অ্যানুইটি Ⓑ ডিউ অ্যানুইটি
Ⓒ চিরস্থায়ী বৃত্তি Ⓓ অসমান নগদ প্রবাহ

**C Solve** চিরস্থায়ী বৃত্তির শুধু বর্তমান মূল্য নির্ণয় করা যায়। কিন্তু ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না।

**75. যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ বাট্টার হারকে কী বলা হয়?**
Ⓐ আন্তঃআয় হার Ⓑ গড় মুনাফার হার
Ⓒ ব্যাংক হার Ⓓ নামিক ঝুঁকিমুক্ত হার

**A Solve** যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ হারকে আন্তঃআয় হার (IRR) বলে। এ পদ্ধতিতে সকল নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের বর্তমান মূল্য সমান হবে। IRR এর ক্ষেত্রে Trial and Error পদ্ধতি ব্যবহৃত হয়।

**76. নিচের কোনটির জন্য ব্যবসায়িক ঝুঁকির উদ্ভব হয়?**
Ⓐ সংরক্ষিত মুনাফা হ্রাস পেলে
Ⓑ ব্যবসায়ের পরিবর্তনশীল ব্যয় বৃদ্ধি পেলে
Ⓒ পণ্যের চাহিদা হ্রাস পেলে
Ⓓ ব্যবসায়ে ঋণ-মূলধন বৃদ্ধি পেলে

**C Solve** বিক্রয়ের পরিমাণ পরিবর্তন, চাহিদার পরিবর্তন, বিক্রয়মূল্যের পরিবর্তন, পরিচালন খরচ, পরিশোধের অক্ষমতা ইত্যাদি ব্যবসায়িক ঝুঁকির উদাহরণ।

**77. দ্বৈত বিমা ধারণাটি প্রয়োগের প্রযোজ্য ক্ষেত্র —**
Ⓐ নৌবিমা Ⓑ অগ্নিবিমা
Ⓒ শস্যবিমা Ⓓ জীবনবিমা

**D Solve** দ্বৈত বিমা ধারণার প্রয়োগের উপযুক্ত ক্ষেত্র হলো জীবন-বিমায়। একে যুগ্মবিমাও বলা হয়। এক্ষেত্রে বিমাগ্রহীতা একাধিক বিমা কোম্পানির সাথে সম্পর্ক স্থাপন করে। দ্বৈত বিমায় একপক্ষে ব্যক্তি বা প্রতিষ্ঠান এবং অপরপক্ষে একাধিক বিমা কোম্পানি থাকে।

**78. নিচের কোন পদ্ধতির বিমায় বিমাগ্রহীতা ও বিমাকারী উভয়ই বিমা কোম্পানি?**
Ⓐ সহ-বিমা Ⓑ পুনঃবিমা
Ⓒ যুগ্মবিমা Ⓓ গোষ্ঠীবিমা

**B Solve** পুনঃবিমা পদ্ধতিতে বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই বিমা কোম্পানি। পুনঃবিমায় একজন বিমাকারী তার ঝুঁকির অংশবিশেষ আরেক বিমাকারীর কাছে হস্তান্তর করে। এক্ষেত্রে উভয়ই বিমা প্রতিষ্ঠান। এটি সাধারণ বিমায় বেশি ব্যবহৃত হয়।

**79. নিচের কোনটি জীবনবিমার ক্ষেত্রে প্রযোজ্য নয়?**
Ⓐ সমর্পণ মূল্য Ⓑ ক্ষতিপূরণের চুক্তি
Ⓒ বিমাযোগ্য স্বার্থ Ⓓ পরম সদ্‌বিশ্বাস

**B Solve** নৌবিমা, অগ্নিবিমা ও অন্যান্য বিমা ক্ষতিপূরণের চুক্তি। কিন্তু জীবনবিমা ক্ষতিপূরণের চুক্তি নয়, এটি নিশ্চয়তার চুক্তি। কারণ মানুষের জীবনের ওপর ক্ষতি পূরণীয় নয়। ক্ষতি হলেও বা না হলেও একটি নির্দিষ্ট মেয়াদ শেষে বিমার দাবি পরিশোধ করতে হয়। তবে জীবনবিমায় বিমাযোগ্য স্বার্থ, সমর্পণ মূল্য, পরম সদবিশ্বাস বিদ্যমান আছে।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

**80. নিচের কোন রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের প্রসঙ্গ আছে?**
Ⓐ বায়ান্নর দিনগুলো Ⓑ জাদুঘরে কেন যাব
Ⓒ জীবন ও বৃক্ষ Ⓓ রেইনকোট

**C Solve** মোতাহের হোসেন চৌধুরীর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে জীবনের তাৎপর্য সম্পর্কে মন্তব্যের কথা বলতে গিয়ে প্রাবন্ধিক কবি রবীন্দ্রনাথের কথা উল্লেখ করেছেন। প্রাবন্ধিক কবিকে তপোবন প্রেমিক রবীন্দ্রনাথ বলে সম্বোধনও করেছেন।

**81. কোনটি সমার্থ শব্দ নয়?**
Ⓐ ছেলে Ⓑ তনয়
Ⓒ তনু Ⓓ নন্দন

**C Solve** প্রদত্ত অপশনগুলোর সমার্থক শব্দ :

| | |
|---|---|
| ছেলে | আত্মজ, পুত্র, তনয়, নন্দন, দুলাল, তনুজ, পুত, স্বজ, দারক। |
| তনু | দেহ, শরীর, অঙ্গ, কায়া, কন্ধ, বপু, গতর, গাত্র, গা। |

**82. 'রাজা উজির মারা' অর্থ কী?**
Ⓐ কাজের কাজ করা Ⓑ ঝামেলা করা
Ⓒ বড় বড় কথা বলা Ⓓ সুযোগের সদ্ব্যবহার করা

**C Solve** কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : রকম ফের (বৈচিত্র্য), রক্তের টান (স্বজনপ্রীতি), রক্ত শোষণ (সর্বস্ব আত্মসাৎ করা), রসাতলে যাওয়া (অধঃপাতে যাওয়া), রক্তগঙ্গা করা (খুন খারাবি করা), রগচটা (অল্পেই রাগ)।

83. 'সম্মার্জনা' শব্দের অর্থ কী?

Ⓐ সংবর্ধনা　Ⓑ ক্ষমা করা
Ⓒ পরিষ্কার করা　Ⓓ বিদ্রুপ করা

**C Solve** কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

| | |
|---|---|
| সম্মার্জিত– পরিষ্কৃত। | সম্মার্জন– পরিষ্কারকরণ, সংশোধন। |
| সম্মার্জক– পরিষ্কারক | অলখ– অলক্ষ/দৃষ্টির অগোচরে। |

84. 'উষ্ণ' শব্দের যুক্তবর্ণটি কোন কোন বর্ণের যোগে গঠিত হয়েছে?

Ⓐ ষ্ + ঞ　Ⓑ ষ্ + ণ
Ⓒ ষ্ + ন　Ⓓ ষ্ + ঙ

**B Solve** কতিপয় গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ বিশ্লেষণ ও গঠিত শব্দ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ত্ম | ত্ + ম | আত্মীয় | ঞ্ছ | ঞ্ + ছ | লাঞ্ছনা |
| ক্ষ | ক্ + ষ | ভিক্ষুক | ঙ্গ | ঙ্ + গ | গঙ্গা |
| হ্ম | হ্ + ম | ব্রাহ্মণ | ন্ম | ন্ + ম | উন্মথিত |
| জ্ঞ | জ্ + ঞ | বিজ্ঞান | ঙ্ক | ঙ্ + ক | শঙ্কা |

85. 'দোকান' কোন ভাষা থেকে আগত শব্দ?

Ⓐ আরবি　Ⓑ ফারসি
Ⓒ পর্তুগিজ　Ⓓ তুর্কি

**B Solve** প্রদত্ত ভাষার কিছু গুরুত্বপূর্ণ শব্দ :

| | |
|---|---|
| আরবি | দালাল, মুসাফির, মুহুরি, খারিজ, তসবি, বাকি, কেচ্ছা। |
| ফারসি | সফেদ, সওদাগর, পাঞ্জেরি, আদমি, নালিশ, দৌলত। |
| পর্তুগিজ | আলমারি, বালতি, গুদাম, আতা, পাদ্রি। |
| তুর্কি | উজবুক, বাবা, কাঁচি, বাবুর্চি, চাকর, চাকু, তোপ। |

86. 'এবার আমরা কেউ পরীক্ষায় ভালো করতে পারিনি।' কোন কালের উদাহরণ?

Ⓐ সাধারণ অতীত　Ⓑ পুরাঘটিত অতীত
Ⓒ পুরাঘটিত বর্তমান　Ⓓ ঘটমান বর্তমান

**C Solve** ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি।

87. 'লোক-লোকান্তর' কবিতায় কবির চেতনারূপ পাখি কোথায় বসে আছে?

Ⓐ পানলতায়　Ⓑ ঝোপের ওপর
Ⓒ চন্দনের ডালে　Ⓓ সুপারি পাতায়

**C Solve** 'লোক-লোকান্তর' কবিতায় কবি আল মাহমুদ তাঁর কাব্যবোধ ও কাব্যচেতনাকে সাদা এক সত্যিকার পাখির প্রতিমায় উপস্থাপন করেছেন। কবির এ চেতনা-পাখি বসে আছে সবুজ অরণ্যের কোনো এক চন্দনের ডালে। এ চন্দন সুগন্ধি কাঠের গাছ। আর এর ফুল ঝাল-মিষ্টি লবঙ্গ। কবির কাব্যসত্তার মধুরতার সঙ্গে চন্দনের সম্পর্ক নিহিত।

88. নিচের কোন শব্দজোড় সমোচ্চারিত নয়?

Ⓐ শাল-সাল　Ⓑ বাধা-বাঁধা
Ⓒ শির-শীল　Ⓓ স্বর্গ-সর্গ

**B Solve** 'বাধা' ও 'বাঁধা' শব্দদুটির উচ্চারণগত পার্থক্য নিরূপিত হয়েছে চন্দ্রবিন্দুর (ঁ) কারণে। বাংলা বর্ণমালায় অন্যতম বর্ণ চন্দ্রবিন্দু (ঁ) প্রকৃতপক্ষে অনুনাসিক ধ্বনির চিহ্ন।

89. 'মহাপৃথিবী' কার রচিত কাব্যগ্রন্থ?

Ⓐ জীবনানন্দ দাশ　Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ কাজী নজরুল ইসলাম　Ⓓ আবু জাফর ওবায়দুল্লাহ

**A Solve** জীবনানন্দ দাশের কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | ঝরা পালক (১৯২৮), ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬), বনলতা সেন (১৯৪২), মহাপৃথিবী (১৯৪৪), রূপসী বাংলা (১৯৫৭)। |
| উপন্যাস | মাল্যবান (১৯৭৩), সুতীর্থ (১৯৭৪)। |
| প্রবন্ধগ্রন্থ | কবিতার কথা (১৯৫৬)। |

90. 'আঠারো বছর বয়স' কবিতায় সর্বশেষ চরণ কোনটি?

Ⓐ এ বয়স তবু নতুন কিছু তো করে
Ⓑ বিপদের মুখে এ বয়স অগ্রণী
Ⓒ এ দেশের বুকে আঠারো আসুক নেমে
Ⓓ এ বয়সে তাই নেই কোনো সংশয়

**A Solve** 'আঠারো বছর বয়স' কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য :

| | |
|---|---|
| উৎস | কবিতাটি ১৯৪৮ খ্রিস্টাব্দে প্রকাশিত তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে। |
| প্রথম চরণ | আঠারো বছর বয়স কী দুঃসহ। |
| শেষ চরণ | এ দেশের বুকে আঠারো আসুক নেমে। |
| ছন্দ | কবিতাটি ৬ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত। প্রতি চরণে পর্ব তিনটি। |

91. সন্ধি বাংলা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

Ⓐ ধ্বনিতত্ত্ব　Ⓑ রূপতত্ত্ব
Ⓒ পদক্রম　Ⓓ বাগার্থতত্ত্ব

**A Solve** ধ্বনির উচ্চারণ প্রণালি, উচ্চারণের স্থান, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ধ্বনিসংযোগ বা সন্ধি, ধ্বনির পরিবর্তন ও লোপ, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ইত্যাদি বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

## হিসাববিজ্ঞান

92. নিচের কোনটি ঠিক?

| | সম্পদ | দায় | ইক্যুইটি |
|---|---|---|---|
| Ⓐ | ২,৫০,০০০ টাকা | ২,০০,০০০ টাকা | ৪,০০,০০০ টাকা |
| Ⓑ | ৪,০০,০০০ টাকা | ২,৫০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা |
| Ⓒ | ৬,৫০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা | ৪,০০,০০০ টাকা |
| Ⓓ | ৫,০০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা | ৪,৫০,০০০ টাকা |

**B Solve** হিসাব সমীকরণে, সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব

(a) ২,৫০,০০০ = (২,০০,০০০ + ৪,০০,০০০)
(b) ৪,০০,০০০ = (২,৫০,০০০ + ১,৫০,০০০) সঠিক।
(c) ৬,৫০,০০০ = (১,৫০,০০০ + ৪,০০,০০০)
(d) ৫,০০,০০০ = (১,০০,০০০ + ৪,৫০,০০০)

93. কোম্পানিতে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করা হয়-

Ⓐ কোম্পানির নির্দিষ্ট কোনো সময়ের জন্য
Ⓑ কোম্পানির হিসাবকালের জন্য
Ⓒ লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য
Ⓓ প্রারম্ভিক নগদ টাকা নির্ণয়ের জন্য

**B Solve** কোনো প্রতিষ্ঠানে একটি নির্দিষ্ট হিসাবকালে নগদ আগমন ও নগদ অর্থের নির্গমনের সমন্বয়ে যে বিবরণী প্রস্তুত করা হয়, তাকে নগদ প্রবাহ বিবরণী বলে। কোম্পানির নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করা হয় একটি নির্দিষ্ট হিসাবকালের জন্য। এটি করা হয় IAS-7 অনুসারে।

**94. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে এমবিএম কোম্পানি লিমিটেডের কিছু নির্বাচিত তথ্য নিচে উপস্থাপন করা হলো। অফিস সরঞ্জাম ২০,০০০ টাকা; ইউটিলিটি খরচ ৪,০০০ টাকা; নগদ টাকা ১০,০০০ টাকা; দেনাদার ১০,০০০ টাকা; সেবা রাজস্ব ৩৬,০০০ টাকা; মজুরি খরচ ৭,০০০ টাকা; ভাড়া ব্যয় ১১,০০০ টাকা; প্রদেয় নোটস ১৬,৫০০ টাকা; পাওনাদার ২,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে ইক্যুইটির পরিমাণ কত?**

Ⓐ ৪০,০০০টাকা Ⓑ ১৪,০০০ টাকা
Ⓒ ১০,০০০ টাকা Ⓓ ২১,০০০ টাকা

**D Solve** ইক্যুইটি = (সম্পত্তিসমূহ – দায়সমূহ)
= (৪০,০০০ – ১৯,০০০)
= ২১,০০০ টাকা।

মোট সম্পত্তি = (অফিস সরঞ্জাম + নগদ + দেনাদার)
= (২০,০০০ + ১০,০০০ + ১০,০০০)
= ৪০,০০০ টাকা।

মোট দায় = (প্রদেয় নোটস + পাওনাদার)
= (১৬,৫০০ + ২,৫০০)
= ১৯,০০০ টাকা।

**95. বছরের শুরুতে হুদা কোম্পানি লিমিটেডের মোট সম্পদ ছিল ৮,০০,০০০ টাকা এবং দায় ৫,০০,০০০ টাকা। বছরের মধ্যে মোট দায় ১,০০,০০০ টাকা বৃদ্ধি পেয়েছে এবং ইক্যুইটি ৭০,০০০ টাকা হ্রাস পেয়েছে। বছর শেষে মোট সম্পদের পরিমাণ কত?**

Ⓐ ৩,০০,০০০ টাকা Ⓑ ৬,০০,০০০ টাকা
Ⓒ ৮,৩০,০০০ টাকা Ⓓ ১০,০০,০০০ টাকা

**C Solve** আমরা জানি,
সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব
বছরের শুরুতে ৮,০০,০০০ = ৫,০০,০০০ + ৩,০০,০০০
বছরে পরিবর্তন ৩০,০০০ = (+) ১,০০,০০০ + (–) ৭০,০০০
মোট ৮,৩০,০০০ = ৬,০০,০০০ + ২,৩০,০০০
সুতরাং মোট সম্পদের পরিমাণ ৮,৩০,০০০ টাকা।

**96. এফ আর সি-এর পূর্ণরূপ কী?**

Ⓐ ফান্ড রিপোর্টিং কমিটি
Ⓑ ফাইন্যানসিয়াল রেগুলেটিং কাউন্সিল
Ⓒ ফ্রেমওয়ার্ক রিপোর্টিং কাউন্সিল
Ⓓ ফাইন্যানসিয়াল রিপোর্টিং কাউন্সিল

**D Solve** এফ আর সি (FRC) এর পূর্ণরূপ হলো- ফাইন্যানসিয়াল রিপোর্টিং কাউন্সিল। এটি ২০১৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ঢাকা, বাংলাদেশ। সংস্থাটি ১২ সদস্যের পরিচালনা পর্ষদ দ্বারা নিয়ন্ত্রিত হয়।

**97. মি. এক্স-কে ঋণ দেয়া হলে ঋণকে — হিসেবে দেখানো হবে।**

Ⓐ আয় Ⓑ দায়
Ⓒ সম্ভাব্য দায় Ⓓ সম্পদ

**D Solve** মিঃ এক্সকে ঋণ প্রদান করা হলে, ঋণ একটি সম্পত্তি হিসাব। কারণ প্রদত্ত ঋণ ব্যবসায়ের একটি বিনিয়োগ এবং প্রাপ্ত ঋণ ব্যবসায়ের একটি দায়। তাই মিঃ এক্সকে ঋণ প্রদানের জাবেদা হবে-
প্রদত্ত ঋণ/বিনিয়োগ হিসাব Dr.
এবং নগদান হিসাব Cr.

**98. ৬০,০০০ টাকা অগ্রিম ভাড়া পাওয়া গেল, জাবেদা হবে —।**

Ⓐ অগ্রিম ভাড়া ৬০,০০০ টাকা ডেবিট এবং নগদ ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓑ নগদ ৬০,০০০ টাকা ডেবিট এবং ভাড়া আয় ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓒ নগদ ৬০,০০০ টাকা ডেবিট এবং অনুপার্জিত ভাড়া আয় ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓓ ভাড়া ব্যয় ৬০,০০০ টাকা ডেবিট এবং অগ্রিম ভাড়া ৬০,০০০ টাকা ক্রেডিট

**C Solve** ৬০,০০০ টাকা অগ্রিম ভাড়া পাওয়া গেলে এতে একদিকে যেমন ব্যবসায়ে ৬০,০০০ টাকার নগদ সম্পত্তি বৃদ্ধি পাবে অন্যদিকে তেমনি ৬০,০০০ টাকা আয় না করেই অগ্রিম গ্রহণ করায় অগ্রিম প্রাপ্ত ভাড়া দ্বারা অনুপার্জিত আয় নামক দায় বৃদ্ধি পাবে। তাই জাবেদা হবে-
নগদান হিসাব ডেবিট ৬০,০০০
এবং অনুপার্জিত ভাড়া আয় ক্রেডিট ৬০,০০০।

**99. নিচের কোনটি অনুপার্জিত আয়ের ঠিক সমন্বয় দাখিলা?**

Ⓐ অনুপার্জিত আয় ডেবিট এবং আয় ক্রেডিট
Ⓑ নগদ ডেবিট এবং অনুপার্জিত আয় ক্রেডিট
Ⓒ নগদ ডেবিট এবং আয় ক্রেডিট
Ⓓ আয় ডেবিট এবং নগদ ক্রেড়িট

**A Solve** অনুপার্জিত আয়ের ফলে ব্যবসায়ের নগদ নামক সম্পত্তি বৃদ্ধি পায় এবং অনুপার্জিত আয় নামক দায় বাড়ে। কারণ অনুপার্জিত আয় উপার্জন করার পূর্বেই গ্রহণ করা হয়েছে। এটি সমন্বয় করা হলে প্রকৃত আয় বাড়বে এবং দায় কমবে। তাই দাখিলা হবে -
অনুপার্জিত আয় Dr.
এবং আয় হিসাব Cr.

**100. নিম্নলিখিত ব্যবসায়ের মধ্যে কোনটি "প্রসেস কস্টিং" ব্যবহার করে?**

Ⓐ গাড়ি নির্মাতা Ⓑ চিনি শোধনাগার
Ⓒ আবাসন নির্মাণ Ⓓ বিভাগীয় বিপণি

**B Solve** প্রসেস কাস্টিং ব্যবহার করা হয় শোধনাগারে, ফুড প্রডাকশনে এবং কেমিক্যাল প্রসেসিং।

**101. বারিলগাঁও কোম্পানির একক প্রতি বিক্রয়মূল্য, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ও মোট স্থির ব্যয় যথাক্রমে ১৬০ টাকা, ৮৫ টাকা ও ৫,০০,০০০ টাকা। ১,০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চাইলে কত একক পণ্য বিক্রয় করতে হবে?**

Ⓐ ৮,০০০ Ⓑ ৬,৬৬৭ Ⓒ ৫,৩৩৩ Ⓓ ১০,০০০

**A Solve** প্রত্যাশিত মুনাফার ক্ষেত্রে,

$$\text{(BEP) সমচ্ছেদ বিন্দু (একক)} = \frac{\text{স্থায়ীব্যয় + প্রত্যাশিত মুনাফা}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}$$

$$= \frac{৫,০০,০০০ + ১,০০,০০০}{৭৫}$$

= ৮,০০০ একক।

একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন = (একক প্রতি বিক্রয় – একক প্রতি পরিবর্তনশীল ব্যয়) = (১৬০ – ৮৫) = ৭৫ একক।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

**102. রাষ্ট্রীয় ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কী?**

Ⓐ মুনাফা অর্জন Ⓑ অর্থ বিনিয়োগ
Ⓒ রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ Ⓓ জনকল্যাণ

**D Solve** রাষ্ট্র কর্তৃক গঠিত পরিচালিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবসায় বলে। জাতীয় সংসদে আইন পাশ করে বা প্রেসিডেন্টের অধ্যাদেশ বলে গঠিত হয় রাষ্ট্রীয় ব্যবসায়। এ ব্যবসায়ের মূল/মুখ্য উদ্দেশ্য জনকল্যাণ করা। এ ব্যবসায়ের মূলধন সরবরাহ করে সরকার।

**103.নিচের কোনটি থিওরি এক্স-এর সাথে সংগতিপূর্ণ?**

Ⓐ গণতান্ত্রিক Ⓑ ইতিবাচক
Ⓒ স্বৈরতান্ত্রিক Ⓓ রূপান্তরমূলক

**C Solve** থিওরি-x এর সাথে সংগতিপূর্ণ স্বৈরতান্ত্রিক বা নেতিবাচক এবং থিওরি-y এর সাথে সংগতিপূর্ণ গণতান্ত্রিক বা ইতিবাচক। এ তত্ত্ব দুটির প্রবক্তা আমেরিকার চিন্তাবিদ ডগলাস ম্যাকগ্রেগর। তিনি ১৯৬০ সালে তত্ত্ব দুটি প্রদান করেন।

**104.ই-কমার্স হলো — এর অংশ।**

Ⓐ শিল্প Ⓑ কারবার
Ⓒ সেবা Ⓓ সামাজিক ব্যবসায়

**C Solve** ই-কমার্স বা ইলেকট্রনিক কমার্স হলো এক ধরনের সেবা বা service। ইন্টারনেট প্রযুক্তি ব্যবহার করে পণ্য ক্রয়-বিক্রয় করাকে ই-কমার্স বলে। ই-কমার্সের ব্যাপ্তি ই-বিজনেস অপেক্ষা ছোট।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

**105.উন্মুক্ত বিমাপত্র নিচের কোনটির জন্য বিশেষভাবে প্রযোজ্য?**

Ⓐ জাহাজ Ⓑ পণ্য
Ⓒ দায় Ⓓ মাশুল

**B Solve** উন্মুক্ত বিমাপত্র বা open policy বিশেষভাবে পণ্যের বা goods এর জন্য প্রয়োজন। পণ্য বা Goods কে Cargo নামেও বলা হয়। আর এই Cargo ই মূলত উন্মুক্ত বিমার ক্ষেত্রে বিশেষ প্রয়োজন। এক্ষেত্রে প্রতি শিপমেন্টে বিমা কোম্পানি বিমাপত্র ইস্যু করে না।

**106.স্বল্পকালীন বিক্রয় বৃদ্ধির প্রচেষ্টাকে — বলা হয়।**

Ⓐ বিজ্ঞাপন Ⓑ ব্যক্তিক বিক্রয়
Ⓒ বিক্রয় প্রসার Ⓓ জনসংযোগ

**C Solve** কোম্পানি বিক্রয় বৃদ্ধির জন্য যে স্বল্পমেয়াদি কৌশল গ্রহণ করে তাকে বিক্রয় প্রসার বলে। বিক্রয় প্রসারে ভোক্তাদের তাৎক্ষণিক পণ্য ক্রয়ে উৎসাহিত করে। এটি বিক্রয় বৃদ্ধির প্রণোদনামূলক কার্যক্রম।

**107.নিচের কোনটি বিপণন প্রসারের উপাদান হিসেবে বিবেচিত নয়?**

Ⓐ গণসংযোগ Ⓑ ব্রান্ডিং
Ⓒ প্রত্যক্ষ বিপণন Ⓓ বিক্রয় প্রসার

**B Solve** বিপণন প্রসারের উপাদানসমূহ হলো : (i) বিক্রয় প্রসার (ii) জনসংযোগ (প্রচার), (iii) বিজ্ঞাপন (iv) ব্যক্তিক বিক্রয় ও (v) প্রত্যক্ষ বিপণন। অন্যদিকে ব্রান্ডিং বিপণন প্রসারের উপাদান নয়।

**108.পণ্য ডিজাইনের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য নয়?**

Ⓐ পণ্যের অবকাঠামোগত উপাদান
Ⓑ পণ্যের সরবরাহ
Ⓒ পণ্যের আকার
Ⓓ পণ্যের মান

**B Solve** উৎপাদিত পণ্যের আকার, আয়তন, ধরন, মান, কাঠামোগত উপাদান ইত্যাদি পণ্যটি উৎপাদনের পূর্বে ঠিক করাকে পণ্যের ডিজাইন বা পণ্যের নকশাকরণ বলে। অন্যদিকে পণ্যের নকশাকরণে পণ্যের সরবরাহ প্রযোজ্য নয়।

**109.'বাটা সু' কোন ধরনের বিপণি?**

Ⓐ বিভাগীয় বিপণি Ⓑ সুপার স্টোর
Ⓒ বহুশাখা বিপণি Ⓓ সুপারমার্কেট

**C Solve** "বাটা সু" একটি বহুশাখা বিপণি। নিজস্ব মালিকানা ও পরিচালনায় দেশের বিভিন্ন স্থানে শাখা খুলে উৎপাদনকারী যখন তার উৎপাদিত পণ্যসামগ্রী ভোক্তাদের নিকট বিক্রয় করে, তখন তাকে বহুশাখা বিপণি বলে।

**110.ISO-এর পূর্ণরূপ কী?**

Ⓐ ইন্টার্নাল স্ট্যান্ডার্ড অপারেশন
Ⓑ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডাইজেশন অর্গানাইজেশন
Ⓒ ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর স্ট্যান্ডার্ডাইজেশন
Ⓓ অর্গানাইজেশন অব ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড

**C Solve** ISO এর পূর্ণরূপ International Organization for Standardization যা ১৯৪৭ সালে গঠিত হয়। ISO একটি বেসরকারি সংস্থা। এর মান সনদ ৬টি। এটি আন্তর্জাতিক পণ্যের মান সনদ দিয়ে থাকে।

**111.যদি কর হার হ্রাস পায়, ঋণের খরচ প্রকৃত অর্থে—।**

Ⓐ হ্রাস পাবে Ⓑ বৃদ্ধি পাবে
Ⓒ অপরিবর্তিত থাকবে Ⓓ ওঠানামা করবে

**B Solve** যদি কর হার হ্রাস পায় তাহলে ঋণের খরচ প্রকৃত অর্থে বৃদ্ধি পাবে কারণ কর হারের সাথে ঋণের ব্যয়ের ঋণাত্মক সম্পর্ক থাকে।

**112.একটি প্রতিষ্ঠানের দেয় বিল ৬০০ টাকা, মজুতপণ্য ৩০০ টাকা, প্রাপ্য বিল ৫০০ টাকা, দেয় নোটস ৭০০ টাকা এবং নগদ ৬৫০ টাকা আছে। নিট চলতি মূলধন কত?**

Ⓐ ৩৫০ টাকা Ⓑ ২৫০ টাকা
Ⓒ ১৫০ টাকা Ⓓ ৫০ টাকা

**C Solve** চলতি মূলধন = (চলতি সম্পত্তি – চলতি দায়)
= (১,৪৫০ – ১,৩০০) = ১৫০ টাকা।

চলতি সম্পদ = (মজুতপণ্য + প্রাপ্যবিল + নগদ)
= (৩০০ + ৫০০ + ৬৫০)
= ১,৪৫০ টাকা।

চলতি দায় = ( দেয় বিল + দেয় নোটস)
= (৬০০ + ৭০০) = ১,৩০০ টাকা।

**113.নিচের কোনটি মূলধন বাজারের দলিল?**

Ⓐ প্রদেয় নোটস Ⓑ ব্যবসায় স্বীকৃতিপত্র
Ⓒ বাণিজ্যিকপত্র Ⓓ ঋণপত্র

**D Solve** মূলধন বাজারের দলিল হলো শেয়ার, বন্ড বা ডিবেঞ্চার যার প্রামাণ্য দলিল হলো শেয়ার সার্টিফিকেট, শেয়ার ওয়ারেন্ট, কাঁচা সনদ, ক্ষতিপূরণপত্র, লভ্যাংশ পরোয়ানা ইত্যাদি।

**114.কোন ক্ষেত্রে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার কর হয়?**

Ⓐ স্থায়ী সম্পদ সংগ্রহে
Ⓑ লভ্যাংশ বিতরণে
Ⓒ ঋণ মূলধন পরিশোধে
Ⓓ কার্যকরী মূলধনের প্রয়োজন মিটাতে

**D Solve** ব্যবসায়ে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয় কার্যকরী মূলধন/চলতি মূলধন এর প্রয়োজন মেটাতে। দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয় দীর্ঘমেয়াদি মূলধনের প্রয়োজন মেটাতে।

115. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?
Ⓐ মুদ্রানীতি প্রণয়ন Ⓑ আমানত গ্রহণ
Ⓒ হিসাব খোলা Ⓓ ঋণ প্রদান
A Solve বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি- আমানত গ্রহণ, ঋণ প্রদান, হিসাব খোলা, বিনিময় সৃষ্টি, আমানত সৃষ্টি, অর্থের নিরাপত্তা, বিল বাট্টাকরণ, অর্থ আদান-প্রদান, দেনা-পাওনা নিষ্পত্তি, সঞ্চয় ও মূলধন গঠন ইত্যাদি। মুদ্রানীতি প্রণয়ন কেন্দ্রীয় ব্যাংকের কাজ।

116. নিচের কোনটি মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত হয় না?
Ⓐ পে-অর্ডার Ⓑ প্রাইজ বন্ড Ⓒ ভ্রমণকারীর চেক
Ⓓ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ
D Solve মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত হয়- পে-অর্ডার, ডিমান্ড ড্রাফট, চেক, ব্যাংক ড্রাফট, বিনিময় বিল, ট্রেজারি চালান, প্রাইজবন্ড, ভ্রমণকারীর চেক, প্রত্যয়পত্র ইত্যাদি। অন্যদিকে স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত নয়।

117. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের সবচেয়ে বড় সম্পত্তি হিসেবে বিবেচিত হয়?
Ⓐ বাংলাদেশ ব্যাংকে জমাকৃত নগদ তহবিল
Ⓑ স্বল্প সময়ের নোটিশে পরিশোধের আহ্বানযোগ্য অর্থ
Ⓒ ঋণ ও অগ্রিম
Ⓓ স্থায়ী সম্পত্তি
C Solve বাণিজ্যিক ব্যাংকের সবচেয়ে বড় সম্পত্তি হলো ঋণ ও অগ্রিম কারণ ব্যাংকের আমানতের বেশি অংশ ব্যবহৃত হয় ঋণ ও অগ্রিম। কারণ এটির মাধ্যমে বাণিজ্যিক তার যাবতীয় ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করে।

118. ডেবিট এবং ক্রেডিট কার্ড সম্পর্কে নিচের কোন উক্তিটি সত্য নয়?
Ⓐ ডেবিট এবং ক্রেডিট কার্ড দিয়ে এটিএম থেকে টাকা উত্তোলন করা যায়।
Ⓑ ডেবিট এবং ক্রেডিট কার্ড দিয়ে কেনাকাটা করা যায়।
Ⓒ ডেবিট এবং ক্রেডিট কার্ড প্লাস্টিক কার্ড।
Ⓓ ডেবিট এবং ক্রেডিট কার্ড-এর হিসাবে টাকা থাকা প্রয়োজন।
D Solve ডেবিট ও ক্রেডিট কার্ড উভয়ই দুটি ব্যাংক স্বীকৃত স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতি যা ATM থেকে টাকা উত্তোলন করা যায়। এর দ্বারা কেনা কাটা করা যায় ও দুটিই প্লাস্টিক কার্ড। কিন্তু ক্রেডিট কার্ডে টাকা না থাকলেও নির্দিষ্ট পরিমাণ অর্থ ঋণ হিসেবে ব্যবহার করা যায়।

119. বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত একটি পে-অর্ডারের মেয়াদ কতদিন?
Ⓐ ৯০ দিন Ⓑ ১৮০ দিন
Ⓒ ১ বছর Ⓓ কোনো নির্দিষ্ট বৈধ মেয়াদ নেই
A Solve বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডারের মেয়াদ ২০১২ সালে ১ এপ্রিল ৬ মাস থেকে কমিয়ে ৩ মাস বা ৯০ দিন করা হয়েছে। উক্ত তারিখের পূর্বে Pay-order, Cheques, Demand Draft মেয়াদ ছিলো ৬ মাস বা ১৮০ দিন।

120. 'জেটিসন' বলতে কী বোঝায়?
Ⓐ পণ্য হ্রাসকরণ Ⓑ পণ্য বোঝাই
Ⓒ পণ্য স্থানান্তর Ⓓ পণ্য নিক্ষেপ
D Solve জেটিসন হলো পণ্য নিক্ষেপণ। জাহাজকে বড় বিপদের হাত থেকে রক্ষা করার জন্য বাহিত পণ্যের অংশবিশেষ সমুদ্রে ফেলে দেওয়া হলে তাকে Jettison বা পণ্য নিক্ষেপণ বলে। আর পণ্যকে বলে Jetsac.

# ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজ
## ভর্তি পরীক্ষা: ২০১৯-২০; ইউনিট: ব্যবসায় শিক্ষা

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

### বাংলা

01. 'চোখের বালি' কে রচনা করেন?
Ⓐ রোকেয়া সাখাওয়াত হোসেন Ⓑ সুফিয়া কামাল
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ শামসুর রাহমান
C Solve 'চোখের বালি' (১৯০৩) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি সামাজিক উপন্যাস। সমাজ যুগযুগান্তর সংস্কারের সঙ্গে ব্যক্তিজীবনের বিরোধই উপন্যাসের মূল উপজীব্য বিষয়।

02. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী' উদ্ধৃতিটি কোন কবিতার অংশ?
Ⓐ লোক-লোকান্তর Ⓑ ঐকতান
Ⓒ তাহারেই পড়ে মনে Ⓓ সাম্যবাদী
C Solve জননী সাহসিকা সম্ভাষণে ভূষিত সুফিয়া কামালের (১৯১৯-১৯৯৯) সংলাপনির্ভর রচনা 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিস্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। 'তাহারেই পড়ে মনে' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

03. কাজী নজরুল ইসলাম কোন সনে জন্মগ্রহণ করেন?
Ⓐ ১৮৯৯ Ⓑ ১৯১৮
Ⓒ ১৯২৯ Ⓓ ১৯০৫
A Solve কাজী নজরুল ইসলাম সম্পর্কিত কতিপয় তথ্য :

| | |
|---|---|
| জন্ম পরিচয় | জন্ম : ২৫ মে ১৮৯৯ খ্রিস্টাব্দ (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ সাল), বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রাম। |
| ব্যাধিতে আক্রান্ত | মাত্র তেতাল্লিশ বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে এ ঋদ্ধ ও সম্ভাবনাময় জীবন আমৃত্যু নির্বাক হয়ে যায়। |
| মৃত্যু | ১৯৭৬ খ্রিস্টাব্দের ২৯ আগস্ট। |

04. কোন বানানটি শুদ্ধ নয়?
Ⓐ রুগ্ন Ⓑ নিক্বণ
Ⓒ দুর্গ Ⓓ আপস
A Solve কতিপয় শুদ্ধ বানান : রুগ্ণ, সুষ্ঠ, শুশ্রূষা, দুরবস্থা, চিক্কণ, ঘনিষ্ঠ, ষাণ্মাসিক, কৌতূহল, স্বতঃস্ফূর্ত, বিদ্বান, হীনম্মন্যতা, ভুবন, সদ্যোজাত, মুমূর্ষু, স্টেশন, মুখস্থ, শারীরিক, সমীচীন, বুভুক্ষু।

05. 'গমন' কী জাতীয় শব্দ?
Ⓐ মিশ্র ক্রিয়া Ⓑ যৌগিক ক্রিয়া
Ⓒ ভাববাচক বিশেষ্য Ⓓ নাম বিশেষণ
C Solve যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যথা : গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন (শোয়ার কাজ), দেখা, শোনা, ধরন করণ, চলন বলন ইত্যাদি।

06. 'তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য?
Ⓐ যৌগিক Ⓑ সরল
Ⓒ মিশ্র Ⓓ সাধারণ
A Solve কয়েকটি যৌগিক বাক্যের উদাহরণ : লোকটি ধনী, কিন্তু কৃপণ। সে দরিদ্র, কিন্তু চরিত্রবান। বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে। পড়াশোনা কর, নতুবা ভবিষ্যৎ অন্ধকার।

07. 'বুদ্ধিমান' এর বিশেষ্য পদ কী?
Ⓐ বুদ্ধি Ⓑ বুদ্ধিত্ব
Ⓒ বুদ্ধিমত্তা Ⓓ বৃদ্ধি
C Solve কতিপয় বিশেষ্য পদের বিশেষণ রূপ :

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| অরণ্য | আরণ্যক | পান | পানীয় |
| মাটি | মেঠো | সৌহার্দ্য | সৌহার্দিক |

## English

08. **Motor racing is the —— sport in the word.**
Ⓐ most expensive Ⓑ more expensive
Ⓒ expensivest Ⓓ is expensive
A Explanation অনেকের মধ্যে তুলনা বোঝাতে superlative degree হবে।

09. **He passed his English exam very ——**
Ⓐ easy Ⓑ easier
Ⓒ good Ⓓ easily
D Explanation Very এর পর adverb দরকার তাই easily হবে।

10. **I don't like the hot weather. Thirty degree —— too warm for me.**
Ⓐ was Ⓑ is
Ⓒ being Ⓓ are
B Explanation শুন্যস্থানে একটা be verb দরকার। বাক্যটি present tense এ হবে এবং তাপমাত্রার ক্ষেত্রে singular verb হবে।

11. **We will never forget that a historical war occurred —— the two nations.**
Ⓐ with Ⓑ between
Ⓒ among Ⓓ from
B Explanation দুইয়ের মধ্যে তুলনা বোঝাতে between এবং দুইয়ের অধিক বোঝাতে among হয়ে।

12. **At age 78, I thought I was beyond surprise —— hurt at anything negative said about me.**
Ⓐ from Ⓑ at
Ⓒ or Ⓓ for Ans Ⓒ

13. **We were surprised —— his failure.**
Ⓐ for Ⓑ about
Ⓒ to Ⓓ at Ans Ⓓ

14. **He must conform —— the rules.**
Ⓐ with Ⓑ for Ⓒ about Ⓓ to
D Explanation Conform to মেনে চলা।

15. **He died —— illness.**
Ⓐ form Ⓑ by Ⓒ in Ⓓ of
D Explanation Die of রোগে মারা যাওয়া। Die by মহামারীতে মারা যাওয়া die from অত্যধিক কোনো কিছু হতে মারা যাওয়া die in শান্তিতে মারা যাওয়া।

16. **Find the correct sentence-**
Ⓐ Fifty miles are not a long distance.
Ⓑ Fifty miles is not a long distances.
Ⓒ Fifty miles is not a long distance.
Ⓓ Fifty miles were not a long distances.
C Explanation দুরত্ব তাপমাত্রা প্রভৃতির ক্ষেত্রে verb সর্বদা singular হয়।

17. **Find the misspelt word-**
Ⓐ Percieve Ⓑ Receive
Ⓒ Belief Ⓓ Conceive
A Explanation Perceive অবহিত হওয়া।

**Find the synonym for the following words (Questions 18-22)**

18. **Eager**
Ⓐ Aloof Ⓑ Earnest
Ⓒ Yielding Ⓓ Easy
B Explanation Eager আগ্রহ (earnest)।

19. **Hasten**
Ⓐ Rush Ⓑ Break Ⓒ Cover Ⓓ Flee
A Explanation Hasten দ্রুত বলা। এর সমার্থক শব্দ rush (তীব্র বেগে ছোটা)।

20. **Augment**
Ⓐ Reach Ⓑ Boldness
Ⓒ Increase Ⓓ Consensus
C Explanation Augment বৃদ্ধি পাওয়া। এর সমার্থক শব্দ increase। reach পৌঁছা; boldness সাহস consensus মিল।

21. **Icon**
Ⓐ portrait Ⓑ image Ⓒ symbol Ⓓ idol
C Explanation Icon (মূর্তি) এর সমার্থক শব্দ symbol।

22. **Healing**
Ⓐ curing Ⓑ heating Ⓒ smoking Ⓓ ailing
A Explanation Healing আরোগ (curing)।

**Find the correctly spelt word (Questions 23-25)**

23. Ⓐ Haemorrhage Ⓑ Hemorrhage
Ⓒ Haemorrage Ⓓ Haemorhage
A Explanation Haemorrhage রক্তস্রাব।

24. Ⓐ Comision Ⓑ Commision
Ⓒ Commission Ⓓ Coommission
C Explanation Commission অন্যকে ক্ষমতা অর্পণ।

25. Ⓐ Honorarium Ⓑ Honararium
Ⓒ Honourarium Ⓓ Honorarrium
A Explanation Honorarium দক্ষিণা।

**Find the antonyms (Questions 26-27)**

26. **Generous**
Ⓐ selfiess Ⓑ giving
Ⓒ selfish Ⓓ Big-hearted
C Explanation Generous উদার। এর বিপরীত শব্দ selfish (স্বার্থপর)।

27. **Humble**
Ⓐ Proud Ⓑ Friendly
Ⓒ Simple Ⓓ Rich
A Explanation Humble নম্র। এর বিপরীত শব্দ proud (গর্ব)।

28. প্রাথমিক খরচ কোন ধরনের সম্পত্তি?
Ⓐ চলতি সম্পত্তি Ⓑ অলীক সম্পত্তি
Ⓒ অস্পর্শনীয় সম্পত্তি Ⓓ ক্ষয়িষ্ণু সম্পত্তি

**B Solve** প্রাথমিক খরচ, শেয়ার অবহার, গ্রাহকের কমিশন, লাভক্ষতি হিসাবের ডেবিট জের সবই অলীক সম্পত্তি।

29. সোনালি সু স্টোরের প্রারম্ভিক মজুত পণ্যের পরিমাণ ১৫,০০০ টাকা। উক্ত হিসাবকালে ক্রয় ৬০,০০০ টাকা, ক্রয় ফেরত ২,০০০ টাকা ও আন্তঃপরিবহন ব্যয় ৫,০০০ টাকা। হিসাবকাল শেষে গণনার পর দেখা যায় ১০,০০০ টাকার পণ্য এখনও হাতে আছে। বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়ের পরিমাণ ছিল-
Ⓐ টাকা ৭২,০০০ Ⓑ টাকা ৬৮,০০০
Ⓒ টাকা ৭৮,০০০ Ⓓ টাকা ৮২,০০০

**C Solve**
বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুত + ক্রয়কৃত পণ্যের ব্যয়
= ১৫০০০ + (৬০০০০ − ২০০০ + ৫০০০)
= ১৫০০০ + ৬৩০০০ = ৭৮০০০ টাকা

30. পাওনাদারকে চেকে প্রদান ৩,৫২০ টাকা যা ভুলে নগদ বইতে ৩,২৫০ টাকা লেখা হয়েছে। এই ভুলটি ব্যাংক সমন্বয় বিবরণীতে কীভাবে দেখাতে হবে?
Ⓐ নগদ বইয়ের সাথে যোগ হবে ২৭০ টাকা।
Ⓑ ব্যাংক বিবরণীর সাথে যোগ হবে ২৭০ টাকা।
Ⓒ নগদ বই থেকে বিয়োগ হবে ২৭০ টাকা।
Ⓓ ব্যাংক বিবরণী থেকে বিয়োগ হবে ২৭০ টাকা।

**C Solve** যেহেতু চেক প্রদান একটি বহিঃপ্রবাহ যা নগদান বইতে ২৭০ টাকা কম দেখানো হয়েছে। তাই নগদান বই থেকে ২৭০ টাকা বিয়োগ হবে।

31. 'কমিশন অগ্রিম পাওয়া গেল'- লেনদেনটির জাবেদা হবে?
Ⓐ প্রাপ্য কমিশন ডেবিট, কমিশন আয় ক্রেডিট
Ⓑ নগদান হিসাব ডেবিট, কমিশন আয় ক্রেডিট
Ⓒ নগদান হিসাব ডেবিট, অনুপার্জিত কমিশন আয় ক্রেডিট
Ⓓ নগদান হিসাব ডেবিট, প্রাপ্য কমিশন ক্রেডিট

**C Solve** কমিশন আয় অগ্রিম পাওয়া গেল।
জাবেদা : নগদান হিসাব − Dr
অনুপার্জিত কমিশন আয় − Cr

32. অবিরাম মজুতপণ্য পদ্ধতিতে একটি পণ্য বিক্রয়কারী কোম্পানির খতিয়ানে নিচের কোন হিসাবটি উল্লেখ থাকবে?
Ⓐ ক্রয় Ⓑ বিক্রীত পণ্যের ব্যয়
Ⓒ ক্রয় পরিবহন Ⓓ প্রারম্ভিক মজুত মাল

**B Solve** অবিরত পদ্ধতিতে পণ্য বিক্রয়ের সময়ই বিক্রীত পণ্যের ব্যয় লিপিবদ্ধ করা হয়। তাই খতিয়ানে বিক্রীত পণ্যের ব্যয় হিসাব পাওয়া যাবে।

33. অনুপার্জিত আয় সমন্বয়ের প্রভাবগুলো কী কী?
Ⓐ দায় হ্রাস করে ও রাজস্ব-আয় বৃদ্ধি করে।
Ⓑ দায় হ্রাস করে ও রাজস্ব-আয় হ্রাস করে।
Ⓒ সম্পত্তি বৃদ্ধি করে ও দায় বৃদ্ধি করে।
Ⓓ সম্পত্তি বৃদ্ধি করে ও রাজস্ব-আয় বৃদ্ধি করে।

**A Solve** অনুপার্জিত আয় একটি দায়। এর সমন্বয়ের ফলে দায় হ্রাস পায় এবং আয় বৃদ্ধিপায়।

34. মৌসুমি হার্ডওয়্যার স্টোরের একটি নির্দিষ্ট বছরে নিট ধারে বিক্রয়ের পরিমাণ ৬৫,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ৫০,০০,০০০ টাকা। বছরের শুরুতে এবং শেষে দেনাদারের পরিমাণ ছিল যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ৭,০০,০০০ টাকা। উক্ত বছরের দেনাদার আবর্তন-
Ⓐ ৭.৭ বার Ⓑ ১০.৮ বার
Ⓒ ৯.৩ বার Ⓓ ১০ বার

**D Solve** গড় দেনাদার $= \frac{৭,০০,০০০ + ৬,০০,০০০}{২}$
= ৬,৫০,০০০ টাকা

দেনাদার আবর্তন $= \frac{\text{ধারে বিক্রয়}}{\text{গড় দেনাদার}} = \frac{৬৫,০০,০০০}{৬,৫০,০০০} = ১০$ বার।

35. নিচের কোন হিসাবটি বছরের শেষে বন্ধ করে দেওয়া হয়?
Ⓐ শেয়ার প্রিমিয়াম Ⓑ কু-ঋণ সঞ্চিতি
Ⓒ উত্তোলন Ⓓ পুঞ্জীভূত অবচয়

**C Solve** সকল নামিক বা আয়-ব্যয় হিসাবগুলো হিসাবকাল শেষে বন্ধ করা হয়। উত্তোলন একটি নামিক হিসাব।

36. বর্তমানে আয় বিবরণীর নাম হলো-
Ⓐ লাভ এবং ক্ষতি বিবরণী
Ⓑ রাজস্ব বিবরণী
Ⓒ আয় ও ব্যয় বিবরণী
Ⓓ আয় অথবা ব্যয় এবং অন্যান্য ব্যাপক আয় বিবরণী

**D Solve** বর্তমানে আয় বিবরণীকে আয় বা ব্যয় এবং অন্যান্য ব্যাপক আয় বিবরণী বলা হয়।

37. 'পথিমধ্যে চেক' কিভাবে ব্যাংক মিলকরণ বিবরণীতে সমন্বয় করা হয়?
Ⓐ নগদান বইয়ের উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয়।
Ⓑ নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে যোগ করা হয়।
Ⓒ ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ করা হয়।
Ⓓ ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয়।

**C Solve** পথিমধ্যে চেক বা পথিমধ্যে আমানত বা Deposit in transit ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ করা হয়।

38. নিচের কোনটি ব্যবসা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রকাশ করে?
Ⓐ উদ্বৃত্ত পত্র Ⓑ নগদ প্রবাহ বিবরণী
Ⓒ আয় বিবরণী Ⓓ সংরক্ষিত আয় বিবরণী **Ans A**

39. কয়েক বছর পূর্বে একটি অফিস সরঞ্জাম ৫,০০,০০০ টাকা ব্যয়ে ক্রয় করা হয়, যার ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৫০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে বর্তমানে পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২,২৫,০০০ টাকা। আজ এটি ২,৫০,০০০ টাকায় বিক্রয় করা হলে কত লাভ বা ক্ষতি হবে?
Ⓐ ক্ষতি ৩,০০,০০০ টাকা Ⓑ ক্ষতি ২৫,০০০ টাকা
Ⓒ লাভ ২৫,০০০ টাকা Ⓓ লাভ ২,৭৫,০০০ টাকা

**B Solve** বইমূল্য = (ক্রয়মূল্য − পুঞ্জীভূত অবচয়)
= (৫০০০০০ − ২২৫০০০) = ২৭৫০০০ টাকা।
যেহেতু বইমূল্য থেকে বিক্রয়মূল্য কম তাই ক্ষতি হয়েছে
= (২৭৫০০০ − ২৫০০০০) = ২৫০০০ টাকা

40. নিচের কোন ভুলটির ফলে রেওয়ামিল মিলবে না?
Ⓐ সেবা প্রদান ২০,০০০ টাকা জাবেদাভুক্ত হয়নি।
Ⓑ দেনাদারের কাছ থেকে প্রাপ্তি ১০,০০০ টাকা খতিয়ানভুক্ত হয়নি।
Ⓒ মারুফকে প্রদান ৫,০০০ টাকা মাসুদের হিসাবে লেখা হয়েছে।
Ⓓ কর্মচারীকে বেতন প্রদান ১৫,০০০ টাকা বেতন হিসাবে ১০,০০০ টাকা ডেবিট করা হয়েছে।

**D Solve** যেহেতু এখানে বেতন হিসাবে ১০০০০ টাকা এবং নগদান হিসাবে ১৫০০০ টাকা লেখা হয়েছে। ফলে একপক্ষের ভুল সংঘটিত হয়েছে যার ফলে রেওয়ামিল মিলবে না।

41. —— ব্যতীত নিচের সবগুলোই একটি কোম্পানির শেয়ারহোল্ডারের স্বত্বের অংশ।
Ⓐ সংরক্ষিত মুনাফা Ⓑ সাধারণ সঞ্চিতি
Ⓒ শেয়ারে বিনিয়োগ Ⓓ শেয়ার অধিহার

**C Solve** শেয়ারে বিনিয়োগ শেয়ারহোল্ডারদের নিকট একধরনের বিনিয়োগ বা সম্পত্তিস্বত্ব নয়। Option A, B, D শেয়ারহোল্ডারদের স্বত্বের অংশ।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

42. মাছ চাষ কোন ধরনের শিল্প?
Ⓐ উৎপাদন শিল্প Ⓑ নিষ্কাশন শিল্প
Ⓒ নির্মাণ শিল্প Ⓓ প্রজনন শিল্প

**D Solve** মাছ চাষ, নার্সারি, হাঁস-মুরগির খামার প্রজনন শিল্পের অন্তর্গত। চাহিদা এবং শেষ ধাপ আত্মপ্রতিষ্ঠা বা আত্মপরিপূর্ণতার চাহিদা।

43. নেতৃত্বের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো-
Ⓐ ঝুঁকি গ্রহণ Ⓑ সদস্যদের প্ররোচিত করার ক্ষমতা
Ⓒ সামাজিক নৈপুণ্য Ⓓ কারিগরি জ্ঞান

**B Solve** নেতার কাজই হলো জনশক্তিকে লক্ষ্যের দিকে ধাবিত করা। এর জন্য সদস্যদের প্ররোচিত করার ক্ষমতা থাকতে হয়।

44. "ব্যবস্থাপনা সার্বজনীন"- এটি কার উক্তি?
Ⓐ এরিস্টটল Ⓑ সক্রেটিস
Ⓒ হেনরি ফেয়ল Ⓓ এলেন

**B Solve** প্রায় ২০০০ বছর পূর্বে সক্রেটিস বলেছিল "Management is universal" অর্থাৎ ব্যবস্থাপনা সার্বজনীন।

45. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার সর্বশেষ কাজ কী?
Ⓐ বিচ্যুতি নির্ণয়
Ⓑ বিচ্যুতির কারণ বের করা
Ⓒ কার্যফল পরিমাপ
Ⓓ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**D Solve** নিয়ন্ত্রণ প্রক্রিয়ার সর্বপ্রথম কাজ আদর্শমান নির্ধারণ এবং সর্বশেষ কাজ সংশোধনমূলক ব্যবস্থাগ্রহণ।

46. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে?
Ⓐ হেনরি ফেয়ল Ⓑ হেনরি টেলর
Ⓒ এফ. ডব্লিউ. টেলর Ⓓ মেরি পার্কার

**C Solve** কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক এফ ডব্লিউ টেলর। তিনি ১৮৮০ সালে এটি উদ্ভাবন করেন।

47. আধুনিক সংগঠন কাঠামো কোনটি?
Ⓐ কার্যভিত্তিক Ⓑ সরল রৈখিক
Ⓒ পদস্থ কর্মী Ⓓ মেট্রিক্স

**D Solve** সর্বাধুনিক সংগঠন হলো মেট্রিক্স সংগঠন। এটি ১৯৬০ এর দশকে এ্যারোস্পেস কোম্পানি ব্যবহার করে।

48. আমলাতান্ত্রিক তত্ত্ব প্রস্তাব করেছিলেন কে?
Ⓐ মেক্স ওয়েবার Ⓑ হেনড্রি
Ⓒ এফ. ডব্লিউ. টেলর Ⓓ হেনরি ফেয়ল

**A Solve** আমলাতান্ত্রিক তত্ত্ব প্রদান করেন ম্যাক্স ওয়েবার।

49. কোনটি ব্যবস্থাপনার 6M-এর অন্তর্ভুক্ত নয়?
Ⓐ মানুষ Ⓑ যন্ত্রপাতি
Ⓒ অর্থ Ⓓ প্রেষণা

**D Solve** 6M এর অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো মানুষ, যন্ত্রপাতি, মালামাল, অর্থ, বাজার, পদ্ধতি।

50. কোনটি ব্যবস্থাপনার মূলনীতির অংশ নয়?
Ⓐ শৃঙ্খলা Ⓑ সাম্য
Ⓒ উদ্যোগ Ⓓ তদারকির আওতা

**D Solve** Option D ব্যতীত সবগুলোই ব্যবস্থাপনার মূলনীতি। তদারকির আওতা ব্যবস্থাপনার মূলনীতির অংশ নয়।

51. নিচের কোনটি কর্মী সংগ্রহের অভ্যন্তরীণ উৎস?
Ⓐ বিজ্ঞাপন Ⓑ স্থানান্তর
Ⓒ নিয়োগ সংস্থা Ⓓ আউটসোর্সিং

**B Solve** পদোন্নতি, স্থানান্তর, শ্রমিক সংঘের সুপারিশ ইত্যাদি কর্মী সংগ্রহের অভ্যন্তরীণ উৎস।

52. নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠান?
Ⓐ ই-রিটেইলিং Ⓑ ই-বে
Ⓒ ই-মার্কেটিং Ⓓ ই-ব্যাংকিং

**B Solve** ই-বে বা EBE এর পূর্ণরূপ হলো European biopharma ceutiacl enterprises যা একটি ব্যবসায় প্রতিষ্ঠান। option A, C, D হলো অনলাইন ব্যবসায়ের পদ্ধতি।

53. বহুজাতিক কোম্পানির জন্য কোন ধরনের পরিকল্পনা সর্বাধিক গুরুত্বপূর্ণ?
Ⓐ সামগ্রিক পরিকল্পনা Ⓑ স্থায়ী পরিকল্পনা
Ⓒ বিভাগীয় পরিকল্পনা Ⓓ একক পরিকল্পনা

**A Solve** সকল বিভাগ ও উপবিভাগের পরিকল্পনাকে একত্রিত করে যে পরিকল্পনা প্রণয়ন করা হয় তাকে সামগ্রিক পরিকল্পনা বলে। বহুজাতিক কোম্পানি বিভিন্ন দেশে ব্যবসায় করে তাই এই সমন্বিত পরিকল্পনা গুরুত্বপূর্ণ।

54. নিচের কোনটি 'অফ দ্যা জব' প্রশিক্ষণ নয়?
Ⓐ সেমিনার Ⓑ পেশাগত ডিপ্লোমা
Ⓒ কনফারেন্স Ⓓ শিক্ষানবিশ

**D Solve** সেমিনার, আলোচনা, ডিপ্লোমা, ঘটনা পদ্ধতি ওয়ার্কশপ, বক্তৃতা, কনফারেন্স ইত্যাদি অফ-দ্যা জব প্রশিক্ষণ পদ্ধতি।

55. কোম্পানির দুটি বার্ষিক সভার মধ্যবর্তী সময়ের ব্যবধান কত মাসের বেশি হবে না?
Ⓐ ১৪ মাস Ⓑ ১৫ মাস
Ⓒ ১৬ মাস Ⓓ ১৭ মাস

**B Solve** কোম্পানির দুটি বার্ষিক সভার মাঝের ব্যবধান ১৫ মাসের বা ৪৫০ দিনের বেশি হবে না।

56. যে নেতা কর্মীদের স্বাধীনভাবে কাজ করতে দেয় এবং কর্মীর কাজে কোনোরূপ কর্তৃত্ব আরোপ করে না, তাকে —— বলে।
Ⓐ অংশগ্রহণমূলক নেতা Ⓑ গণতান্ত্রিক নেতা
Ⓒ স্বেচ্ছাচারী নেতা Ⓓ লাগামহীন নেতা

**D Solve** যে নেতা কাজ হতে নিজেকে দূরে রাখে এবং কর্মীদের কোনরূপ কর্তৃত্ব আরোপ করে না তাকে লাগামহীন নেতা বলে। তিনি কর্মীদের ওপর পুরোপুরি নির্ভর করেন।

57. নিচের কোন দলিলটি একটি কোম্পানির অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় বেশি ব্যবহৃত হয়?
Ⓐ বিবরণ পত্র Ⓑ পরিমেল নিয়মাবলি
Ⓒ সরকারি আদেশ Ⓓ পরিমেলবন্ধ
B Solve পরিমেল নিয়মাবলি বা সংঘস্মারক কোম্পানির অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় ব্যবহৃত হয়।

58. কোনটি অনার্থিক প্রেষণা নয়?
Ⓐ চাকরির নিরাপত্তা Ⓑ কাজের মূল্যায়ন
Ⓒ পদোন্নতি Ⓓ সামাজিক মর্যাদা
C Solve পদোন্নতি, বাসস্থান ভাতা, চিকিৎসাভাতা, পরিবহন ভাতা, বেতন, বোনাস ইত্যাদি আর্থিক প্রেষণা।

59. ব্যবস্থাপনার কোন স্তরে কারিগরি দক্ষতা বেশি প্রয়োজন হয়?
Ⓐ উচ্চস্তরে Ⓑ নিম্নস্তরে
Ⓒ মধ্যস্তরে Ⓓ সকল স্তরে
B Solve কারিগরি দক্ষতা হলো কাজ সংক্রান্ত জ্ঞান। এটি নিম্নস্তরের কর্মীদের জন্য বেশি প্রয়োজনীয়।

60. পরিকল্পনাকে ব্যবস্থাপনার কোন পদক্ষেপের মান হিসাবে বিবেচনা করা হয়?
Ⓐ সংগঠন Ⓑ নিয়ন্ত্রণ Ⓒ সমন্বয় Ⓓ প্রেষণা
B Solve গৃহীত পরিকল্পনা নিয়ন্ত্রণের আদর্শমান হিসেবে ব্যবহৃত হয়।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

61. নিচের কোনটি অর্থায়নের কার্যাবলি বহির্ভূত?
Ⓐ তহবিল সংগ্রহ Ⓑ মূলধন বাজেটিং
Ⓒ তহবিল বণ্টন Ⓓ বাজারজাতকরণ
D Solve Option - A,B,C অর্থায়নের কার্যাবলি। বাজারজাতকরণ অর্থায়নের কার্যাবলি নয়। এটি ব্যবসায়ের কার্যাবলি।

62. কোন বাট্টাকরণে বর্তমান মূল্য সর্বনিম্ন হবে?
Ⓐ মাসিক Ⓑ সাপ্তাহিক
Ⓒ ষান্মাষিক Ⓓ ত্রৈমাসিক
B Solve চক্রবৃদ্ধিকরণের পরিমাণ যত বেশি হবে বর্তমানমূল্য তত কম হবে। সাপ্তাহিক বাট্টাকরণে চক্রবৃদ্ধিকরণের পরিমাণ সর্বোচ্চ ৫২ বার। তাই সাপ্তাহিক বাট্টাকরণে বর্তমান মূল্য সর্বনিম্ন হবে।

63. নিচের কোনটি মুদ্রাবাজারের হাতিয়ার?
Ⓐ সাধারণ শেয়ার Ⓑ ট্রেজারি বন্ড
Ⓒ ডিবেঞ্চার Ⓓ ট্রেজারি বিল
D Solve ট্রেজারি বিল, বাণিজ্যিকপত্র, ব্যাংকের স্বীকৃতিপত্র, বিনিময় বিল ইত্যাদি মুদ্রাবাজারের হাতিয়ার।

64. নিচের কোনটি ব্যবসায়ে স্বতঃস্ফূর্ত তহবিলের উৎস?
Ⓐ ব্যবসায় ঋণ Ⓑ গুদাম রশিদ
Ⓒ মজুত পণ্য Ⓓ প্রাপ্য বিল
A Solve ব্যবসায় ঋণ, ক্রেতা হতে অগ্রিম গ্রহণ, বকেয়া খরচ ইত্যাদি স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস।

65. দেশের মুদ্রানীতি গ্রহণ করেন কে?
Ⓐ কেন্দ্রীয় ব্যাংক Ⓑ অর্থমন্ত্রণালয়
Ⓒ অর্থ সচিব Ⓓ সরকার
A Solve দেশের মুদ্রানীতি বা monetary policy কেন্দ্রীয় ব্যাংক গ্রহণ করে।

66. নিচের কোন প্রকল্পটি বিনিয়োগের জন্য নির্বাচন করা উচিত?
Ⓐ সর্বনিম্ন আন্তঃ আয় হার সম্পন্ন প্রকল্প
Ⓑ সর্বোচ্চ নিট বর্তমান মূল্য সম্পন্ন প্রকল্প
Ⓒ সর্বনিম্ন গড় মুনাফা হার সম্পন্ন প্রকল্প
Ⓓ সর্বদীর্ঘ পে-ব্যাক সময় সম্পন্ন প্রকল্প
B Solve নিট বর্তমান মূল্য যত বেশি তত কোম্পানির জন্য ভালো। option A,C,D তে প্রকল্প বর্জন করা হয়।

67. নিচের কোনটির মেয়াদ সর্বনিম্ন?
Ⓐ বন্ড Ⓑ ট্রেজারি বিল
Ⓒ ঋণপত্র Ⓓ ট্রেজারি নোট
B Solve ট্রেজারি বিলের মেয়াদ সর্বোচ্চ এক বছর। option A,C,D এর মেয়াদ সবগুলোই ১ বছরের অধিক। তাই উত্তর ট্রেজারি বিল।

68. নিচের কোন বন্ডটি সবচাইতে বেশি আয় প্রদান করে?
Ⓐ জাঙ্ক বন্ড Ⓑ জিরো-কুপন বন্ড
Ⓒ আয় বন্ড Ⓓ রূপান্তরযোগ্য বন্ড
A Solve যে বন্ডের আয় বেশি এবং ঝুঁকি বেশি তাকে জাঙ্ক বন্ড বলে।

69. প্রতিষ্ঠানের বহিঃপ্রবাহ ঘটে নিচের কোন ক্ষেত্রে?
Ⓐ স্থায়ী সম্পদ বিক্রয় Ⓑ অবচয়
Ⓒ বন্ড ইস্যু Ⓓ বন্ড সমর্পণ
D Solve বন্ড সম্পূর্ণ করলে বন্ডহোল্ডারদের অর্থ প্রদান করে বন্ড ফেরত নেওয়া হয়। তাই এটি বহিঃপ্রবাহ। A, B, C হলো আন্তঃপ্রবাহ।

70. যে হারে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে তহবিল সরবরাহ করে তাকে —— বলা হয়।
Ⓐ সুদের হার Ⓑ মুদ্রাস্ফীতির হার
Ⓒ বাট্টার হার Ⓓ ব্যাংক হার
D Solve যে হারে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে তহবিল সংগ্রহ করে তাকে ব্যাংক রেট বলে। বাংলাদেশে এ হার ৫%।

71. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক নয়?
Ⓐ বাংলাদেশ ব্যাংক Ⓑ ব্যাংক অব জাপান
Ⓒ ফেডারেল রিজার্ভ সিস্টেম Ⓓ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
D Solve ইন্ডিয়ার কেন্দ্রীয় ব্যাংকের নাম রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া।

72. ক্ষতিপূরণের নীতি প্রযোজ্য নয় কোথায়?
Ⓐ জাহাজ বিমা Ⓑ বিমান বিমা
Ⓒ জীবন বিমা Ⓓ অগ্নি বিমা
C Solve জীবন বিমা নিশ্চয়তার নীতি কিন্তু ক্ষতিপূরণের নীতি নয়।

73. কোন পণ্য বা সেবার বর্তমান ও ভবিষ্যৎ সকল ক্রেতার সমষ্টি হচ্ছে-
Ⓐ বাজারজাতকরণ Ⓑ বাজার
Ⓒ ভ্যালু Ⓓ বিনিময়
B Solve কোনো পণ্যের বর্তমান ও সম্ভাব্য সকল ক্রেতার সমষ্টিকে বাজার বলে।

74. নিচের কোনটি বাজারজাতকরণের কাজ নয়?
Ⓐ বিক্রয় Ⓑ গুদামজাতকরণ
Ⓒ অপপ্রচার Ⓓ বিজ্ঞাপন
C Solve বিক্রয়, ক্রয়, পরিবহন, গুদামজাতকরণ, বিজ্ঞাপন, পর্যায়িতকরণ ইত্যাদি বাজারজাতকরণের কাজ। অপপ্রচার বাজারজাতকরণের কাজ নয়।

75. 'কোনো কিছুর জন্য যা ধার্য করা হয় তাকে মূল্য বলে'- উক্তিটি কে দিয়েছেন?

Ⓐ ফিলিপ কটলার　Ⓑ ওয়ারেন বাফেট
Ⓒ ম্যাকার্থী　Ⓓ জে স্টেনটন

**C Solve** কোনো কিছুর জন্য যা ধার্য করা হয় তাকে মূল্য বলে- সংজ্ঞাটি ম্যাকার্থীর।

76. নিচের কোনটি পণ্যের উপাদান নয়?

Ⓐ প্যাকেজিং　Ⓑ নকশা
Ⓒ গুণগত মান　Ⓓ মজুতমাল

**D Solve** পণ্যের সম্ভার হলো মজুতমাল। প্যাকেজিং, গুণাগতমান, নকশা, উপকরণ সবই পণ্যের উপাদান।

77. উৎপাদনের দ্বারা কী উপযোগ সৃষ্টি হয়?

Ⓐ স্থানগত　Ⓑ সময়গত
Ⓒ রূপগত　Ⓓ মালিকানাগত

**C Solve** উৎপাদনের মাধ্যমে রূপগত উপযোগ সৃষ্টি হয়।

78. CAB এর সম্পূর্ণ রূপ কী?

Ⓐ Cable Association of Bangladesh
Ⓑ Customer Association of Bangladesh
Ⓒ Cooperative Association of Bangladesh
Ⓓ Consumer Association of Bangladesh

**D Solve** CAB এর পূর্ণরূপ Consumer Association of Bangladesh। এর কাজ হলো ভোক্তা অধিকার সংরক্ষণ করা।

79. অভাব যখন ক্রয় ক্ষমতা দ্বারা সমর্থিত হয় তখন তাকে —— বলে।

Ⓐ প্রয়োজন　Ⓑ চাহিদা
Ⓒ অভাব　Ⓓ পণ্য

**B Solve** অভাব যখন ক্রয়ক্ষমতার শর্ত পূরণ করে তখন তাকে চাহিদা বলে।

80. নিচের কোনটি ক্রেতার মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য নয়?

Ⓐ প্রেষণা　Ⓑ শিক্ষণ
Ⓒ ব্যক্তিত্ব　Ⓓ সামাজিক ভূমিকা

**D Solve** প্রেষণা, শিক্ষণ, ব্যক্তিত্ব, প্রত্যক্ষণ ইত্যাদি মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্য।

81. নিচের কোনটি ভোগ্য পণ্য?

Ⓐ কাঁচামাল　Ⓑ সুতা
Ⓒ যন্ত্রপাতি　Ⓓ সাবান

**D Solve** কাঁচামাল, সুতা, যন্ত্রপাতি সবই উৎপাদনে ব্যবহৃত হয়। তাই এগুলো শিল্প পণ্য।

82. মুদ্রানীতি কোন পরিবেশের অন্তর্ভুক্ত?

Ⓐ অর্থনৈতিক　Ⓑ রাজনৈতিক
Ⓒ সাংস্কৃতিক　Ⓓ আইনগত

**A Solve** মুদ্রানীতি, আয়, ব্যয়, উৎপাদন, শুল্ক, কর ইত্যাদি অর্থনৈতিক পরিবেশের অন্তর্ভুক্ত।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

83. 'রাঘব' শব্দটি দিয়ে কাকে ইঙ্গিত করা হয়েছে?

Ⓐ রামচন্দ্র　Ⓑ রাবণ
Ⓒ বিভীষণ　Ⓓ লক্ষ্মণ

**A Solve** 'রাঘব' বলতে মূলত বোঝানো হয় রঘুবংশের শ্রেষ্ঠ সন্তান। তবে এখানে রামচন্দ্র বা রামকে বোঝানো হয়েছে।

84. 'একটি চাউল পরীক্ষা করিলেই হাঁড়িভরা ভাতের অবস্থা জানা যায়' উদ্ধৃতিটি কোন রচনায় পাওয়া যায়?

Ⓐ বিড়াল　Ⓑ চাষার দুক্ষু
Ⓒ বায়ান্নর দিনগুলো　Ⓓ নেকলেস

**B Solve** রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'চাষার দুক্ষু' শীর্ষক রচনাটি বাংলা একাডেমি প্রকাশিত 'রোকেয়া রচনাবলি' থেকে চয়ন করা হয়েছে। 'চাষার দুক্ষু' প্রবন্ধটি তৎকালীন দারিদ্র্যপীড়িত কৃষকদের বঞ্চনার মর্মন্তুদ দলিল হয়ে আছে।

85. 'আহ্বান' গল্পে কথকের সহপাঠী কে ছিলেন?

Ⓐ আবদুল　Ⓑ আবেদালী
Ⓒ শুকুর মিয়া　Ⓓ নসর

**B Solve** 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনাবলি থেকে সংকলিত হয়েছে। এটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প। গল্পটিতে দারিদ্র্যপীড়িত গ্রামের মানুষের সহজ-সরল জীবনধারার প্রতিফলন ঘটেছে।

86. 'যষ্টি' শব্দের অর্থ–

Ⓐ বিড়াল　Ⓑ লুঙ্গি
Ⓒ লাঠি　Ⓓ স্ত্রী

**C Solve** বিড়াল প্রবন্ধের কতিপয় শব্দার্থ :

| | | | |
|---|---|---|---|
| দিব্যকর্ণ | ঐশ্বরিকভাবেশ্রবণ করা। | ন্যায়ালংকার | ন্যায়শাস্ত্রে পণ্ডিত। |
| ঠেঙ্গালাঠি | প্রহার করার লাঠি। | ভার্যা | স্ত্রী, বউ। |

87. 'বেমক্কা'র সমার্থক শব্দ কোনটি?

Ⓐ সূর্য　Ⓑ আগুন
Ⓒ মাটি　Ⓓ অসংগত

**D Solve** কতিপয় গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ :

| | |
|---|---|
| সূর্য | মিহির, বালার্ক, ভানু, ভাস্কর, সবিতা, বিবস্বান, পূষণ। |
| আগুন | অগ্নি, পাবক, সর্বভুক, বিভাবসু, সর্বশুচি, বৈশ্বানর, হুতাশন। |
| মাটি | মৃৎ, মৃত্তিকা, জমি, জমিন, পাংশু, ভূত্বক, স্থলভূমি, ভুঁই। |

88. 'তামার বিষ' বাগ্‌ধারাটির অর্থ কী?

Ⓐ অর্থের কুপ্রভাব　Ⓑ কলহ
Ⓒ বিষাক্ত　Ⓓ বিষমুক্ত

**A Solve** কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : তিলকে তাল করা (অত্যন্ত বাড়িয়ে বলা), ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তীর্থের কাক (প্রতীক্ষারত), তুলো ধুনা করা (দুর্দশাগ্রস্ত করা), তুলকালাম (সাংঘাতিক ঘটনা), তুর্কি নাচন (দুরবস্থার একশেষ)।

89. 'সাদা' শব্দটি কোন ভাষা থেকে আগত?

Ⓐ আরবি　Ⓑ ফারসি
Ⓒ বাংলা　Ⓓ পর্তুগিজ

**B Solve** কতিপয় বিদেশি ভাষার শব্দ :

| | |
|---|---|
| আরবি | দালাল, মুসাফির, খারিজ, তসবি, বাকি, কেচ্ছা। |
| ফারসি | সফেদ, জবানবন্দি, সওদাগর, পাঞ্জেরি, আদমি, নালিশ। |
| দেশি | কুড়ি, পেট, কুলা, ডিঙ্গা, ঢেঁকি, লাউ, পাতিল, খুকি, গঞ্জ। |
| পর্তুগিজ | আলমারি, বালতি, পাউরুটি, গুদাম, আতা, পাদ্রি। |

90. কোনটি সমার্থ শব্দ নয়?

Ⓐ অর্ণব　Ⓑ তরঙ্গিণী
Ⓒ জলধি　Ⓓ সিন্ধু

**B Solve** কতিপয় সমার্থক শব্দ :

| | |
|---|---|
| জলধি | সমুদ্র, অর্ণব, বারিধি, সিন্ধু, দরিয়া, পারাবার, জলধর। |
| তরঙ্গিণী | নদী, সরিৎ, তটিনী, শৈবলিনী, অপগা, বারিৎ। |

**91. 'অনবরত ধেয়ে চলা মানুষের সাধনা হওয়া উচিত নয়।' বাক্যটি কোন রচনার অংশ?**

Ⓐ হৈমন্তী Ⓑ অর্ধাঙ্গী
Ⓒ জীবন ও বৃক্ষ Ⓓ একটি তুলসী গাছের কাহিনী

**C Solve** মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি তাঁর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। পরার্থে আত্মনিবেদিত সুকৃতিময় সার্থক বিবেকবোধসম্পন্ন মানবজীবনের মহত্তম প্রত্যাশা থেকে লেখক মানুষের জীবনকাঠামোকে তুলনা করেছেন বৃক্ষের সঙ্গে এবং মনুষত্যের প্রতীক হিসেবে।

**92. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?**

Ⓐ সাহেব Ⓑ বেয়াই
Ⓒ সঙ্গী Ⓓ কবিরাজ

**D Solve** লিঙ্গান্তর হয় না এমন কতগুলো শব্দ যেমন : ঢাকী, কৃতদার, অকৃতদার, সতীন, সৎমা, সধবা ইত্যাদি।

**93. কোনটি উভয়লিঙ্গ বাচক শব্দ?**

Ⓐ শিশু Ⓑ বৃদ্ধ Ⓒ নাবালক Ⓓ প্রৌঢ়

**A Solve** কতগুলো শব্দে পুরুষ ও স্ত্রী দু-ই বোঝায়। যেমন : জন, পাখি, গরু, ছাগল, মানুষ, সন্তান, শিক্ষিত ইত্যাদি।

**94. 'উপকারীর অপকার করে যে' তাকে এক শব্দে বলে–**

Ⓐ অকৃতজ্ঞ Ⓑ হীনকৃতজ্ঞ
Ⓒ কৃতঘ্ন Ⓓ বেশরম

**C Solve** কতিপয় বাক্য সংকোচন : উপকারীর উপকার স্বীকার করে যে = কৃতজ্ঞ; উপকারীর উপকার স্বীকার করে না যে = অকৃতজ্ঞ; অপকার করা হয়েছে এমন = অপকৃত; খারাপ করে এমন = অপকর্মা; অনুচিত প্রক্রিয়ার প্রয়োগ = অপপ্রয়োগ।

**95. 'জ্ঞান' যুক্ত বর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়েছে?**

Ⓐ ঞ্ + জ Ⓑ ঞ্ + গ Ⓒ জ্ + ঞ Ⓓ গ্ + ঞ

**C Solve** কতিপয় গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ ও গঠিত শব্দ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্ষ | ক্ + ষ | ভিক্ষুক | ম্ম | ম্ + ম | সম্মতি |
| হ্ম | হ্ + ম | ব্রাহ্মণ | ন্ম | ন্ + ম | উন্মাদ |
| জ্ঞ | জ্ + ঞ | জ্ঞাত | গ্ন | গ + ন | বিঘ্ন |

## হিসাববিজ্ঞান

**96. নিচের কোনটি হিসাববিজ্ঞানের উদ্দেশ্য?**

Ⓐ লেনদেনের শ্রেণিবিন্যাস
Ⓑ ব্যয় সংকোচনের জন্য
Ⓒ মুনাফা বৃদ্ধির জন্য
Ⓓ সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে তথ্য সরবরাহ করা

**D Solve** হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হলো সংশ্লিষ্ট পক্ষকে প্রয়োজনীয় আর্থিক তথ্য সরবরাহ করে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা এবং প্রাথমিক উদ্দেশ্য লিপিবদ্ধকরণ।

**97. হিসাবরক্ষককে কোন ধারণা/রীতি অনুসারে দশ বৎসর আয়ুষ্কাল সম্পন্ন একটি কলমদানি ক্রয়ের সময়ই খরচ হিসাবে লিপিবদ্ধ করার অনুমতি দেয়?**

Ⓐ বস্তুনিষ্ঠতা Ⓑ পূর্ণ প্রকাশ
Ⓒ রক্ষণশীলতা Ⓓ মিলকরণ

**A Solve** বস্তুনিষ্ঠতা নীতির মূল বক্তব্য হলো লেনদেনের গুরুত্ব বুঝে লিপিবদ্ধ করা। কলমদানি অনেক বছর ব্যবহারযোগ্য হলেও মূল্য কম হওয়ায় এটিকে ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা হয় বস্তুনিষ্ঠতা নীতি অনুযায়ী।

**98. নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?**

Ⓐ বিমা খরচ Ⓑ ব্যবস্থাপকের বেতন
Ⓒ প্রত্যক্ষ শ্রম Ⓓ অবচয়

**C Solve** প্রত্যক্ষ শ্রম, প্রত্যক্ষ কাঁচামাল, পরোক্ষ কাঁচামাল/ শ্রম পরিবর্তনশীল ব্যয়।

**99. যদি প্রারম্ভিক মূলধন ১,২০,০০০ টাকা, সমাপনী মূলধন ১,৮০,০০০ টাকা, উত্তোলনের পরিমাণ ৩০,০০০ টাকা, এবং অতিরিক্ত মূলধন ১,০০,০০০ টাকা হয়, তবে নিট লাভ/ক্ষতি কত হবে?**

Ⓐ নিট ক্ষতি ১০,০০০ টাকা
Ⓑ নিট লাভ ২০,০০০ টাকা
Ⓒ নিট ক্ষতি ২০,০০০ টাকা
Ⓓ নিট লাভ ১০,০০০ টাকা

**A Solve** নিট লাভ/ ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন – প্রারম্ভিক মূলধন – অতিরিক্ত মূলধন)
= (১,৮০,০০০ + ৩০,০০০ – ১,২০,০০০ – ১,০০,০০০)
= (২,১০,০০০ – ২,২০,০০০) = – ১০,০০০
∴ নিট ক্ষতি ১০,০০০ টাকা।

**100. চলতি বছরে মোট চাঁদা প্রাপ্তি ২০,০০০ টাকা। তার মধ্যে বিগত বছরের ৪,০০০ টাকা এবং আগামী বছরের ২,৫০০ টাকা, চলতি বছরের বকেয়া চাঁদা ৫,৫০০ টাকা হলে আয়-ব্যয় হিসাবে চাঁদা বাবদ কত টাকা দেখাতে হবে?**

Ⓐ ২০,০০০ টাকা Ⓑ ১৯,০০০ টাকা
Ⓒ ৮,০০০ টাকা Ⓓ ২৫,৫০০ টাকা

**B Solve**
চাঁদা আয় = (চাঁদা প্রাপ্তি – বিগত বকেয়া – চলতি অগ্রিম + চলতি বকেয়া)
= (২০,০০০ – ৪,০০০ – ২,৫০০ + ৫,৫০০) = ১৯,০০০ টাকা।

**101. নিট আয় ১,৪৫,০০০ টাকা, অবচয় ৯,০০০ টাকা, সরঞ্জাম বিক্রয় ক্ষতি ৩,০০০ টাকা, দেনাদার হ্রাস পেয়েছে ১০,০০০ টাকা, মজুতপণ্য ও অগ্রিম ব্যয় যথাক্রমে বেড়েছে ৫,০০০ টাকা ও ৪,০০০ টাকা। পরোক্ষ পদ্ধতিতে, অপারেটিং কার্যক্রমের মাধ্যমে নিট কী পরিমাণ নগদ টাকা সরবরাহ হয়েছে?**

Ⓐ টাকা ১,০২,০০০ Ⓑ টাকা ১,১২,০০০
Ⓒ টাকা ১,৫৮,০০০ Ⓓ টাকা ১,৩৬,০০০

**C Solve**

| | |
|---|---|
| নিট আয় | ১,৪৫,০০০ |
| (+) অবচয় | ৯,০০০ |
| (+) বিক্রয়জনিত ক্ষতি | ৩,০০০ |
| (+) দেনাদার হ্রাস | ১০,০০০ |
| (–) মজুত বৃদ্ধি | (৫,০০০) |
| (–) অগ্রিম খরচবৃদ্ধি | (৪,০০০) |

পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহ : ১,৫৮,০০০

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

**102. মাসলোর প্রেষণা তত্ত্বের সর্বশেষ স্তর কোনটি?**

Ⓐ জৈবিক চাহিদা Ⓑ আত্ম-পরিপূর্ণতার চাহিদা
Ⓒ নিরাপত্তার চাহিদা Ⓓ সামাজিক চাহিদা

**B Solve** মাসলোর প্রেষণ তত্ত্বের প্রথম ধাপ জৈবিক

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

**103.নিচের কোন সিকিউরিটি ইস্যুকারীর নিকট সবচেয়ে কম খরচ বহন করে?**
Ⓐ সাধারণ শেয়ার Ⓑ অগ্রাধিকার শেয়ার
Ⓒ ডিবেঞ্চার Ⓓ জামানতযুক্ত বন্ড
D Solve বন্ডের ব্যয় সবচেয়ে কম এবং সাধারণ শেয়ারের ব্যয় সব থেকে বেশি।

**104.পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য হলো-**
Ⓐ ঝুঁকি হ্রাস Ⓑ মুনাফা বৃদ্ধি
Ⓒ সম্পদ বৃদ্ধি Ⓓ আয় বৃদ্ধি
A Solve পোর্টফোলিওতে একাধিক সিকিউরিটিতে বিনিয়োগ করা হয়। এর উদ্দেশ্য হলো ঝুঁকি হ্রাস।

**105.নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল নয়?**
Ⓐ বাহকের চেক Ⓑ টাকা
Ⓒ প্রতিজ্ঞাপত্র Ⓓ দাগ কাটা চেক
D Solve হাতে হাতে হস্তান্তরের মাধ্যমে হস্তান্তর করা গেলে তাকে হস্তান্তরযোগ্য দলিল বলে। দাগকাটা চেক মূলত অনুমোদনের মাধ্যমে হস্তান্তর করতে হয়। তাই এটি সংজ্ঞানুসারে হস্তান্তরযোগ্য দলিল নয়।

**106.বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূলধন খরচের সাথে নিচের কোনটির তুলনা করা হয়?**
Ⓐ নিট বর্তমান মূল্য Ⓑ আন্তঃ আয় হার
Ⓒ মুনাফা লভ্যতা সূচক Ⓓ গড় মুনাফার হার
B Solve প্রকল্প নির্বাচনের সময় মূলধন ব্যয়ের হারের সাথে আন্তঃআয় হারের তুলনা করে আন্তঃআয় বেশি হলে প্রকল্পটি গ্রহণ করা হয়।

**107.পদ্মা ব্যাংক কোন ব্যাংকের পরিবর্তিত নাম?**
Ⓐ ইউনিয়ন ব্যাংক Ⓑ ফার্মারস ব্যাংক
Ⓒ এন আর বি ব্যাংক Ⓓ সাউথ বাংলা ব্যাংক
B Solve পদ্মা ব্যাংক ফার্মারস ব্যাংক এর পরিবর্তিত নাম। নাম পরিবর্তন করা হয় ৩১ জানুয়ারি, ২০১৯।

**108.পণ্য বিমার জন্য কোন ধরনের নৌ-বিমাপত্র অধিক উপযোগী?**
Ⓐ যাত্রা বিমাপত্র Ⓑ সময় বিমাপত্র
Ⓒ ভাসমান বিমাপত্র Ⓓ উন্মুক্ত বিমাপত্র
D Solve পণ্য বিমার জন্য উন্মুক্ত বিমাপত্র বেশি উপযোগী। কারণ এতে পণ্যের সর্বোচ্চ পরিমাণ উল্লেখ থাকে না।

**109.জেটিসন শব্দটি কোন বিমার সাথে জড়িত?**
Ⓐ জীবন Ⓑ নৌ Ⓒ অগ্নি Ⓓ শস্য
B Solve জেটিসন মানে পণ্য নিক্ষেপণ। সামুদ্রিক দুর্যোগে জাহাজ থেকে পণ্য নিক্ষেপকে জেটিসন বলে।

**110.নিচের কোন ব্যাংকের জন্য বিধিবদ্ধ রিজার্ভ সংরক্ষণ বাধ্যতামূলক?**
Ⓐ গ্রামীণ ব্যাংক Ⓑ বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক
Ⓒ সোনালী ব্যাংক Ⓓ বাংলাদেশ ব্যাংক
C Solve সকল তালিকাভুক্ত ব্যাংকের জন্য রিজার্ভ সংরক্ষণ বাধ্যতামূলক। option- A, B অতালিকাভুক্ত ব্যাংক এবং বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ সংরক্ষণ বাধ্যতামূলক নয়।

**111.ব্যক্তিক বিক্রয় নিচের কোন ধরনের পণ্যের জন্য বেশি কার্যকর?**
Ⓐ চকোলেট Ⓑ সিগারেট
Ⓒ বিমা পলিসি Ⓓ সেল ফোন
C Solve ব্যক্তিক বিক্রয় অযাচিত পণ্যের জন্য বেশি কার্যকরী কারণ ক্রেতারা এই সকল পণ্যের ব্যবহার সম্পর্কে অবহিত থাকে না। বিমা পলিসি একটি অযাচিত পণ্য।

**112.তুলনামূলকভাবে ছোটো দোকান যা আবাসিক এলাকার নিকটবর্তী এবং সপ্তাহে সাত দিনই দীর্ঘ সময় খোলা থাকে তাকে বলে-**
Ⓐ বিশিষ্ট স্টোর Ⓑ ডিপার্টমেন্ট স্টোর
Ⓒ কনভিনিয়েন্স স্টোর Ⓓ সুপার স্টোর
C Solve যে বিপণি সপ্তাহে সাতদিনই খোলা থাকে এবং আবাসিক এলাকার কাছাকাছি তাকে সুবিধা স্টোর বা কনভিনিয়েন্স স্টোর বলে।

**113.নিচের কোনটি শিল্প বাজারের ধারণার সাথে সংশ্লিষ্ট নয়?**
Ⓐ উৎপাদন Ⓑ পুনঃ বিক্রয়
Ⓒ বিনিময় Ⓓ ভোগ
D Solve শিল্পবাজার মূলত পুনরায় বিক্রয়/বিনিময় উৎপাদনের জন্য পণ্য ক্রয় করে। ভোগ শিল্প বাজারের সাথে সম্পর্কিত নয়।

**114.পণ্য বিক্রয়ের পরিমাণ সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায় পণ্য জীবন চক্রের কোন স্তরে?**
Ⓐ সূচনা স্তরে Ⓑ প্রবৃদ্ধি স্তরে
Ⓒ পূর্ণতা স্তরে Ⓓ পতন স্তরে
C Solve পণ্য বিক্রয়ের পরিমাণ সর্বোচ্চ স্তরে পৌঁছায় পূর্ণতা স্তরে। এই স্তর সব থেকে দীর্ঘস্থায়ী।

**115.'সবুজ বাজারজাতকরণ' এর মূল প্রতিপাদ্য বিষয় কোনটি?**
Ⓐ বৃক্ষ রোপণ অভিযান
Ⓑ মুনাফা অর্জন
Ⓒ বাজারজাতকরণের জন্য পরিবেশ
Ⓓ পরিবেশের প্রতিকূলে গিয়ে উন্নয়ন
C Solve সবুজ বাজারজাতকরণের মূল বিষয় হচ্ছে পরিবেশের প্রতি লক্ষ্য রেখে বাজারজাতকরণ করা।

**116.নতুন পণ্য উন্নয়নের প্রথম ধাপ কোনটি?**
Ⓐ ধারণা সৃষ্টি Ⓑ পণ্য উন্নয়ন
Ⓒ ধারণা বাছাই করা Ⓓ বাজার পরীক্ষণ
A Solve নতুন পণ্য উন্নয়নের প্রথম ধাপ ধারণা সৃষ্টি এবং শেষ ধাপ বাণিজ্যীকরণ।

**117.২৯৯ কী ধরনের মূল্য নির্ধারণ?**
Ⓐ প্রসারমূলক মূল্য নির্ধারণ Ⓑ সেগমেন্ট মূল্য নির্ধারণ
Ⓒ মনস্তাত্ত্বিক মূল্য নির্ধারণ Ⓓ মার্ক-আপ মূল্য নির্ধারণ
C Solve ২৯৯, ৯৯ ইত্যাদি মনস্তাত্ত্বিক মূল্য নির্ধারণ

**118.নিচের কোনটি বাজারজাতকরণ প্রমোশন মিশ্রণের অংশ নয়?**
Ⓐ প্যাকেজিং Ⓑ গণসংযোগ
Ⓒ বিক্রয় প্রসার Ⓓ বিজ্ঞাপন
A Solve প্রমোশনের অন্তর্গত হলো বিজ্ঞাপন, বিক্রয় প্রসার, গণসংযোগ, প্রচার, ব্যক্তির বিক্রয়।

**119.কোনটি পণ্য ডিজাইনের ধাপ নয়?**
Ⓐ উদ্যোগ গ্রহণ Ⓑ ধারণা উন্নয়ন
Ⓒ পরীক্ষামূলক উৎপাদন Ⓓ নতুন পণ্য প্রবর্তন
D Solve ডিজাইনের ধাপগুলো হলো উদ্যোগ গ্রহণ, সামর্থ্য বিশ্লেষণ, ধারণা উন্নয়ন, পরীক্ষামূলক উৎপাদন, চূড়ান্ত উৎপাদন।

**120.কোনটি বিক্রয়কর্মীর গুণাবলি নয়?**
Ⓐ স্বাস্থ্য Ⓑ চেহারা
Ⓒ হাসি Ⓓ প্রতারণা
D Solve স্বাস্থ্য, চেহারা, হাসি, আদবকায়দা, সততা রসিকতাবোধ, নৈতিকতা ইত্যাদি বিক্রয়কর্মীর গুণাবলি।

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

**ভর্তি পরীক্ষা : ২০১৮-১৯; ইউনিট: বাণিজ্য**

**১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে**

## বাংলা

**01. 'সেই অস্ত্র' কবিতায় কোন নগরীর উল্লেখ আছে?**

Ⓐ দিল্লি Ⓑ ঢাকা
Ⓒ ট্রয় Ⓓ কলকাতা

**C Solve** আহসান হাবীব 'সেই অস্ত্র' কবিতায় উল্লেখ করেছেন, ভালোবাসা নামক সেই অস্ত্র উত্তোলিত হলে বারবার ট্রয়নগরী বিধ্বস্ত হবে না।

**02. 'Lender' এর পারিভাষিক শব্দ–**

Ⓐ ঋণগ্রহীতা Ⓑ মহাজন
Ⓒ ঋণী Ⓓ পরিশোধকারী

**B Solve** কতিপয় গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Licence | অনুমতিপত্র | Ledger | খতিয়ান |
| Lexicon | অভিধান | Leave | অবকাশ/ছুটি |

**03. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?**

Ⓐ গল্প Ⓑ কবিতা
Ⓒ উপন্যাস Ⓓ প্রবন্ধ

**C Solve** 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যধর্মী উপন্যাস। অমিত, লাবণ্য, শোভনলাল, কেতকী এ উপন্যাসের প্রধান চরিত্র।

**04. 'সত্য' শব্দের ঠিক উচ্চারণ–**

Ⓐ শত্তো Ⓑ সত্তো
Ⓒ শ-ত্তো Ⓓ শোত্তো

**D Solve** কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ : সার্থক (শারথক্), সাক্ষ্য (শাকখো), সহজ (শহোজ), সর্বজনীন (শরবোজোনিন্), সম্ভ্রান্ত (শমভ্রানতো)।

**05. 'তরুশাখা' কোন সমাসবদ্ধ পদ?**

Ⓐ ষষ্ঠী তৎপুরুষ Ⓑ চতুর্থী তৎপুরুষ
Ⓒ মধ্যপদলোপী কর্মধারয় Ⓓ মধ্যপদলোপী বহুব্রীহি

**A Solve** পূর্বপদে ষষ্ঠী বিভক্তি লোপ পেয়ে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয়। যেমন : চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট।

**06. 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।' কোন রচনা বা কবিতার অংশ?**

Ⓐ সেই অস্ত্র Ⓑ বায়ান্নর দিনগুলো
Ⓒ ফেব্রুয়ারি ১৯৬৯ Ⓓ লোক-লোকান্তর

**C Solve** প্রতি বছর শহরের পথে পথে কৃষ্ণচূড়া ফুল ফোটে। কবির মনে হয় যেন ভাষা-শহিদদের রক্তের বুদ্বুদ কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে। তাই একুশের কৃষ্ণচূড়াকে কবি আমাদের চেতনার রঙের সঙ্গে মিলিয়ে নিতে চান।

## English

**Choose the correct sentence (Questions 07-08)**

**07.**

Ⓐ He is my elder brother.
Ⓑ He is my older brother
Ⓒ He is my junior brother.
Ⓓ He is my senior brother.

**A Explanation** বয়সে বড় বোঝাতে elder ব্যবহৃত হয়।

**08.**

Ⓐ Your accent is worse than mine.
Ⓑ Your accent is worser than I.
Ⓒ Your accent is worst than mine.
Ⓓ Your accent is worst than I.

**A Explanation** সঠিক বাক্য হলো 'your accent is worse than mine', my accent এর পরিবর্তে mine (possessive) হবে redundancy দূর করার জন্য।

**09. He must conform — the rules.**

Ⓐ with Ⓑ for
Ⓒ about Ⓓ to

**D Explanation** Conform to – অনুরূপ হওয়া/মেনে চলা।

**10. He died — illness.**

Ⓐ from Ⓑ by
Ⓒ in Ⓓ of

**D Explanation** Die of - রোগে মারা যাওয়া, die for - দেশের জন্য মরা, die in - যুদ্ধে, অভাবে মারা যাওয়া, শান্তিতে মারা যাওয়া।

**11. — she is blind, she paints very well.**

Ⓐ Since Ⓑ Because
Ⓒ Despite Ⓓ Although

**D Explanation** দুটি বিপরীত idea এর clause কে যুক্ত করতে complex sentence এ although/though হয়। Simple sentence এ despite/inspite of হয়।

**12. If I — you, I would have accepted his offer.**

Ⓐ were Ⓑ was
Ⓒ had Ⓓ have

**Blank Explanation** 3rd conditional এর নিয়মানুযায়ী if এর পর past perfect tense হবে।

**13. I'm fond of gardening, reading and —**

Ⓐ to dance Ⓑ dancing
Ⓒ danced Ⓓ dance

**B Explanation** Parallelism অনুযায়ী dancing হবে।

**14. The bank is — the restaurant.**

Ⓐ up Ⓑ down
Ⓒ beside Ⓓ bottom

**A Explanation** ব্যাংকটি রেস্টুরেন্ট এর উপরে।

**15. The dog was hiding — the table.**

Ⓐ down Ⓑ under
Ⓒ over Ⓓ up

**B Explanation** টেবিলের নিচে বোঝাতে under the table হবে।

16. **The past form 'seek' is**
Ⓐ seeked Ⓑ searched
Ⓒ sorted Ⓓ sought
D Explanation Seek (খোঁজ করা) এর past এবং past participle হলো sought।

17. **The plural of half is—.**
Ⓐ Halfs Ⓑ Halves
Ⓒ more than half Ⓓ more of half
B Explanation Half (অর্ধেক) এর plural হলো halves।

18. **Identify the correct spelling**
Ⓐ Briliant Ⓑ Brilliant
Ⓒ Breliant Ⓓ Biriliant
B Explanation Brilliant - অতি উজ্জ্বল।

19. **The past participle of 'bear' is**
Ⓐ bore Ⓑ borne
Ⓒ bored Ⓓ borned
B Explanation Bear ( বহন করা) - bore - borne। Bear (প্রসব করা) - bore - born।

20. **Which of the following pairs is similar in relationship to PRINTER:TONER**
Ⓐ PENCIL:ERASER Ⓑ PEN:INK
Ⓒ SCHOOL:BUS Ⓓ BOOK:CHAPTER
A Explanation Printer এর কাজে ভুল হলে সেট মুছতে toner ব্যবহৃত হয় তেমনি পেন্সিলের লেখা মুছতে eraser ব্যবহৃত হয়।

21. **Apu — in London because his wife is posted there.**
Ⓐ live Ⓑ lives
Ⓒ lived Ⓓ living
B Explanation Because এর পরের clauseটি simple present এ থাকায় এর পূর্বের clauseটি ও simple present এ হবে।

22. **I — ready for two hours when he told me that he was not going to the party.**
Ⓐ was Ⓑ were
Ⓒ have been Ⓓ had been
D Explanation For + time উল্লেখ থাকার কারণে perfect tense হবে। যেহেতু when এর পরে past তাই এর পূর্বেও past হবে।

23. **Which of the following is a feminine gender?**
Ⓐ Spinster Ⓑ Bachelor
Ⓒ Duke Ⓓ Count
A Explanation Spinster - অবিবাহিত মহিলা।

24. **The phrase "cool as a cucumber" means**
Ⓐ Cold Ⓑ Very calm
Ⓒ Distant Ⓓ Indifferent
B Explanation Cool as a cucumber - খুবই শান্ত (very calm)।

25. **The noun form of 'anxious' is**
Ⓐ Annoyed Ⓑ Anxiety
Ⓒ Anger Ⓓ Angry
B Explanation Anxious (উদ্বিগ্ন) এর noun হলো anxiety (উদ্বেগ)।

26. **The antonym of the word 'humble' is**
Ⓐ Proud Ⓑ Friendly
Ⓒ Simple Ⓓ Rich
A Explanation Humble (বিনয়ী, নম্র) এর বিপরীত শব্দ proud (উদ্ধত)।

## হিসাববিজ্ঞান

27. **একটি মেশিন ৩,২০০ টাকায় ক্রয় করা হলো। ক্রমহ্রাসমান পদ্ধতিতে ২৫% হারে ইহার অবচয় ধার্য করা হয়। দুই বছর পরে মেশিনের মূল্য হিসাবের বইতে কত হবে?**
Ⓐ ১,৬০০ টাকা Ⓑ ২,৪০০ টাকা
Ⓒ ২,৮৫০ টাকা Ⓓ ১,৮০০ টাকা
D Solve দুই বছর পর পুস্তক মূল্য হবে $= C \times (1-i)^n$
$= ৩২০০ \times (১ - .২৫)^২ = ৩২০০ \times ০.৫৬২৫ = ১৮০০$ টাকা।

28. **কোনটি রেওয়ামিলে মিলকরণে প্রভাব ফেলে?**
Ⓐ করিম এন্ড সন্স থেকে ক্রয়কৃত ৪৪০ টাকার পণ্য উভয় হিসাবে পড়েছে।
Ⓑ পেট্রোল খরচ মোটর গাড়ি হিসাবে দেখানো হয়েছে।
Ⓒ একটি বিক্রয় লেনদেন সম্পূর্ণভাবে হিসাব থেকে বাদ পড়েছে।
Ⓓ বিদ্যুৎ খরচ ৫০ টাকা শুধু নগদ বইয়ে লেখা হয়েছে।
D Solve বিদ্যুৎ খরচ শুধুমাত্র নগদান বইতে দেখানোর ফলে একপক্ষের ভুল হয়েছে। এর ফলে রেওয়ামিল মিলবে না। কারন এর ফলে সম্পদ কম দেখানো হয়েছে কিন্তু মালিকানাস্বত্ব কম দেখানো হয়নি।

29. **একটি লিমিটেড কোম্পানির Retained Earnings Statement এ নিচের কোনটি দেখানো হয়?**
Ⓐ ঋণপত্রের সুদ Ⓑ প্রস্তাবিত লভ্যাংশ
Ⓒ পরিচালকের ভাতা Ⓓ পরিচালকের বোনাস
B Solve Retained Earnings Statement এ প্রস্তাবিত লভ্যাংশ বিভিন্ন তহবিলে স্থানান্তর, আয়কর ইত্যাদি দেখানো হয়েছে।

30. **যদি মজুত পণ্য ৩০,০০০ টাকা দেনাদার ৪৫,০০০ টাকা, নগদ ১৫,০০০ টাকা এবং পাওনাদার ৩০,০০০ টাকা হয়, তখন চলতি অনুপাত হবে-**
Ⓐ ৩:১ Ⓑ ২:১
Ⓒ ৩.৫:১ Ⓓ ২.৫:১
A Solve চলতি অনুপাত $= \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}}$
$= \frac{\text{মজুদ পণ্য} + \text{দেনাদার} + \text{নগদ}}{\text{পাওনাদার}}$
$= \frac{৩০,০০০ + ৪৫,০০০ + ১৫,০০০}{৩০,০০০} = \frac{৯০,০০০}{৩০,০০০} = ৩ : ১$

31. **বোনাস শেয়ার ইস্যু করলে-**
Ⓐ ইক্যুইটি বা মূলধন বাড়ে এবং সংরক্ষিত আয় কমে
Ⓑ সংরক্ষিত আয় বাড়ে এবং ইকুয়িটি বা মূলধন কমে
Ⓒ সংরক্ষিত আয় কমে এবং সম্পদ বাড়ে
Ⓓ সম্পদ কমে এবং সংরক্ষিত বাড়ে
A Solve বোনাস শেয়ার ইস্যু ফলে মূলধন বাড়ে ও সংরক্ষিত আয় কমে অর্থাৎ মালিকানাস্বত্ব অপরিবর্তিত থাকে।

32. **ট্রেডমার্ক কী ধরনের সম্পত্তি?**
Ⓐ স্থায়ী সম্পত্তি Ⓑ অস্পর্শনীয় সম্পত্তি
Ⓒ চলতি সম্পত্তি Ⓓ অলীক সম্পত্তি
B Solve ট্রেডমার্ক, কপিরাইট, প্যাটেন্ট ও সুনাম ইত্যাদি অস্পর্শনীয় সম্পত্তি।

33. ক ও খ অংশীদার ৭:৫ অনুপাতে লাভ-ক্ষতি বন্টন করে। তারা গ কে নতুন অংশীদার হিসেবে অন্তর্ভুক্ত করলো এবং ৫:৩:২ অনুপাতে লাভ ক্ষতি বণ্টনে চুক্তিবদ্ধ হলো। ক ও খ এর ত্যাগ অনুপাত নির্ণয় কর।

Ⓐ ৫:৭ Ⓑ ৭:৫ Ⓒ ৩:২ Ⓓ ১২:৭

**A Solve** ত্যাগ অনুপাত = পুরাতন – নতুন অনুপাত

∴ ক ও খ এর পুরতান অনুপাত = ৭:৫ = $\frac{৭}{১২}:\frac{৫}{১২}$

ক ও খ এর নতুন অনুপাত = ৫:৩ = $\frac{৫}{১০}:\frac{৩}{১০}$

∴ ক এর ত্যাগ অনুপাত = $\frac{৭}{১২}-\frac{৫}{১০}=\frac{৩৫-৩০}{৬০}=\frac{৫}{৬০}$

∴ খ এর ত্যাগ অনুপাত = $\frac{৫}{১২}-\frac{৩}{১০}=\frac{২৫-১৮}{৬০}=\frac{৭}{৬০}$

∴ ক ও খ এর ত্যাগ অনুপাত = $\frac{৫}{৬০}:\frac{৭}{৬০}$ = ৫:৭

34. নিম্নের কোনটি চলতি দায় নয়?

Ⓐ প্রদেয় মজুরি Ⓑ বন্ড
Ⓒ প্রদেয় কর Ⓓ দীর্ঘমেয়াদি ঋণের চলতি অংশ

**B Solve** বন্ড দীর্ঘমেয়াদি দায়, বাকি সবগুলোই (যেমন- প্রদেয় মুজরি, প্রদেয় কর, দীর্ঘমেয়াদী ঋণের চলতি অংশ) চলতি দায়।

35. অনিশ্চিত হিসাবে একটি বড় ধরনের জের থাকলে কী করা হবে?

Ⓐ উদ্বৃত্তপত্রে কর্তন করতে হবে
Ⓑ আগামী সময়কালের জন্য জের টেনে নিয়ে যেতে হবে
Ⓒ চূড়ান্ত হিসাব ছাপানোর আগে ভুল খুঁজে বের করতে হবে
Ⓓ লাভক্ষতি হিসাবে কর্তন করতে হবে

**C Solve** কোন কারণে রেওয়ামিল না মিললে সাধারণত অনিশ্চিত হিসাব দিয়ে রেওয়ামিল মিলানো হয়। কিন্তু এই অনিশ্চিত হিসাবের জের যদি টাকার অংকে অনেক বড় হয় তাহলে চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পূর্বে এই ভুল খুঁজে বের করতে হবে।

36. বিজ্ঞাপন খরচ, যা চার বৎসর পর্যন্ত কার্যকর থাকবে, তা কোন ধরনের ব্যয়?

Ⓐ মূলধন জাতীয় ব্যয় Ⓑ মুনাফা জাতীয় ব্যয়
Ⓒ নামিক ব্যয় Ⓓ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

**D Solve** কোনো মুনাফাজাতীয় ব্যয়ের সুবিধা একাধিক বছর পাওয়া গেলে তাকে বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় বলে।

37. আয় অর্জিত হয়েছে কিন্তু নগদে গ্রহণ করা না হলে তাকে বলে:

Ⓐ অনুপার্জিত আয় Ⓑ মধ্যবর্তী আয়
Ⓒ বকেয়া আয় Ⓓ মূলধন সঞ্চিতি

**C Solve** যখন কোনো পণ্য বা সেবা সরবরাহ করার মাধ্যমে আয় অর্জিত হয়, কিন্তু নগদ টাকা গ্রহন করা হয় না, উক্ত আয়কে বকেয়া আয় বলে।

38. অংশীদারী কারবারের আয় নির্ধারণকালে নিচের কোনটি ঐ সময়ের খরচ হিসেবে বিবেচিত হবে না?

Ⓐ আয়কর খরচ Ⓑ ভাড়া খরচ Ⓒ বিদ্যুৎ খরচ Ⓓ বিমা খরচ

**A Solve** অংশীদারী ব্যবসায়ের আয়ের উপর আয়কর ধরা হয়। সুতরাং আয় নির্ধারণকালে আয়কর খরচ ঐ সময়ের খরচ হিসেবে বিবেচিত হয়।

39. শেয়ারহোল্ডারগণ নিম্নের কোনটির দ্বারা আর্থিকভাবে লাভবান হয়?

Ⓐ নিট মুনাফা Ⓑ লভ্যাংশ
Ⓒ বিক্রীত পণ্যের খরচ Ⓓ সুদ

**B Solve** শেয়ারহোল্ডারগণ শেয়ার প্রতি লভ্যাংশ পাবার মধ্য দিয়ে আর্থিকভাবে লাভবান হয়।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

40. বাংলাদেশে কোন ধরনের ব্যবসায় সবচেয়ে জনপ্রিয়?

Ⓐ প্রাইভেট লি. কোং Ⓑ পাবলিক লি. কোং
Ⓒ অংশীদারি Ⓓ এক মালিকানা কারবার

**D Solve** বাংলাদেশে একমালিকানা ব্যবসায় সবচেয়ে জনপ্রিয়। কারন স্বল্প পুঁজি নিয়ে সহজেই এই ব্যবসায় গঠন করা হয়।

41. ১৯৩২ সালের অংশীদারি আইনে ব্যাংক ব্যবসায়ে সর্বোচ্চ সদস্য সংখ্যা হবে:

Ⓐ ১৫ Ⓑ ২০ Ⓒ ১০ Ⓓ ১৩

**C Solve** অংশীদারী আইন অনুযায়ী ব্যাংকিং অংশীদারী ব্যবসায়ের অংশীদারের সংখ্যা সর্বোচ্চ ১০ জন এবং সর্বনিম্ন ২ জন।

42. বাংলাদেশে প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সর্বনিম্ন সদস্য সংখ্যা:

Ⓐ ৫ Ⓑ ১০ Ⓒ ২ Ⓓ ৭

**C Solve** প্রাইভেট লিমিটেড কোম্পানির সর্বনিম্ন শেয়ারহোল্ডাদের সংখ্যা ২জন এবং সর্বোচ্চ ৫০ জন।

43. যৌথ মূলধনী কোম্পানির সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল হল:

Ⓐ প্রচারপত্র Ⓑ নিবন্ধন পত্র
Ⓒ পরিমেল নিয়মাবলি Ⓓ পরিমেলবন্ধ

**D Solve** কোম্পানির সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল পরিমেলবন্ধ বা স্মারকলিপি। এতে কোম্পানির মূল বিষয় উল্লেখ থাকে।

44. ব্যবস্থাপনার মৌলনীতি কে প্রদান করেন?

Ⓐ ডেভিস Ⓑ হেনরি ফেয়ল
Ⓒ মার্টিন Ⓓ রবিনস্

**B Solve** ব্যবস্থাপনার কাজের সাধারণ নির্দেশনাকে ব্যবস্থাপনা নীতি বলে। ব্যবস্থাপনার ক্ষেত্রে হেনরি ফেয়ল ১৪টি মূলনীতি প্রদান করেন।

45. ব্যবস্থাপনা কার্যাবলির সর্বশেষ ধাপ কোনটি?

Ⓐ নিয়ন্ত্রণ Ⓑ পরিকল্পনা Ⓒ নেতৃত্ব Ⓓ সংগঠন

**A Solve** ব্যবস্থাপনার কার্যাবলিসমূহ হলো পরিকল্পনা, সংগঠন, কর্মীসংস্থান, নির্দেশনা, প্রেষণা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ। ব্যবস্থাপনার কাজ শুরু হয় পরিকল্পনা দিয়ে এবং শেষ হয় নিয়ন্ত্রণ দিয়ে।

46. কোন অবস্থায় নাবালক অংশীদার হতে পারে?

Ⓐ বাবার মৃত্যু Ⓑ বিলোপ
Ⓒ যোগ্যতা বলে Ⓓ সবাই সম্মত হলে

**D Solve** সাধারণত নাবালক চুক্তিতে অংশগ্রহণ করতে পারে না বলে অংশীদার হতে পারে না। কিন্তু বিশেষ উদ্দেশ্যে নাবালকে সুবিধা প্রদানের উদ্দেশ্যে সকল অংশীদারের সম্মতিতে নাবালককে অংশীদার করা যায়। এরা সাধারণত সীমাবদ্ধ অংশীদার।

47. কোম্পানি আইন বাংলাদেশে কোন সালে প্রণীত হয়?

Ⓐ ১৯৯৩ Ⓑ ১৯৩০ Ⓒ ১৯৯৪ Ⓓ ১৯৭২

**C Solve** বাংলাদেশে কোম্পানি আইন ১৯৯৪ প্রচলিত আছে।

48. নিচের কোনটি স্থায়ী পরিকল্পনা?

Ⓐ সময়সীমা Ⓑ বাজেট Ⓒ প্রকল্প Ⓓ পলিসি

**D Solve** পলিসি, প্রক্রিয়া, কৌশল, পদ্ধতি ও রীতি ইত্যাদি স্থায়ী পরিকল্পনা। অন্যদিকে কর্মসূচি, প্রকল্প ও বিশদ পরিকল্পনা একার্থক পরিকল্পনা। সময়সীমা, বাজেট স্বল্পমেয়াদি পরিকল্পনা।

49. নিচের কোনটি ব্যবস্থাপনার কাজ নয়?

Ⓐ ব্যবসায়কে সংগঠিত করা
Ⓑ উদ্দেশ্য অর্জনের জন্য পরকল্পনা
Ⓒ ঝামেলা এড়ানো
Ⓓ একটি টিমকে নেতৃত্বদান করা

**C Solve** Option গুলোর মধ্যে C ব্যতীত সবগুলোই ব্যবস্থাপনার উদ্দেশ্য। ঝামেলা এড়ানো ব্যবস্থাপনার উদ্দেশ্য নয়।

**50. নিচের কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য নয়?**

Ⓐ নমনীয়তা Ⓑ বাস্তবিকতা
Ⓒ সময় নির্ধারণ Ⓓ অনুভূতি নির্ভর

**D Solve** পরিকল্পনা বৈশিষ্ট্য হলো– নমনীয়তা, বাস্তবিকতা, গ্রহণযোগ্যতা, ভবিষ্যৎ নির্ভরতা, সময় নির্ধারণ, সুস্পষ্ট উদ্দেশ্য।

**51. প্রতিষ্ঠানের প্রত্যাশিত কার্যক্রম যখন সংখ্যায় প্রকাশ করা হয় তখন তাকে বলে-**

Ⓐ বাজেট Ⓑ উদ্দেশ্য
Ⓒ রণকৌশল Ⓓ লক্ষ্য

**A Solve** প্রত্যাশিত কার্যক্রম/পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে বাজেট বলে।

**52. নিচের কোনটি এক মালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য নয়?**

Ⓐ এক মালিকানা Ⓑ সীমিত আয়তন
Ⓒ পারস্পরিক আস্থা Ⓓ ব্যক্তিগত ঝুঁকি

**C Solve** পারস্পরিক আস্থা অংশীদারী ব্যবসায়ের বৈশিষ্ট্য। বাকি সব একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

**53. আজকের ১০০ টাকা ভবিষ্যতের যে কোন সময়ের ১০০ টাকার চাইতে যে কারণে মূল্যবান, তা হলো:**

Ⓐ এখনই ভোগ করার সুযোগ Ⓑ ভবিষ্যৎ অনিশ্চয়তা
Ⓒ মুদ্রাস্ফীতি Ⓓ উপরের সবগুলোই

**D Solve** অর্থের বর্তমানমূল্য পছন্দের কারনগুলো হলো– ১. ভোগ অগ্রাধিকার ২. অনিশ্চয়তা ৩. মুদ্রাস্ফীতি।

**54. ডিবেঞ্চার কী?**

Ⓐ জামানতযুক্ত বন্ড Ⓑ জামানতবিহীন বন্ড
Ⓒ প্রতিজ্ঞা পত্র Ⓓ জামানতবিহীন দলিল

**B Solve** ডিবেঞ্চার এক ধরনের দায়। কোনো প্রতিষ্ঠান যখন ঋণপত্র ইস্যু করে অর্থ সংগ্রহ করে কিন্তু এই ঋণপত্রের বিপরীতে কোনো ধরনের জামানত রাখে না তাকে ডিবেঞ্চার বলে।

**55. নিম্নের কোনটি ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস?**

Ⓐ শেয়ার Ⓑ ডিবেঞ্চার Ⓒ বন্ড Ⓓ সকল প্রদেয়সমূহ

**A Solve** ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস–
১. মালিকের মূলধন
২. সংরক্ষিত আয়
৩. শেয়ারমূলধন
৪. স্থায়ী সম্পদ বিক্রয়

**56. ঘূর্ণায়মান ঋণের মেয়াদ —— ।**

Ⓐ মধ্যমেয়াদি Ⓑ স্বল্পমেয়াদি
Ⓒ দীর্ঘমেয়াদি Ⓓ চিরন্তন

**A Solve** ঘূর্ণায়মান ঋণের মেয়াদ সাধারণত ২ বছরের বেশি হয়ে থাকে। সুতরাং এটি একটি মধ্যমেয়াদি ঋণ। যা আনুষ্ঠানিক চুক্তির মাধ্যমে ব্যাংক ঋণ গ্রহিতাকে একটি সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ প্রদান করে।

**57. নিট বর্তমান মূল্য পদ্ধতি নিচের কোন বিষয়টি বিবেচনা করে না?**

Ⓐ ঝুঁকি Ⓑ অর্থের সময় মূল্য
Ⓒ নগদ প্রবাহ Ⓓ মুনাফা-লভ্যতা

**D Solve** নিট বর্তমান মূল্য পদ্ধতিতে ঝুঁকি, অর্থের সময়মূল্য, নগদ প্রবাহ ইত্যাদি বিবেচনা করা হয়। মুনাফা লভ্যতা বিবেচনা করা হয় না।

**58. নিচের কোনটির ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না?**

Ⓐ সাধারণ অ্যানুইটি Ⓑ অগ্রিম অ্যানুইটি
Ⓒ চিরস্থায়ী বৃত্তি Ⓓ অসমান নগদ প্রবাহ

**C Solve** চিরস্থায়ী বৃত্তিতে সাধারণত কোনো মেয়াদ হয় না। তাই এর ভবিষ্যৎমূল্য নির্ণয় করা যায় না।

**59. কোন বন্ডটি অধিকতর ঝুঁকিপূর্ণ?**

Ⓐ জাঙ্ক বন্ড Ⓑ জিরো-কুপন বন্ড
Ⓒ আয় বন্ড Ⓓ রূপান্তরযোগ্য বন্ড

**A Solve** অধিকতর আয় এবং ঝুঁকি সম্পন্ন বন্ডকে জাঙ্ক বন্ড বলে।

**60. যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ বাট্টার হারকে কী বলা যায়?**

Ⓐ আন্তঃ আয় হার Ⓑ গড় মুনাফার হার
Ⓒ কাঙ্ক্ষিত উপার্জন হার Ⓓ ক্রস-ওভার রেট

**A Solve** আন্তঃআয় হারে নিট বর্তমান মূল্য শূন্য হয়।

**61. কতদিন পর ইস্যুকৃত চেক বাতিল হয়ে যায়?**

Ⓐ ১৮০ দিন Ⓑ ৯০ দিন
Ⓒ ১২০ দিন Ⓓ ৬০ দিন

**A Solve** চেক ইস্যুর ছয় মাস পর চেকটি বাসি বা বাতিল হয়ে যায়।

**62. জীবন বিমা চুক্তিতে অতি প্রয়োজনীয় উপাদান কোনটি?**

Ⓐ প্রতিদান মূল্য Ⓑ চূড়ান্ত সদ্বিশ্বাস
Ⓒ পারস্পারিক আস্থা Ⓓ সমর্পণ মূল্য

**B Solve** জীবন বিমার অতি গুরুত্বপূর্ণ উপাদান হলো চূড়ান্ত সদ্বিশ্বাস। বিমা গ্রহীতা কোনো ভুল তথ্য দিলে বিমা চুক্তি বাতিল হতে পারে।

**63. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**

Ⓐ জাহাজ বিমা Ⓑ বিমান বিমা
Ⓒ জীবন বিমা Ⓓ অগ্নি বিমা (Ans C)

**64. কোন চেক অধিক নিরাপদ?**

Ⓐ বাহক চেক Ⓑ হুকুম চেক
Ⓒ অনুমোদন প্রাপ্ত চেক Ⓓ দাগ কাটা চেক

**D Solve** দাগকাটা চেক মুলত নির্দিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট ব্যাংক হিসাবের বিপরীতে অর্থ উত্তোলন করতে হয়। তাই এই চেক অধিকতর নিরাপদ।

**65. নিচের কোন ধারণাটি বাংলাদেশে অধিকাংশ মার্কেটার কর্তৃক ব্যবহৃত হয়?**

Ⓐ উৎপাদন ধারণা Ⓑ বিক্রয় ধারণা
Ⓒ পণ্য ধারণা Ⓓ মার্কেটিং ধারণা

**A Solve** বাংলাদেশে সাধারণত অধিক উৎপাদন মতবাদকে বেশি গুরুত্ব দেওয়া হয়।

**66. মার্কেটিং এর মুখ্য উদ্দেশ্য কী?**

Ⓐ পণ্য উৎপাদন করা
Ⓑ ক্রেতার চাহিদা পূরণ করা
Ⓒ মুনাফা অর্জন করা
Ⓓ ক্রেতার সন্তুষ্টি বিধানের মাধ্যমে মুনাফা অর্জন করা

**D Solve** মার্কেটিং একটি সমন্বিত প্রক্রিয়া। ক্রেতাকে সন্তুষ্ট করার মাধ্যমে মুনাফা অর্জন করা মার্কেটিং এর মুখ্য উদ্দেশ্য। আধুনিক মার্কেটিং এর মূল উদ্দেশ্য হলো ভোক্তাদের সন্তুষ্টি বিধানের মাধ্যমে মুনাফা অর্জন করা। এজন্য ক্রেতা বা ভোক্তাদের প্রয়োজন বা চাহিদার ওপর গুরুত্বারোপ করা হয়।

**50. নিচের কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য নয়?**

Ⓐ নমনীয়তা Ⓑ বাস্তবিকতা
Ⓒ সময় নির্ধারণ Ⓓ অনুভূতি নির্ভর

**D** Solve পরিকল্পনা বৈশিষ্ট্য হলো– নমনীয়তা, বাস্তবিকতা, গ্রহণযোগ্যতা, ভবিষ্যৎ নির্ভরতা, সময় নির্ধারণ, সুস্পষ্ট উদ্দেশ্য।

**51. প্রতিষ্ঠানের প্রত্যাশিত কার্যক্রম যখন সংখ্যায় প্রকাশ করা হয় তখন তাকে বলে-**

Ⓐ বাজেট Ⓑ উদ্দেশ্য
Ⓒ রণকৌশল Ⓓ লক্ষ্য

**A** Solve প্রত্যাশিত কার্যক্রম/পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে বাজেট বলে।

**52. নিচের কোনটি এক মালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য নয়?**

Ⓐ এক মালিকানা Ⓑ সীমিত আয়তন
Ⓒ পারস্পরিক আস্থা Ⓓ ব্যক্তিগত ঝুঁকি

**C** Solve পারস্পরিক আস্থা অংশীদারী ব্যবসায়ের বৈশিষ্ট্য। বাকি সব একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

**53. আজকের ১০০ টাকা ভবিষ্যতের যে কোন সময়ের ১০০ টাকার চাইতে যে কারণে মূল্যবান, তা হলো:**

Ⓐ এখনই ভোগ করার সুযোগ Ⓑ ভবিষ্যৎ অনিশ্চয়তা
Ⓒ মুদ্রাস্ফীতি Ⓓ উপরের সবগুলোই

**D** Solve অর্থের বর্তমানমূল্য পছন্দের কারনগুলো হলো– ১. ভোগ অগ্রাধিকার ২. অনিশ্চয়তা ৩. মুদ্রাস্ফীতি।

**54. ডিবেঞ্চার কী?**

Ⓐ জামানতযুক্ত বন্ড Ⓑ জামানতবিহীন বন্ড
Ⓒ প্রতিজ্ঞা পত্র Ⓓ জামানতবিহীন দলিল

**B** Solve ডিবেঞ্চার এক ধরনের দায়। কোনো প্রতিষ্ঠান যখন ঋণপত্র ইস্যু করে অর্থ সংগ্রহ করে কিন্তু এই ঋণপত্রের বিপরীতে কোনো ধরনের জামানত রাখে না তাকে ডিবেঞ্চার বলে।

**55. নিম্নের কোনটি ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস?**

Ⓐ শেয়ার Ⓑ ডিবেঞ্চার Ⓒ বন্ড Ⓓ সকল প্রদেয়সমূহ

**A** Solve ব্যবসায় অর্থায়নের অভ্যন্তরীণ উৎস–

১. মালিকের মূলধন
২. সংরক্ষিত আয়
৩. শেয়ারমূলধন
৪. স্থায়ী সম্পদ বিক্রয়

**56. ঘূর্ণায়মান ঋণের মেয়াদ ——।**

Ⓐ মধ্যমেয়াদি Ⓑ স্বল্পমেয়াদি
Ⓒ দীর্ঘমেয়াদি Ⓓ চিরন্তন

**A** Solve ঘূর্ণায়মান ঋণের মেয়াদ সাধারণত ২ বছরের বেশি হয়ে থাকে। সুতরাং এটি একটি মধ্যমেয়াদি ঋণ। যা আনুষ্ঠানিক চুক্তির মাধ্যমে ব্যাংক ঋণ গ্রহিতাকে একটি সর্বোচ্চ সীমা পর্যন্ত ঋণ প্রদান করে।

**57. নিট বর্তমান মূল্য পদ্ধতি নিচের কোন বিষয়টি বিবেচনা করে না?**

Ⓐ ঝুঁকি Ⓑ অর্থের সময় মূল্য
Ⓒ নগদ প্রবাহ Ⓓ মুনাফা-লভ্যতা

**D** Solve নিট বর্তমান মূল্য পদ্ধতিতে ঝুঁকি, অর্থের সময়মূল্য, নগদ প্রবাহ ইত্যাদি বিবেচনা করা হয়। মুনাফা লভ্যতা বিবেচনা করা হয় না।

**58. নিচের কোনটির ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা যায় না?**

Ⓐ সাধারণ অ্যানুইটি Ⓑ অগ্রিম অ্যানুইটি
Ⓒ চিরস্থায়ী বৃত্তি Ⓓ অসমান নগদ প্রবাহ

**C** Solve চিরস্থায়ী বৃত্তিতে সাধারণত কোনো মেয়াদ হয় না। তাই এর ভবিষ্যৎমূল্য নির্ণয় করা যায় না।

**59. কোন বন্ডটি অধিকতর ঝুঁকিপূর্ণ?**

Ⓐ জাঙ্ক বন্ড Ⓑ জিরো-কুপন বন্ড
Ⓒ আয় বন্ড Ⓓ রূপান্তরযোগ্য বন্ড

**A** Solve অধিকতর আয় এবং ঝুঁকি সম্পন্ন বন্ডকে জাঙ্ক বন্ড বলে।

**60. যে বাট্টার হারে প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয়, ঐ বাট্টার হারকে কী বলা যায়?**

Ⓐ আন্তঃ আয় হার Ⓑ গড় মুনাফার হার
Ⓒ কাঙ্ক্ষিত উপার্জন হার Ⓓ ক্রস-ওভার রেট

**A** Solve আন্তঃআয় হারে নিট বর্তমান মূল্য শূন্য হয়।

**61. কতদিন পর ইস্যুকৃত চেক বাতিল হয়ে যায়?**

Ⓐ ১৮০ দিন Ⓑ ৯০ দিন
Ⓒ ১২০ দিন Ⓓ ৬০ দিন

**A** Solve চেক ইস্যুর ছয় মাস পর চেকটি বাসি বা বাতিল হয়ে যায়।

**62. জীবন বিমা চুক্তিতে অতি প্রয়োজনীয় উপাদান কোনটি?**

Ⓐ প্রতিদান মূল্য Ⓑ চূড়ান্ত সদ্বিশ্বাস
Ⓒ পারস্পারিক আস্থা Ⓓ সমর্পণ মূল্য

**B** Solve জীবন বিমার অতি গুরুত্বপূর্ণ উপাদান হলো চূড়ান্ত সদ্বিশ্বাস। বিমা গ্রহীতা কোনো ভুল তথ্য দিলে বিমা চুক্তি বাতিল হতে পারে।

**63. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**

Ⓐ জাহাজ বিমা Ⓑ বিমান বিমা
Ⓒ জীবন বিমা Ⓓ অগ্নি বিমা Ans Ⓒ

**64. কোন চেক অধিক নিরাপদ?**

Ⓐ বাহক চেক Ⓑ হুকুম চেক
Ⓒ অনুমোদন প্রাপ্ত চেক Ⓓ দাগ কাটা চেক

**D** Solve দাগকাটা চেক মুলত নির্দিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট ব্যাংক হিসাবের বিপরীতে অর্থ উত্তোলন করতে হয়। তাই এই চেক অধিকতর নিরাপদ।

**65. নিচের কোন ধারণাটি বাংলাদেশে অধিকাংশ মার্কেটার কর্তৃক ব্যবহৃত হয়?**

Ⓐ উৎপাদন ধারণা Ⓑ বিক্রয় ধারণা
Ⓒ পণ্য ধারণা Ⓓ মার্কেটিং ধারণা

**A** Solve বাংলাদেশে সাধারণত অধিক উৎপাদন মতবাদকে বেশি গুরুত্ব দেওয়া হয়।

**66. মার্কেটিং এর মুখ্য উদ্দেশ্য কী?**

Ⓐ পণ্য উৎপাদন করা
Ⓑ ক্রেতার চাহিদা পূরণ করা
Ⓒ মুনাফা অর্জন করা
Ⓓ ক্রেতার সন্তুষ্টি বিধানের মাধ্যমে মুনাফা অর্জন করা

**D** Solve মার্কেটিং একটি সমন্বিত প্রক্রিয়া। ক্রেতাকে সন্তুষ্ট করার মাধ্যমে মুনাফা অর্জন করা মার্কেটিং এর মুখ্য উদ্দেশ্য। আধুনিক মার্কেটিং এর মূল উদ্দেশ্য হলো ভোক্তাদের সন্তুষ্টি বিধানের মাধ্যমে মুনাফা অর্জন করা। এজন্য ক্রেতা বা ভোক্তাদের প্রয়োজন বা চাহিদার ওপর গুরুত্বারোপ করা হয়।

67. মূল্য কৌশল যা শুরুতে উচ্চ হয় তাকে বলে-
Ⓐ প্রিমিয়াম প্রাইসিং Ⓑ পেনিট্রেশন প্রাইসিং
Ⓒ স্কিমিং প্রাইসিং Ⓓ ইকোনমি প্রাইসিং
**C Solve** প্রাইস স্কিমিং এ শুরুতে বেশি মূল্যে পণ্য বিক্রি করা হয়। যখন মার্কেটে নতুন কোন প্রতিযোগী আসে, তখন মূল্য কমিয়ে দেওয়া হয় যাতে নতুন প্রতিযোগী বাজারে টিকে থাকতে না পারে।

68. ক্রয় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া নিচের কোনটি থেকে শুরু হয়?
Ⓐ একটি পণ্য Ⓑ একটি পণ্যের বিজ্ঞাপন
Ⓒ একজন বিক্রেতা Ⓓ সমস্যা বা প্রয়োজন
**D Solve** সমস্যা বা প্রয়োজন ও তার সমাধানের উপায়ের মাধ্যমেই শুরু হয় ক্রয় সিদ্ধান্ত। মূলত ক্রেতারা তাদের প্রয়োজন বা সমস্যার সন্তুটি বিধানের জন্য পণ্য বা সেবা ক্রয় করে।

69. পণ্যের জীবনচক্রের কোন স্তরে এসে বিক্রয় প্রবৃদ্ধি কমতে থাকে?
Ⓐ পণ্য উন্নয়ন Ⓑ সূচনা
Ⓒ প্রবৃদ্ধি Ⓓ পূর্ণতা
**D Solve** পূর্ণতা স্তরে পণ্যটি তীব্র প্রতিযোগীতার সম্মুখীন হয়। যার ফলে বিক্রয় প্রবৃদ্ধি কমতে থাকে।

70. নিচের কোনটি সেবার বৈশিষ্ট্য নয়?
Ⓐ অস্পর্শনীয়তা Ⓑ তারতম্য
Ⓒ পচনশীলতা Ⓓ মালিকানা পরিবর্তন
**D Solve** সেবার বৈশিষ্ট্য : অদৃশ্যমানতা, পচনশীলতা, তারতম্য, অস্পর্শনীয়তা। মালিকানা পরিবর্তন সেবার বৈশিষ্ট্য নয়।

71. ভোক্তার রুচি ও পছন্দ জানার জন্য মার্কেটিং-এ যে কাজটি করতে হয়, তা হলো-
Ⓐ বাজার উন্নয়ন Ⓑ বাজার গবেষণা
Ⓒ পণ্য গবেষণা ও উন্নয়ন Ⓓ বিজ্ঞাপন ও প্রচার
**B Solve** ভোক্তার অভাব, চাহিদা, রুচি, পছন্দ ইত্যাদি জানার জন্য বাজার গবেষণা করা হয়।

72. নিচের কোন ধরনের পণ্য বারবার, তাৎক্ষণিকভাবে এবং কম প্রচেষ্টায় ক্রেতা দ্বারা ক্রীত হয়?
Ⓐ সুবিধাজনক পণ্য Ⓑ বিশিষ্ট পণ্য
Ⓒ শপিং পণ্য Ⓓ অযাচিত পণ্য
**A Solve** সাধারণত সুবিধাজনক পণ্যের ক্ষেত্রে ক্রেতা কম সময়, কম প্রচেষ্টায় পণ্য ক্রয় করে থাকে। এরূপ পণ্য ক্রেতারা বারবার নিয়মিত কম ব্যয়ে ক্রয় করে। এর একক প্রতি মূল্য সাধারণত কম থাকে।

73. কোনটি পণ্যের বৈশিষ্ট্য?
Ⓐ চাহিদা সৃষ্টি Ⓑ জীবনমান উন্নয়ন
Ⓒ অভাব সৃষ্টি Ⓓ উপযোগ সৃষ্টি
**D Solve** পণ্যের মূল বৈশিষ্ট্য উপযোগ সৃষ্টি অর্থাৎ অভাব পুরণ করার ক্ষমতা।

74. সুপারমার্কেট কোন ধরনের ব্যবসায় সংগঠন?
Ⓐ খুচরা প্রতিষ্ঠান Ⓑ পাইকারি সংগঠন
Ⓒ সমবায় Ⓓ রাষ্ট্রীয় সংগঠন
**A Solve** সুপার মার্কেট, সুবিধা স্টোর, সুপার স্টোর, ক্যাটাগরি কিলার, বিশিষ্ট বিপণি ইত্যাদি খুচরা ব্যবসার প্রতিষ্ঠান।

75. মার্কেটিং এ ভ্যালু মানে কী?
Ⓐ মূল্য Ⓑ সুবিধা Ⓒ লেনদেন Ⓓ উদ্ভাবন
**B Solve** ক্রেতার ব্যয়িত অর্থ ও প্রাপ্ত সুবিধার পার্থক্যই ভ্যালু। ভ্যালু সাধারণত সুবিধাকেই বোঝানো হয়।

76. বাজার বিভক্তিকরণ ধারণা কাদের বিভক্ত করে?
Ⓐ ক্রেতাদের Ⓑ বিক্রেতাদের
Ⓒ পণ্যকে Ⓓ ধারণা ও সেবাকে
**A Solve** বাজার বিভক্তিকরণে মূলত সমজাতীয় চাহিদা সম্বলিত ক্রেতাদের বিভক্ত করা হয়।

77. নিচের কোনটি মার্কেটিং মিক্স এর উপাদান নয়?
Ⓐ পণ্য Ⓑ মূল্য Ⓒ স্থান Ⓓ মুনাফা
**D Solve** মার্কেটিং মিক্স এর উপাদানগুলো হলো– ১. পণ্য ২. মূল্য ৩. স্থান ৪. প্রসার অন্যদিকে মুনাফা এর উপাদান নয়।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

### বাংলা

78. 'মকরমুখো' বলতে কী বোঝায়?
Ⓐ কুকুরের মুখের মতো Ⓑ বেড়ালের মুখের মতো
Ⓒ ঘোড়ার মুখের মতো Ⓓ কুমিরের মুখের মতো
**D Solve** 'মকর' শব্দের অর্থ কুমিরসদৃশ মৎস্যভোজী সরীসৃপজাতীয় উভচর প্রাণিবিশেষ, কুমির বা ঘড়িয়াল।

79. উর্দুতে জাদুঘরকে কী বলে?
Ⓐ আক্কেলমন্দ Ⓑ বুজরুগি
Ⓒ বাহ্‌বাখানা Ⓓ আজবখানা
**D Solve** 'জাদু' ফারসি শব্দ। 'জাদুঘর' শব্দের 'জাদু' ফারসি শব্দ এবং 'ঘর' শব্দটা বাংলা। হিন্দিতে বলে 'অজায়েব ঘর'। 'আজব', 'আজিব', 'আজায়েব' আরবি শব্দ।

80. পিঁপড়া নিজের শরীরের কত গুণ ওজন বহন করতে পারে?
Ⓐ ৮ গুণ Ⓑ ৯ গুণ
Ⓒ ১০ গুণ Ⓓ ১১ গুণ
**C Solve** 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মহাজাগতিক কাউন্সিলের দুজন কিউরেটর সব শেষে 'পিপড়া' নামক প্রাণীকে বিভিন্ন গুণাগুণের আলোকে শ্রেষ্ঠ প্রাণী বিবেচনা করে।

81. জীবনানন্দের ভাষায় অন্ধকারে ঘাসের ওপর নুয়ে থাকে কী?
Ⓐ বটের ডাল Ⓑ লেবুর শাখা
Ⓒ পাখির গলা Ⓓ কামরাঙার গাছ
**B Solve** জীবনানন্দ দাশ রচিত 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বাংলার প্রকৃতির বর্ণনানুযায়ী অসাধারণ অনন্য সুন্দর এই দেশ। হাওয়া যখন পানের বনে চঞ্চলতা জাগায় তখন দূর আকাশের শঙ্খচিল যেন চঞ্চল হয়ে ওঠে। ধানের গন্ধের মতো অস্ফুট লক্ষ্মীপেঁচাও মিশে থাকে প্রকৃতির গভীরে, অন্ধকারের বিচিত্ররূপ এই দেশ। অন্ধকার সন্ধ্যার বাতাসে সুদর্শন উড়ে যায়।

82. 'ক্যাফে' কোন ভাষার শব্দ?
Ⓐ ফারসি Ⓑ হিন্দি Ⓒ উর্দু Ⓓ ফরাসি
**D Solve** কতিপয় বিদেশি শব্দ :

| | |
|---|---|
| ফারসি | চালাক, বাগান, গুজব, আফগান, পয়জার, পাজি, বিমা, লাল। |
| হিন্দি | আগড়ম-বাগড়ম, কাহিনি, ঘুষাঘুষি, চাটা, চাপাতি, জিলাপি, ঝামেলা, ঠিকানা, ওয়ালা, চাঁদোয়া, ছিনতাই, ডেমরা, কাছারি। |
| উর্দু | বদলা, হল্লা, আব্বু, কলিজা, ঘাগরা, চুঙ্গি, ঠুমরি। |
| ফরাসি | কার্তুজ, কুপন, ওলন্দাজ, দিনেমার, রেস্তোরাঁ, ডিপো, কুপন। |

83. 'গ্রেকো রোমান মিউজিয়ম' কোথায় অবস্থিত?
Ⓐ রোম Ⓑ কায়রো
Ⓒ আলেকজান্দ্রিয়া Ⓓ এথেন্স
C Solve মিশরের কায়রোতে অবস্থিত এ জাদুঘর মিশরীয় জাদুঘর নামেও পরিচিত। এটি ১৮৩৫ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়। এতে প্রায় এক লক্ষ বিশ হাজার প্রদর্শন সামগ্রী আছে।

84. 'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে' এক কথায় বলে–
Ⓐ অপরিণামদর্শী Ⓑ অবিমৃশ্যকারী
Ⓒ অবিসংবাদী Ⓓ অদূরদর্শী
B Solve কতিপয় এক কথায় প্রকাশ : যে ভবিষ্যতের পরিণাম না ভেবেই কাজ করে– অপরিণামদর্শী, যে আপনাকে পণ্ডিত মনে করে– পণ্ডিতম্মন্য, যে গমন করে না– নগ, যে সুপথ থেকে কুপথে যায়– উন্মার্গগামী, যে আকৃষ্ট হচ্ছে– কৃষ্যমাণ, যে পরের গুণেও দোষ ধরে– অসূয়ক।

85. 'নশ্বর' এর বিপরীত শব্দ-
Ⓐ শাশ্বত Ⓑ অধিশ্বর Ⓒ বিনশ্বর Ⓓ ক্ষণস্থায়ী
A Solve কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| নির্মল | পঙ্কিল/মলিন | নিশ্চেষ্ট | সচেষ্ট |
| নিন্দুক | স্তবক | নির্লজ্জ | সলজ্জ |

86. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি 'মেঘনাদবধ কাব্য'র কোন সর্গ থেকে গৃহীত?
Ⓐ দ্বিতীয় Ⓑ পঞ্চম Ⓒ ষষ্ঠ Ⓓ অষ্টম
C Solve মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য' নয়টি সর্গে বিভক্ত। 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে 'বিভীষণের প্রতি মেঘনাদ' অংশটি নেওয়া হয়েছে।

87. 'আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে?' নিম্নরেখ শব্দ কোন কারকে কোন বিভক্তি?
Ⓐ কর্মে প্রথমা Ⓑ অপাদানে সপ্তমী
Ⓒ অধিকরণে পঞ্চমী Ⓓ কর্মে সপ্তমী
B Solve যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : বাঘকে ভয় পান না কে? সোমবার থেকে পরীক্ষা শুরু।

88. 'রাজা-উজির মারা' অর্থ কী?
Ⓐ কাজের কাজ করা Ⓑ ঝামেলা পোহানো
Ⓒ বড় বড় কথা বলা Ⓓ সুযোগের সদ্ব্যবহার করা
C Solve কতিপয় বাগ্‌ধারা : রক্তের অক্ষরে লেখা (সংগ্রামের কাহিনি), রগচটা (অল্পেই রাগ), রাঙা শুক্রবার (কোনো দিনই না). রাম রাজত্ব (শান্তিশৃঙ্খলাযুক্ত রাজ্য), রামগরুড়ের ছানা (গোমড়ামুখো লোক), রাবণের চিতা (চির অশান্তি), রুই-কাতলা (প্রতিপত্তিশালী লোকজন)।

89. পা দিয়ে পান করে যে -
Ⓐ পারগ Ⓑ পাদপ Ⓒ নগ Ⓓ পন্নগ
B Solve কতিপয় এক কথায় প্রকাশ : পা বা শেকড় দিয়ে পান করে যে– পাদপ/উদ্ভিদ, পুণ্যকর্ম সম্পাদনের জন্য শুভ দিন– পুণ্যাহ, পদ্মের ডাঁটা বা নল– মৃণাল, পদ্মের ঝাড় বা মৃণালসমূহ– মৃণালিনী, পূর্ব ও পরের অবস্থা– পৌর্বাপর্য, পুরুষের কর্ণভূষণ– বীরবৌলি, পুরুষের কটিবন্ধ– সরাসন, গদ্য-পদ্যময় কাব্য– চম্পু।

90. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
Ⓐ মাত্রাবৃত্ত Ⓑ স্বরবৃত্ত Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ পয়ার
A Solve যে ছন্দে যুগ্মধ্বনি সর্বদা বিশ্লিষ্ট ভঙ্গিতে উচ্চারিত হয়ে দু মাত্রার মর্যাদা পায় এবং অযুগ্মধ্বনি একমাত্রা বলে গণনা করা হয় তাকে মাত্রাবৃত্ত ছন্দ বলে। মাত্রাবৃত্ত ছন্দ ধ্বনিপ্রধান। মাত্রাবৃত্ত ছন্দে ছয় মাত্রার পর্বই অধিক। 'সোনার তরী' কবিতার অধিকাংশ পঙ্‌ক্তি ৮ + ৫ মাত্রার পূর্ণপর্বে বিন্যস্ত।

91. 'কিংবদন্তি' শব্দের সন্ধিবিচ্ছেদ–
Ⓐ কিম্ + বদন্তি Ⓑ কিং + বদন্তি
Ⓒ কিংবা + অন্তি Ⓓ কিংব + অন্তি
A Solve আগে ম্ এর পরে অন্তঃস্থ ব্যঞ্জন (য্/র্/ল্/ব্) কিংবা উষ্মধ্বনি (শ্/স্/হ্) থাকলে ঐ 'ম্' সন্ধিতে অনুস্বার (ং) হয়। যেমন :

| | |
|---|---|
| কিম্ + বদন্তি = কিংবদন্তি | সম্ + বিধান = সংবিধান |
| সর্বম্ + সহা = সর্বংসহা | সম্ + বর্ধনা = সংবর্ধনা |

## হিসাববিজ্ঞান

92. কখন সম্ভাব্য কুঋণ সঞ্চিতি রাখা হয়?
Ⓐ দেনাদার দেউলিয়া হলে Ⓑ কু-ঋণের সম্ভাবনা দেখা দিলে
Ⓒ পাওনাদারকে খুঁজে না পেলে Ⓓ কু-ঋণ অবলোপন করা হলে
B Solve ভবিষ্যতে কু-ঋণ হতে পারে, এই সম্ভাবনা থাকলে প্রতিষ্ঠান এই কু-ঋণকে মোকাবেলা করার জন্য যে আগাম ব্যবস্থা নেয় তাকে কু-ঋণ সঞ্চিতি বলে। অনেক সময় বাকিতে বিক্রয়কৃত অর্থ ফেরত পাবার ক্ষেত্রে অনিশ্চয়তা দেখা দেয়। এই সম্ভাব্য ক্ষতির ক্ষতি পূরণ করার জন্য কু-ঋণ সঞ্চিতি রাখা হয়।

93. যদি বিক্রীত পণ্যের খরচ ১৬,০০০ টাকা হয় এবং বিক্রয়ের উপর ২০% লাভ করা হয়, তবে বিক্রয়ের পরিমাণ কত টাকা হবে?
Ⓐ ২০,০০০ টাকা Ⓑ ২০,১৬০ টাকা
Ⓒ ১৩,৬০০ টাকা Ⓓ ২১,০০০ টাকা
A Solve বিক্রীতপণ্যের ব্যয় ১৬০০০ এবং বিক্রয়মূল্যের উপর মুনাফার হার ২০%

$\therefore$ মুনাফা = ১৬,০০০ × $\frac{২০}{৮০}$ = ৪০০০ টাকা

বিক্রয় = বিক্রীত পণ্যের ব্যয় + মুনাফা
= ১৬,০০০ + ৪০০০ = ২০,০০০ টাকা।

94. যদি প্রারম্ভিক মূলধন ১৬,৫০০ টাকা, সমাপনী মূলধন ১১,৩৫০ টাকা, উত্তোলন ৩,৩০০ টাকা এবং পুনরায় বিনিয়োগ ৪০,০০০ টাকা হয় তখন ক্ষতি হবে:
Ⓐ ৪১,০০০ টাকা Ⓑ ৪১,৮৫০ টাকা
Ⓒ ৪১,৭৫০ টাকা Ⓓ ৪১,৮০০ টাকা
B Solve
ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন – বিনিয়োগ – প্রারম্ভিক মূলধন)
= (১১,৩৫০ + ৩,৩০০ – ৪০,০০০ – ১৬,৫০০) টাকা
= – ৪১,৮৫০ টাকা।

95. মুখ্য ব্যয় নিম্নের ব্যয়সমূহের মিশ্রণ
Ⓐ প্রত্যক্ষ কাঁচামাল ও কারখানার উপরি খরচ
Ⓑ প্রত্যক্ষ মজুরি ও কারখানার উপরি খরচ
Ⓒ প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি ও কারখানার উপরি খরচ
Ⓓ প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি ও প্রত্যক্ষ খরচ
D Solve প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি ও প্রত্যক্ষ খরচের সমষ্টিকে মুখ্য ব্যয় বলে।

96. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী উদ্বৃত্তপত্রে দেনাদারের নিকট আদায়যোগ্য মূল্য দেখানো হয়?

Ⓐ সামঞ্জস্যতা Ⓑ রক্ষণশীলতা
Ⓒ ঐতিহাসিক ব্যয় Ⓓ বিচক্ষণতা

B Solve রক্ষণশীলতা নীতি অনুযায়ী দেনাদারকে নিট আদায়যোগ্য মূল্যে দেখানো হয়।

97. মারুফের নিকট প্রাপ্য হিসাবের ১০% তাকে মওকুফ করা হলো। এই মওকুফকে কী বলা হয়?

Ⓐ অনাদেয় দেনা Ⓑ কু-ঋণ
Ⓒ নগদ বাট্টা Ⓓ সন্দেহজনক ঋণ

C Solve দেনাদারের নিকট থেকে দ্রুত পাওনা আদায়ের জন্য যে বাট্টা বা ছাড় দেওয়া হয় তাকে নগদ বাট্টা বলে।

98. নিচের কোন আইটেমটির জন্য নগদ অর্থ-প্রবাহ হবে না?

Ⓐ লভ্যাংশ প্রদান Ⓑ পাওনাদারর দাবি পরিশোধ
Ⓒ অগ্রিম প্রদত্ত ভাড়া Ⓓ কু-ঋণ অবলোপন

D Solve কু-ঋণ একটি অনগদ খরচ। এর জন্য কোনো অর্থ প্রবাহ হবে না।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

99. নিচের কোনটি প্রেষণার আর্থিক উপায় নয়?

Ⓐ উত্তম ব্যবহার Ⓑ মুনাফার অংশ
Ⓒ বোনাস Ⓓ চিকিৎসা ভাতা

A Solve মুনাফার অংশ, বোনাস, চিকিৎসা ভাতা আর্থিক প্রেষণা অন্যদিকে উত্তম ব্যবহার অনার্থিক প্রেষণা।

100. অধিক কার্যক্ষম জনগোষ্ঠী একটি দেশের-

Ⓐ শক্তি Ⓑ সুযোগ
Ⓒ দুর্বলতা Ⓓ ভয়

A Solve যখন জনগোষ্ঠী অধিক কার্যক্ষম হয় তখন তা মানব সম্পদে তথা শক্তিতে রূপ নেয়।

101. বাংলাদেশে প্রথম সমন্বয়কৃত শ্রম আইন কবে হয়েছিল?

Ⓐ ১৯৯১ Ⓑ ১৮৭৮
Ⓒ ১৯৯৪ Ⓓ ২০০৬

D Solve বাংলাদেশে 'বাংলাদেশ শ্রমআইন ২০০৬' সমন্বয় করে প্রণয়ন করা হয়।

102. নিচের কোনটি রাষ্ট্রীয় কারবার নয়?


Ⓐ বাংলাদেশে ব্যাংক Ⓑ বাংলাদেশ বিমান
Ⓒ টিসিবি Ⓓ এটিএস গ্রুপ

D Solve এটি এস গ্রুপ ব্যতিত সবগুলোই রাষ্ট্রীয় কারবার।

103. মাসলোর প্রেষণা তত্ত্বে স্তরের সংখ্যা কয়টি?

Ⓐ পাঁচ Ⓑ চার
Ⓒ তিন Ⓓ সাত

A Solve




104. প্রত্যয়পত্র ইস্যু করে -

Ⓐ বাংলাদেশ ব্যাংক Ⓑ মার্চেন্ট ব্যাংক
Ⓒ আমদানিকারক ব্যাংক Ⓓ রপ্তানিকারক ব্যাংক

C Solve প্রত্যয়পত্রের মাধ্যমে মূলত আমদানিকারকের পক্ষে রপ্তানিকারককে অর্থ প্রদানের নিশ্চয়তা প্রদান করে।

105. সমবায়ের মূল ভিত্তি কী?

Ⓐ সুবিচার Ⓑ সদ্বিশ্বাস
Ⓒ সুশাসন Ⓓ শৃঙ্খলা

C Solve সুশাসনের মাধ্যমে সমবায়ের একতাই বলকে প্রতিষ্ঠা করা হয়। তাই সমবায় মূল ভিত্তি হলো সুশাসন।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

106. নিচের কোনটি চলতি সম্পদের উপাদান নয়?

Ⓐ নগদ অর্থ Ⓑ প্রাপ্য বিল
Ⓒ মজুত পণ্য Ⓓ ঋণপত্র

D Solve ঋণপত্র একটি দায় বাকি অন্যগুলো চলতি সম্পদ।

107. নিচের কোনটি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস নয়?

Ⓐ ইজারা কোম্পানি Ⓑ মূলধন বাজার
Ⓒ ব্যবসায় ঋণ Ⓓ বিমা কোম্পানি

C Solve ব্যবসায় ঋণ/প্রদেয়হিসাব ব্যবসায়ের দৈনন্দিন কার্যক্রমের মাধ্যমে সৃষ্টি হয়। এটি কোনো প্রাতিষ্ঠানিক উৎস নয়। বাকি Option গুলো সবই প্রাতিষ্ঠানিক উৎস।

108. কোন সিকিউরিটির দাবি সবার শেষে পরিশোধ করা হয়?

Ⓐ বন্ড Ⓑ ডিবেঞ্চার
Ⓒ অগ্রাধিকার শেয়ার Ⓓ সাধারণ শেয়ার

D Solve বন্ড, ডিবেঞ্চার, অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের দাবি পরিশোধ করার পর থেকে সাধারণ শেয়ারহোল্ডারদের দাবি পরিশোধ করা হয়।

109. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?

Ⓐ আমানত গ্রহণ Ⓑ মুদ্রানীতি প্রণয়ন
Ⓒ ঋণ প্রদান Ⓓ হিসাব খোলা

B Solve উপরিউক্ত Option গুলোর মধ্যে মুদ্রানীতি প্রণয়ন কেন্দ্রীয় ব্যাংকের কাজ। বাকী সব বাণিজ্যিক ব্যাংকের কাজ।

110. নিচের উৎসসমূহের মধ্যে কোনটির অর্থায়নের খরচ সর্বাধিক?

Ⓐ ডিবেঞ্চার Ⓑ বন্ড
Ⓒ সংরক্ষিত মুনাফা Ⓓ সাধারণ শেয়ার

D Solve সাধারণ শেয়ারের অর্থায়ন ব্যয় সর্বাধিক। কারন এর সাথে ইস্যু খরচ জড়িত।

111. নিচের কোনটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান নয়?

Ⓐ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
Ⓑ উন্নয়ন ব্যাংক
Ⓒ এন আর বি ব্যাংক
Ⓓ বাংলাদেশ গৃহনির্মাণ ঋণদান সংস্থা

C Solve এন আর বি ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক। বাকী সব বিশেষায়িত ব্যাংক।

112. বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?

Ⓐ নিউইয়র্ক Ⓑ লন্ডন
Ⓒ ওয়াশিংটন ডিসি Ⓓ মস্কো

C Solve বিশ্বব্যাংকের সদর দপ্তর আমেরিকায় ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। ১৯৪৪ সালে বিশ্বব্যাংক যাত্রা শুরু করে।

**113.পুনর্বিমার মুখ্য উদ্দেশ্য কী?**
Ⓐ ঝুঁকি হ্রাস Ⓑ মুনাফা বৃদ্ধি
Ⓒ ক্রেতা সন্তুষ্টি Ⓓ আস্থা পুনঃপ্রতিষ্ঠা

**Ⓐ Solve** একটি বিমা প্রতিষ্ঠান মূলত তার উপর অর্পিত ঝুঁকি হ্রাস করার জন্য অন্য বিমা প্রতিষ্ঠানের সাথে পুনর্বিমা চুক্তিতে আবদ্ধ হয়।

**114.বিজ্ঞাপনের প্রধান কাজ কোনটি?**
Ⓐ কর্মসংস্থান Ⓑ অবহিতকরণ
Ⓒ শিল্পোন্নয়ন Ⓓ জীবনযাত্রার মানোন্নয়ন

**Ⓑ Solve** বিজ্ঞাপনের প্রধান কাজ অবহিত করা। অর্থাৎ বাজারে বিদ্যমান পণ্য বা সেবা সম্পর্কে ভোক্তাদের অবহিত করা।

**115.নিচের কোনটি প্রমোশন মিশ্রণের হাতিয়ার?**
Ⓐ কমমূল্য Ⓑ ব্রান্ড আনুগত্য
Ⓒ প্রচার Ⓓ সরাসরি ক্রয়

**Ⓒ Solve** বিজ্ঞাপন, প্রচার, ব্যক্তিক বিক্রয়, বিক্রয়য়িকতা ইত্যাদি প্রমোশন মিশ্রনের হাতিয়ার।

**116.নিম্নলিখিতগুলোর মধ্যে কোনটি পুনঃবিক্রেতা হিসেবে বিবেচিত হয় না?**
Ⓐ পাইকারি বিক্রেতা Ⓑ খুচরা বিক্রেতা
Ⓒ উৎপাদক Ⓓ পরিবেশক

**Ⓒ Solve** উৎপাদক তার উৎপাদিত পণ্য বিক্রয় করে। কিন্তু পাইকার, খুচরা ব্যবসায়ী, পরিবেশক এরা মূলত অন্যের উৎপাদিত পন্য বিক্রয় করে। তাই এরা পুনঃবিক্রেতা।

**117.পণ্য থেকে প্রাপ্ত সুবিধা ও পণ্যের জন্য ব্যয়িত অর্থের পার্থক্যকে বলে-**
Ⓐ ক্রেতা ভ্যালু Ⓑ ক্রেতা সন্তুষ্টি
Ⓒ বিনিময় Ⓓ প্রয়োজন

**Ⓐ Solve** ক্রেতা পণ্য থেকে কি সুবিধা পেল ও তার জন্য কি অর্থ ব্যয় করল এই দুইয়ের পার্থক্যই ক্রেতা ভ্যালু। মার্কেটিং ক্রেতার জন্য ভ্যালু সৃষ্টি করে।

**118.কোনটি পাইকারি ব্যবসায়ীর কাজ নয়?**
Ⓐ গুদামজাতকরণ
Ⓑ অর্থ সংস্থান
Ⓒ ঝুঁকি গ্রহণ
Ⓓ ভোক্তার বাজার তথ্য সরবরাহ করা

**Ⓓ Solve** ভোক্তার বাজার তথ্য সরবরাহ করা খুচরা ব্যবসায়ের কাজ। কারন ভোক্তারা সরাসরি খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে পণ্য ক্রয় করে তাই খুচরা ব্যবসায়ীরা ভোক্তাদের রুচি পছন্দ সম্পর্কে বেশি অবগত থাকে।

**119.নিচের কোন পণ্যের জন্য উৎপাদনকারী ব্যাপক প্রসার কার্যক্রম গ্রহণ করে?**
Ⓐ শপিং পণ্য Ⓑ বিশিষ্ট পণ্য
Ⓒ অযাচিত পণ্য Ⓓ সুবিধাজনক পণ্য

**Ⓒ Solve** অযাচিত পণ্য সম্পর্কে ক্রেতারা তেমন অবহিত থাকে না। তাই এ পণ্যের জন্য ব্যাপক প্রসার কার্যক্রম গ্রহণ করা হয়।

**120.কোনটি ভোক্তা প্রসার হাতিয়ার?**
Ⓐ বিনামূল্যে নমুনা Ⓑ বিক্রয় প্রতিযোগিতা
Ⓒ ভাতা Ⓓ ডিলার সম্মেলন

**Ⓐ Solve** বিনামূল্যে নমুনা বিতরণ, কুপন, লটারি ইত্যাদি ভোক্তা প্রসার হাতিয়ার।

# ঢাবি অধিভুক্ত সরকারি ৭ কলেজ

**ভর্তি পরীক্ষা : ২০১৭-১৮; ইউনিট: বাণিজ্য**

## ১ম খণ্ড : সংক্ষিপ্ত সিলেবাস ২০২১ অনুসারে

## বাংলা

**01. 'কপালে তার চন্দন আঁকা, গায়ে তার লাল শাড়ি' কার বর্ণনা?**
Ⓐ অপরিচিতার Ⓑ কল্যাণীর
Ⓒ মাসির Ⓓ আহ্লাদির

**Ⓑ Solve** উত্তম পুরুষের জবানিতে লেখা 'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশিত হয় প্রথম চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রনাথের গল্প সংকলন 'গল্পসপ্তক'-এ এবং পরে 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)।

**02. 'ঐকতান' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?**
Ⓐ সোনার তরী Ⓑ বলাকা
Ⓒ জন্মদিনে Ⓓ মানসী

**Ⓒ Solve** সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়।

**03. কাশী, মথুরা, বৃন্দাবন— শব্দগুলো কোন রচনায় উল্লেখ আছে?**
Ⓐ বিভীষণের প্রতি মেঘনাদ Ⓑ সাম্যবাদী
Ⓒ বিড়াল Ⓓ মহাজাগতিক কিউরেটর **Ans Ⓑ**

**04. 'গমন' কী জাতীয় পদ?**
Ⓐ মিশ্র ক্রিয়া Ⓑ যৌগিক ক্রিয়া
Ⓒ ভাববাচক বিশেষ্য Ⓓ নাম বিশেষণ

**Ⓒ Solve** যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন : যাওয়ার ভাব বা কাজ (গমন), দর্শন (দেখার কাজ), ভোজন, শয়ন, দেখা, শোনা প্রভৃতি।

**05. 'Lyric' এর পারিভাষিক শব্দটি কী?**
Ⓐ গীতিকবিতা Ⓑ মহাকাব্য
Ⓒ কথাসাহিত্য Ⓓ গীতিকা

**Ⓐ Solve** কতিপয় পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Myth | পৌরাণিক কাহিনি | Hydrologist | পানিবিজ্ঞানী |
| Nemesis | নিয়তি | Heroine | বীরাঙ্গনা |
| Deism | ঈশ্বরবাদ | Mysticism | মরমিবাদ |

**06. 'খাস' কী জাতীয় উপসর্গ?**
Ⓐ বাংলা Ⓑ ফারসি
Ⓒ হিন্দি Ⓓ আরবি

**Ⓓ Solve** বিশেষ অর্থে আরবি 'খাস' উপসর্গের প্রয়োগ : খাসমহল, খাসখবর, খাসকামরা, খাসদরবার।

**07. শামসুর রাহমান কী ধরনের লেখা লিখতেন?**
Ⓐ নাটক Ⓑ উপন্যাস
Ⓒ প্রবন্ধ Ⓓ কবিতা **Ans Ⓓ**

## English

**08. The past participle of 'buy' is:**
Ⓐ buyed Ⓑ brought Ⓒ bought Ⓓ buying
Ⓒ Explanation Buy → bought → bought.

**09. The plural form of 'ox' is-**
Ⓐ oxes Ⓑ oxen
Ⓒ ox Ⓓ oxygen Ans Ⓑ

**10. Which one of the following pairs is similar in relationship to WATER : BOTTLE?**
Ⓐ BALLOON : AIR
Ⓑ PEN : INK
Ⓒ VERBOSITY : WORDS
Ⓓ TEA : CUP Ans Ⓓ

**11. Suman looked —— his old grandmother**
Ⓐ on Ⓑ with Ⓒ after Ⓓ over
Ⓒ Explanation Look after - দেখাশুনা করা।

**12. He —— her that she would pass.**
Ⓐ insured Ⓑ ensured
Ⓒ assumed Ⓓ assured Ans Ⓑ

**13. —— he is not tall, he could not be a basketball player**
Ⓐ Although Ⓑ However
Ⓒ Because Ⓓ Despite Ans Ⓒ

**14. Many a man —— succumbed to such temptation.**
Ⓐ get Ⓑ are Ⓒ have Ⓓ has
Ⓓ Explanation Many + plural Noun কিন্তু Many a + singular noun.

**15. It is these poisonous products —— can cause the symptoms of flu.**
Ⓐ who Ⓑ that Ⓒ how Ⓓ what Ans Ⓑ

**16. The phrase 'Down-to earth' means:**
Ⓐ Close to nature Ⓑ Soft hearted
ⒸRealistic ⒹThrown to the ground
Ⓒ Explanation 'Down to earth' - বাস্তববুদ্ধি সম্পন্ন।

**17. The noun form of 'arrive' is**
Ⓐ arrival Ⓑ arriving
Ⓒ arrived Ⓓ arrives
Ⓐ Explanation Arrive (আগমন করা) → arrival (আগমন)

**18. The word 'hostile' is the antonym of**
Ⓐ peaceful Ⓑ kind
Ⓒ depressed Ⓓ friendly Ans L

**19. Identify the correct spelling:**
Ⓐ receive Ⓑ recieve
Ⓒ recive Ⓓ riceve Ans Ⓐ

**20. The underlined word in the sentence "*Sheela works for a company <u>that</u> makes furniture*" is:**
Ⓐ a demonstrative pronoun
Ⓑ a distributive pronoun
Ⓒ a relative pronoun
Ⓓ a personal pronoun
Ⓒ Explanation সাধারণত who, whom, which, that etc relative pronoun হিসেবে ব্যবহৃত হয়।

**21. Which of the following is a masculine gender?**
Ⓐ hen Ⓑ duck Ⓒ deer Ⓓ bull Ans Ⓓ

**22. The synonym of 'calm' is:**
Ⓐ serene Ⓑ agitated Ⓒ indifferent Ⓓ happy
Ⓐ Explanation Calm - শান্ত, নিশ্চুপ, Serene - শান্ত

**<u>Choose the correct sentence: (Questions 23-25)</u>**

**23.** Ⓐ Dina is taller to Nasima.
Ⓒ Dina is taller from Nasima.
Ⓑ Dina is taller then Nasima.
Ⓓ Dina is taller than Nasima.
Ⓓ Explanation Comparative degree এর পর than বসে।

**24.** Ⓐ He works hard earning a living.
Ⓑ He works hard to earn a living.
Ⓒ He works hard and earning a living. Ans Ⓑ
Ⓓ Working hard, he is earning living.

**25.** Ⓐ He is eligible for the post.
Ⓑ He is an eligible for the post.
Ⓒ He is illegible for the post. Ans Ⓐ
Ⓓ He is eligible for all the post.

**26. The meeting —— postponed due to bad weather**
Ⓐ to be Ⓑ has been Ⓒ were Ⓓ will Ans Ⓑ

**27. The policeman —— the thief red-handed.**
Ⓐ catch Ⓑ caught Ⓒ is caught Ⓓ catching
Ⓑ Explanation Catch sb red- handed- কাউকে হাতে নাতে ধরা।

## হিসাববিজ্ঞান

**28. নিম্নের কোনটি লেনদেন নয়?**
Ⓐ পণ্য ক্রয় Ⓑ মালিকের মৃত্যু Ⓒ পণ্য বিক্রয় Ⓓ সাধারণ খরচ
Ⓑ Solve লেনদেনের বৈশিষ্ট্য অনুযায়ী মালিকের মৃত্যু-কোন লেনদেন নয়। কারন এতে আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি।

**29. নিম্নের কোনটি হিসাবচক্রের ধাপ নয়?**
Ⓐ জাবেদাকরণ
Ⓑ রেওয়ামিলের সারসংক্ষেপকরণ
Ⓒ খতিয়ানভুক্তকরণ
Ⓓ ভুল সংশোধন
Ⓓ Solve ভুল সংশোধন হিসাব চক্রের কোন ধাপ নয়।

**30. নিম্নের কোনটি দীর্ঘমেয়াদি দায়?**
Ⓐ ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন Ⓑ বিবিধ পাওনাদার
Ⓒ ঋণপত্র Ⓓ প্রদেয় হিসাব
Ⓒ Solve কারবারের দীর্ঘমেয়াদি দায় হলো- মালিকে মূলধন, শেয়ার মূলধন, ঋণপত্র ইত্যাদি।

**31. শরীফের নিকট প্রাপ্য হিসাবের ১,০০০ টাকা তাকে মওকুফ ক হলো। নিম্নের কোন হিসাবে এটাকে হিসাবভুক্ত করা হবে?**
Ⓐ অনাদেয় দেনা Ⓑ কারবারি বাট্টা
Ⓒ কু-ঋণ Ⓓ নগদ বাট্টা
Ⓓ Solve শরীফের নিকট প্রাপ্য হিসাবের ১,০০০ টাক মওকুফ করা হলে এটাকে নগদ বাট্টা হিসাবে গণ্য করা হবে।

**32. একটি কোম্পানি বিনামূল্যে বর্তমান শেয়ার মালিকদের মধ্যে ৫: অনুপাতে নতুন শেয়ার বিতরণ করল। শেয়ারের এই বিতরণকে তুমি কীভাবে অভিহিত করবে?**
Ⓐ অধিকার শেয়ার Ⓑ অগ্রাধিকার শেয়ার
Ⓒ বোনাস শেয়ার Ⓓ সাধারণ শেয়ার
Ⓒ Solve কোম্পানি বর্তমান শেয়ার হোল্ডারদের মধ্যে বিনামূল্যে বা কোনরূপ প্রতিদান ব্যতীত যে শেয়ার ইস্যু করে তাকে বোনাস শেয়ার বলে।

33. অবচয় কোন সম্পত্তিতে ধরা হয়?
Ⓐ চলতি সম্পত্তি Ⓑ অস্পর্শনীয় সম্পত্তি
Ⓒ অলীক সম্পত্তি Ⓓ স্থায়ী সম্পত্তি

D Solve ব্যবসায় প্রতিষ্ঠানে স্থায়ী সম্পত্তির উপর সাধারণত অবচয় ধার্য হয়। স্থায়ী সম্পত্তি যেমন- আসবাবপত্র, যন্ত্রপাতি, দালানকোঠা ইত্যাদি।

34. নিম্নের কোনটি ত্বরিত সম্পত্তি নয়?
Ⓐ নগদ Ⓒ অগ্রিম বেতন
Ⓑ ব্যাংক Ⓓ মজুত পণ্য

D Solve ত্বরিত সম্পত্তির সূত্র = চলতি সম্পত্তি – মজুদপণ্য।

35. নিম্নের কোনটি ত্বরান্বিত অবচয় পদ্ধতি নয়?
Ⓐ সরলরৈখিক পদ্ধতি
Ⓑ দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতি
Ⓒ ক্রমহ্রাসমান জের পদ্ধতি
Ⓓ উৎপাদন হার পদ্ধতি

D Solve ত্বরান্বিত অবচয় পদ্ধতি নয় উৎপাদন হার পদ্ধতি।

36. MJ কোম্পানি MZ কোম্পানির থেকে ১,০০০ টাকার যন্ত্রপাতি বাকিতে ক্রয় করেছে, MJ কোম্পানির হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?
Ⓐ সম্পদ একইসাথে বৃদ্ধি ও হ্রাস পাবে
Ⓑ মোট সম্পদ ও দায়ের কোনো পরিবর্তন হবে না
Ⓑ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস পাবে
Ⓓ দায় বৃদ্ধি পাবে ও সম্পদ বৃদ্ধি পাবে

D Solve যন্ত্রপাতি বাকিতে ক্রয় করলে, প্রতিষ্ঠানে একদিকে যেমন সম্পত্তি (যন্ত্রপাতি) বৃদ্ধি পায় অন্যদিকে বাকিতে হওয়ায় দায় (পাওনাদার) বৃদ্ধি পায়।

37. নিম্নের কোনটি মুনাফা জাতীয় ব্যয়?
Ⓐ কলকব্জা ও যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়
Ⓑ সুনাম ক্রয়
Ⓒ বিনিয়োগ
Ⓓ সম্পত্তির অবচয়

D Solve সম্পত্তির অবচয় একটি মুনাফাজাতীয় ব্যয়।

38. নিম্নের কোনটি ব্যতীত অগ্রাধিকার শেয়ার সাধারণ শেয়ারের তুলনায় বেশি অগ্রাধিকার পাবে?
Ⓐ লভ্যাংশ
Ⓑ পুঞ্জীভূত লভ্যাংশ
Ⓒ দেউলিয়া বিষয়ক সম্পত্তির ক্ষেত্রে
Ⓓ ভোটাধিকার

A Solve কোম্পানির লভ্যাংশ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার শেয়ার মালিকগণ সাধারণ শেয়ারের তুলনায় বেশি অগ্রাধিকার পাবে।

39. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত
Ⓐ অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য
Ⓑ ব্যবসায়ের ব্যবস্থাপকদের জন্য
Ⓒ বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য
Ⓓ নিরীক্ষকদের জন্য

C Solve আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য।

40. ABC কোম্পানির ১৫% হারে ১০০,০০০ টাকার ঋণ, ১০% হারে ২০০,০০০ টাকার অগ্রাধিকারযুক্ত শেয়ার, এবং প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ সাধারণ শেয়ার রয়েছে। যদি কোম্পানির কর পরবর্তী নিট মুনাফা ১৫০,০০০ টাকা হয়, তবে সাধারণ শেয়ারহোল্ডারগণ সর্বোচ্চ কত টাকা লভ্যাংশ পেতে পারে?
Ⓐ ১৫০,০০০ টাকা Ⓑ ১১৫,০০০ টাকা
Ⓒ ১৩০,০০০ টাকা Ⓓ ১৪৫,০০০ টাকা

C Solve কর পরবর্তী নিট মুনাফা, সুদ ও কর সমন্বিত তাই নিট মুনাফা থেকে শুধু অগ্রাধিকার শেয়ার হোল্ডার লভ্যাংশ বাদ দিলেই সাধারণ শেয়ার হোল্ডারদের লভ্যাংশ পাওয়া যাবে- অর্থাৎ {১,৫০,০০০ – (২,০০,০০০ × ১০%)} = ১,৩০,০০০ টাকা।

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

41. নিম্নের কোনটি অংশীদারি ব্যবসায় গঠনে বিবেচনা করা হয়?
Ⓐ বেশি মুনাফা অর্জন Ⓑ সবাই মিলে কাজ করা
Ⓒ পারস্পরিক বোঝাপড়া Ⓓ পারস্পরিক আস্থা

D Solve অংশীদারি ব্যবসায় গঠনের বিবেচনা করা হয়- পারস্পরিক আস্থা।

42. শেয়ার মালিকানার মূল দলিল কোনটি?
Ⓐ কাচা সনদ Ⓑ শেয়ার সার্টিফিকেট
Ⓒ ডিভিডেন্ট ওয়ারেন্ট Ⓓ স্টক ওয়ারেন্ট

B Solve শেয়ার মালিকানার মূল দলিল হলো শেয়ার সার্টিফিকেট।

43. কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস কোনটি?
Ⓐ পদোন্নতি Ⓑ শ্রমিক সংঘের সুপারিশ
Ⓒ নিয়োজিত কর্মীদের সুপারিশ Ⓓ বিজ্ঞাপন

D Solve কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস হলো- বিজ্ঞাপন, প্রশিক্ষণ কেন্দ্র, চাকুরীর সন্ধানী, শিক্ষাপ্রতিষ্ঠান ইত্যাদি।

44. "ব্যবস্থাপনা হলো অন্যকে দিয়ে কাজ করিয়ে নেওয়ার কৌশল"- এই উক্তিটি কার?
Ⓐ এফ.ডব্লিউ.টেইলর Ⓑ এল এপলি
Ⓒ উইলিয়াম ওচি Ⓓ মেরি পার্কার ফলেট

B Solve ব্যবস্থাপনা হলো অন্যকে দিয়ে কাজ করিয়ে নেওয়ার কৌশল উক্তিটি এল এপলির।

45. যে সম্পদ অন্যের সব সম্পদকে কার্যকর করে, তা হচ্ছে।
Ⓐ ভূমি Ⓑ অর্থ
Ⓒ মূলধন Ⓓ মানব সম্পদ

D Solve যে সকল সম্পদ অন্য সব সম্পদকে কার্যকর করে তাকে মানবসম্পদ বলে।

46. শিল্প কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
Ⓐ রূপগত Ⓑ স্থানগত
Ⓒ প্রচারগত Ⓓ সময়গত

A Solve শিল্প কাঁচামাল প্রক্রিয়াকরণ করে রূপের পরিবর্তন ঘটিয়ে ব্যবহার উপযোগী পণ্য তৈরি করে। তাই শিল্পের কাজ হলো রূপগত উপযোগ তৈরি করা।

47. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
Ⓐ এফ.ডব্লিউ.টেইলর Ⓑ হেনরি ফেয়ল
Ⓒ ই.ডেল Ⓓ প্লেটো

A Solve বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক হলো- এফ. ডব্লিউ টেইলর।

48. নিচের কোনটি ব্যবস্থাপনার কাজ নয়?
Ⓐ পরিকল্পনা Ⓑ নেতৃত্ব
Ⓒ সংগঠন Ⓓ মূল্য নির্ধারণ
D Solve ব্যবস্থাপনার কার্যাবলি পরিকল্পনা থেকে নিয়ন্ত্রণ পর্যন্ত। কিন্তু তাতে মূল্য নির্ধারণ বিষয়টি অন্তর্ভুক্ত নয়।

49. নিচের কোনটি ব্যবস্থাপনার মৌলিক নীতি নয়?
Ⓐ শৃঙ্খলা Ⓑ শ্রম বিভাজন
Ⓒ উদ্যোগ Ⓓ পরিবেশ
D Solve ব্যবস্থাপনার মৌলিক নীতির মধ্যে পরিবেশ অন্তভূক্ত নয়।

50. একমালিকানা ব্যবসায়ে কোন দলিলটি প্রয়োজন?
Ⓐ চুক্তিপত্র Ⓑ ট্রেড লাইসেন্স
Ⓒ বিবরণপত্র Ⓓ সংঘবিধি
B Solve একমালিকানা ব্যবসায়ে ট্রেড লাইসেন্স দলিলটি প্রয়োজন।

51. ব্যবসায় শিক্ষার উৎস হলো–
Ⓐ ব্যবস্থাপনা Ⓑ অর্থশাস্ত্র Ⓒ অর্থায়ন Ⓓ বাজারজাতকরণ
B Solve ব্যবসায় শিক্ষার উৎস হলো অর্থশাস্ত্র।

52. নিচের কোনটি স্থায়ী পরিকল্পনা?
Ⓐ বাজেট Ⓑ রণকৌশল
Ⓒ প্রকল্প Ⓓ বিশেষ প্রোগ্রাম
B Solve কৌশল বা রণকৌশলকে স্থায়ী পরিকল্পনা বলে এ ছাড়াও রয়েছে নীতি প্রক্রিয়া ও পদ্ধতি।

53. নিম্নের কোনটি হেনরি ফেওলের নীতি নয়?
Ⓐ কর্তৃত্ব ও দায়িত্ব Ⓑ আদেশের ঐক্য
Ⓒ বিশ্বায়ন Ⓓ কেন্দ্রীকরণ
C Solve ব্যবস্থাপনায় হেনরি ফেওল কর্তৃক প্রদত্ত ১৪টি নীতির মধ্যে বিশ্বায়ন অন্তর্ভুক্ত নয়।

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

54. নিচের কোন ধরনের হিসাবের ক্ষেত্রে চেক বই সরবরাহ করা হয় না?
Ⓐ সঞ্চয়ী Ⓑ চলতি
Ⓒ বিশেষ চলতি Ⓓ স্থায়ী
D Solve ব্যাংক হিসাব সাধারণত তিন ধরনের। চলতি, সঞ্চয়ী ও স্থায়ী। আর স্থায়ী হিসাবের কোন চেক বই সরবরাহ করা হয় না।

55. নিচের কোনটি ঝুঁকিমুক্ত অর্থায়ন হিসাবে বিবেচিত?
Ⓐ ট্রেজারি বিল Ⓑ সাধারণ শেয়ার
Ⓒ বাণিজ্যিক বন্ড Ⓓ বাণিজ্যিক পত্র Ans A

56. আন্তঃআয় হারে নিট বর্তমান মূল্য কত হবে?
Ⓐ শূন্য Ⓑ ঋণাত্মক
Ⓒ ধনাত্মক Ⓓ অসীম
A Solve আন্তঃআয় হারে NPV মূল্য শূন্য হয়।

57. নিচের কোন পদ্ধতির ক্ষেত্রে অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না?
Ⓐ নিট বর্তমান মূল্য পদ্ধতি
Ⓑ মুনাফার্জন ক্ষমতা সূচক পদ্ধতি
Ⓒ আন্তঃআয় উপার্জন হার পদ্ধতি
Ⓓ পে-ব্যাক পিরিয়ড পদ্ধতি
D Solve PBP পদ্ধতির ক্ষেত্রে অর্থের সময় মূল্য, প্রকল্পের ভগ্নাবশেষ মূল্য, মূলধন ব্যয় ইত্যাদি বিবেচনা করা হয় না।

58. নিচের কোন সম্পদটির তারল্য সবচেয়ে কম?
Ⓐ নগদ Ⓑ এফডিআর Ⓒ এপার্টমেন্ট Ⓓ বন্ড
C Solve যে সকল সম্পত্তির তারল্য সবচেয়ে কম তার মধ্যে এপার্টমেন্ট অন্যতম।

59. মাশরাফি ব্যাংকে একাউন্টে ১,০০০ টাকা ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে জমা রাখলে ৩ বছর পর সে কত টাকা পাবে?
Ⓐ ১,২২১ টাকা Ⓑ ১,৩৩১ টাকা
Ⓒ ১,৪৩১ টাকা Ⓓ ১,৩৫৭ টাকা
B Solve চক্রবৃদ্ধির মুনাফার ক্ষেত্রে, $C = P(1+r)^n$
$\therefore C = ১০০০ (১ + ১০\%)^৩ = ১০০০ (১ + .১০)^৩ = ১৩৩১$
এখানে $P = ১০০০, r = ১০\%, n = ৩$ বছর

60. নিচের কোন সিকিউরিটি বাট্টায় বিক্রি হয় এবং লিখিত মূল্যে পরিশোধিত হয়?
Ⓐ বোনাস শেয়ার Ⓑ ট্রেজারি বিল
Ⓒ অগ্রাধিকার শেয়ার Ⓓ রাইট শেয়ার Ans B

61. বাংলাদেশে বিমা খাতে নিয়ন্ত্রক সংস্থা কে?
Ⓐ আইবিআরএ Ⓑ বিএসইসি
Ⓒ আইডিআরএ Ⓓ বাংলাদেশ ব্যাংক
C Solve বাংলাদেশে বীমা খাতে নিয়ন্ত্রণ সংস্থা হলো- আইডিআরএ এর পূর্ণ রূপ হলো- Insuarnce Academy Regulatory Authority (IDRA).

62. নিচের কোন সিকিউরিটিতে ভোট দানের অধিকার রয়েছে?
Ⓐ বন্ড Ⓑ ডিবেঞ্চার
Ⓒ সাধারণ শেয়ার Ⓓ অগ্রাধিকার শেয়ার
C Solve সাধারণ শেয়ারের ক্ষেত্রে শেয়ার মালিকদের ভোট দানের অধিকার থাকে।

63. নিচের কোন নীতিটি জীবন বিমার ক্ষেত্রে প্রযোজ্য নয়?
Ⓐ চূড়ান্ত সদ্বিশ্বাসের নীতি Ⓑ বিমাযোগ্য স্বার্থ নীতি
Ⓒ ক্ষতিপূরণের নীতি Ⓓ প্রতিস্থাপনের নীতি
C Solve জীবন বিমার ক্ষেত্রে যেটা প্রযোজ্য নয় তা হলো- ক্ষতিপূরণের নীতি কারন জীবন বিমা নিশ্চয়তার চুক্তি।

64. নিচের কোনটি মুদ্রাবাজারের পরিপত্র?
Ⓐ বাণিজ্যিকপত্র Ⓑ অধিকার শেয়ার
Ⓒ সাধারণ শেয়ার Ⓓ অগ্রাধিকার শেয়ার Ans A

65. কোনটি প্রতিষ্ঠানের জন্য নগদের বহির্মুখী প্রবাহ নয়?
Ⓐ লভ্যাংশ Ⓑ সুদ Ⓒ কর Ⓓ অবচয় Ans D

66. বিমা কোম্পানিকে প্রদান করা অর্থ...... নামে পরিচিত।
Ⓐ সুদ Ⓑ দাবি Ⓒ প্রিমিয়াম Ⓓ মুনাফা
C Solve বিমা কোম্পানিকে প্রদান করা অর্থ প্রিমিয়াম নামে পরিচিত।

67. মার্কেটিং এর দৃষ্টিকোণ থেকে বাজার কী?
Ⓐ স্থান Ⓑ বিক্রেতা ও ক্রেতা
Ⓒ পণ্য Ⓓ বর্তমান ও ভবিষ্যৎ ক্রেতা
D Solve মার্কেটিং এর দৃষ্টিকোণ থেকে বাজার হচ্ছে বর্তমান ও ভবিষ্যৎ ক্রেতার সমষ্টি।

68. কোনটি উৎপাদনের রূপ?
Ⓐ রূপগত উপযোগ Ⓑ সময়গত উপযোগ
Ⓒ স্থানগত উপযোগ Ⓓ স্বত্বগত উপযোগ
A Solve উৎপাদনের রূপ হলো শিল্প। শিল্পের মাধ্যমে রূপগত উপযোগ সৃষ্টি হয়।

**69. কোনটি অস্পর্শনীয়?**

Ⓐ দ্রব্য Ⓑ সেবা
Ⓒ কাঁচামাল Ⓓ যন্ত্রপাতি

**B Solve** অস্পর্শনীয় হলো সেবা বা services।

**70. যারা পণ্য বা সেবা ক্রয় করে এবং পুনরায় বিক্রি করে তারা হচ্ছে-**

Ⓐ ব্যবসায় ক্রেতা Ⓑ সরবরাহকারী
Ⓒ ভোক্তা Ⓓ প্রতিযোগী

**A Solve** যারা পণ্য বা সেবা ক্রয় করে পুনরায় বিক্রয় করে তারা হচ্ছে ব্যবসায় ক্রেতা।

**71. নিচের কোনটি পণ্যের স্বত্বগত উপযোগ সৃষ্টি করে?**

Ⓐ পরিবহন Ⓑ গুদামজাতকরণ
Ⓒ ক্রয়-বিক্রয় Ⓓ বিজ্ঞাপন

**C Solve** ক্রয়-বিক্রয় পণ্যের স্বত্বগত উপযোগ সৃষ্টি করে।

**72. বাজার বিভক্তিকরণ অর্থ হচ্ছে-**

Ⓐ ক্রেতাদের ভাগ করা Ⓑ বিক্রেতাদের ভাগ করা
Ⓒ পণ্য ভাগ করা Ⓓ বিক্রয় অঞ্চল ভাগ করা

**A Solve** Steven J. Skinner এর মতে, "বাজার বিভক্তিকরণ সম্পূর্ণ বাজার বিভাজনের এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে ক্রেতাদের বিভিন্ন দলে ভাগ করা হয়, যাদের অপেক্ষাকৃত সমজাতীয় পণ্য প্রয়োজন।

**73. মার্কেটিং ক্রেতাদের জন্য নিচের কোনটি সৃষ্টি করে?**

Ⓐ সেবা Ⓑ পণ্য
Ⓒ ভ্যালু Ⓓ অভিজ্ঞতা

**C Solve** মার্কেটিং ক্রেতা সাধারণত ভ্যালু বা সুবিধা সৃষ্টি করে। ভ্যালু প্রাপ্তির জন্যইক্রেতা পণ্য ক্রয় করে।

**74. নিচের কোনটি "লোভনীয়" পণ্যের উদাহরণ?**

Ⓐ চটপটি Ⓑ চুলের তেল
Ⓒ শিশু টিকা Ⓓ গায়ে মাখা সাবান

**A Solve** আইসক্রিম, চটপটি ইত্যাদি লোভনীয় পণ্য।

**75. আধুনিক বিপণনের জনক কে?**

Ⓐ পিটার ড্রাকার Ⓑ লেস্টার ওয়াল্ডারম্যান
Ⓒ ফিলিপ কটলার Ⓓ আব্রাহাম মাসলো

**C Solve** আধুনিক বিপণনের জনক ফিলিপ কটলার। তার জন্ম ১৯৩১ সালে আমেরিকায়।

**76. অযাচিত পণ্য বিক্রয়ের জন্য বাজারজাতকরণের কোন মতবাদটি উপযুক্ত?**

Ⓐ পণ্য মতবাদ Ⓑ উৎপাদন মতবাদ
Ⓒ বাজারজাতকরণ মতবাদ Ⓓবিক্রয় মতবাদ

**D Solve** বিক্রয় মতবাদে অযাচিত পণ্য (যেমন : জীবন বীমা, বিশ্বকোষ, কাফনের কাপড়) বিক্রয়ের প্রতি গুরুত্ব দেয়া হয়।

**77. নিচের কোনটি শপিং পণ্যের উদাহরণ?**

Ⓐ টুথপেস্ট Ⓑ ম্যাগাজিন
Ⓒ টেলিভিশন Ⓓ সাবান

**C Solve** শপিং পণ্যের উদাহরণ হলো- টেলিভিশন।

**78. নিচের কোনটি বাজার বিভক্তিকরণের জনসংখ্যা বিষয়ক চলক?**

Ⓐ ব্যক্তিত্ব Ⓑ ব্যবহারের হার
Ⓒ শহর Ⓓ পেশা

**D Solve** বয়স, পরিবারের আয়তন, আয়, পেশা ইত্যাদি বাজার বিভক্তিকরণের জনসংখ্যা বিষয়ক চলক।

**79. নিচের কোনটি পণ্যের জীবনচক্রের স্তর নয়?**

Ⓐ সূচনা স্তর Ⓑ চিন্তার স্তর
Ⓒ প্রবৃদ্ধি স্তর Ⓓ পূর্ণতা স্তর

**B Solve** পণ্যের জীবন চক্রের স্তর নয় চিন্তার স্তর।

**80. নিচের কোনটি বিশিষ্ট পণ্যের বৈশিষ্ট্য?**

Ⓐ কম মূল্য Ⓑ ব্র্যান্ড আনুগত্য
Ⓒ ব্যাপক প্রসার Ⓓ ঘন ঘন ক্রয়

**B Solve** বিশিষ্ট পণ্যের বৈশিষ্ট্য হলো ব্রান্ড আনুগত্য।

**81. নিচের কোনটি বাজারজাতকরণ মতবাদের মূল বিষয়?**

Ⓐ বিক্রয়ের মাধ্যমে মুনাফা অর্জন
Ⓑ ক্রেতার সন্তুষ্টির মাধ্যমে মুনাফা অর্জন
Ⓒ বেশি উৎপাদন
Ⓓ জনগণের কল্যাণ সাধন

**B Solve** বাজারজাতকরণ মতবাদের মূল বিষয় হলো- ক্রেতার সন্তুষ্টির মাধ্যমে মুনাফা অর্জন।

**82. নিচের কোনটি ভোক্তার ক্রয় সিদ্ধান্ত প্রক্রিয়ার ধাপ নয়?**

Ⓐ প্রয়োজন চিহ্নিতকরণ Ⓑ পণ্যের প্রতি আলোকপাত
Ⓒ তথ্য সন্ধান Ⓓ ক্রয় সিদ্ধান্ত

**B Solve** পণ্যের প্রতি আলোকপাত করা ক্রয় সিদ্ধান্ত প্রক্রিয়ার কোন ধাপ নয়।

**83. কোন বাজারে ক্রেতার সংখ্যা সবচেয়ে বেশি?**

Ⓐ ব্যবসায় বাজার Ⓑ সরকারি বাজার
Ⓒ ভোক্তা বাজার Ⓓ মুনাফাবিহীন বাজার

**C Solve** ক্রেতার সংখ্যা সবচেয়ে বেশি থাকে সাধারণত ভোক্তা বাজারে।

## ২য় খণ্ড : পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ

## বাংলা

**84. 'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক' এ বাক্যে 'বাংলাদেশের' পদটি কোন কারকে কোন বিভক্তি?**

Ⓐ কর্তৃ কারকে ষষ্ঠী Ⓑ অধিকরণে ষষ্ঠী
Ⓒ অপাদানে ষষ্ঠী Ⓓ কর্মে দ্বিতীয়া

**B Solve** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে (স্থান) অধিকরণ কারক বলে। যেমন : সারারাত বৃষ্টি হয়েছে, খিলিপান (এর ভেতরে) দিয়ে ওষুধ খাবে।

**85. 'অরিন্দম' শব্দটি দিয়ে কাকে ইঙ্গিত করা হয়েছে?**

Ⓐ মেঘনাদ Ⓑ রাবণ
Ⓒ বিভীষণ Ⓓ লক্ষ্মণ

**A Solve** কতিপয় পৌরাণিক চরিত্র পরিচিতি :

| চরিত্র | পরিচয় |
|---|---|
| মেঘনাদ | রাবণপুত্র, রাবণি, বাসবত্রাস, ইন্দ্রজিৎ, বাসববিজয়ী |
| বিভীষণ | রাবণের কনিষ্ঠ ভাই, রাক্ষসরাজানুজ, রামের ভক্ত, রাঘবদাস |
| লক্ষ্মণ | রামানুজ, সৌমিত্রী, বনবাসী |
| রাম | রাজা দশরথের জ্যেষ্ঠপুত্র, সীতার স্বামী, বনবাসী, রাঘব |
| কুম্ভকর্ণ | রাবণের মধ্যম সহোদর |
| রাবণ | রাক্ষসরাজ, লঙ্কারাজ, রক্ষঃশ্রেষ্ঠ, কণক-লঙ্কা রাজা |
| নিকষা | রাবণের মা |

86. 'ঘুম নেই' কার রচিত গ্রন্থ?
Ⓐ রোকেয়া সাখাওয়াত হোসেন Ⓑ সুফিয়া কামাল
Ⓒ সুকান্ত ভট্টাচার্য Ⓓ রফিক আজাদ

C Solve কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য রচিত কাব্যগ্রন্থ : ছাড়পত্র (১৩৫৪), ঘুম নেই (১৩৫৭), পূর্বাভাস (১৩৫৭), অভিযান (১৩৬০), হরতাল (১৩৬৯) ও গীতিগুচ্ছ (১৩৭২)।

87. 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই' প্রবচনটি কোন রচনায় পাওয়া যায়?
Ⓐ বিড়াল Ⓑ চাষার দুক্ষু
Ⓒ বায়ান্নর দিনগুলো Ⓓ নেকলেস **Ans Ⓐ**

88. কোনটি কবিতার ছন্দ নয়?
Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত
Ⓒ ইতিবৃত্ত Ⓓ অক্ষরবৃত্ত **Ans Ⓒ**

89. 'দাক্ষিণ্য' শব্দের অর্থ—
Ⓐ দক্ষিণমুখী Ⓑ কাঠিন্য
Ⓒ অনুগ্রহ Ⓓ কলঙ্ক

C Solve কতিপয় শব্দের অর্থ :

| প্রদত্ত শব্দ | অর্থ | প্রদত্ত শব্দ | অর্থ |
|---|---|---|---|
| শরণ | আশ্রয়দাতা | স্বসা | বোন |
| সুরি | কবি, পণ্ডিত | সাবিত্রী | জন্মদাত্রী |
| লীলাস্মিত | নির্মল হাসি | হসন্তিকা | অগ্নিপাত্র |

90. 'বিভাবরী' এর সমার্থক শব্দ কোনটি?
Ⓐ সূর্য Ⓑ চন্দ্র
Ⓒ সমুদ্র Ⓓ রাত

D Solve 'বিভাবরী' শব্দের সমার্থক : ক্ষণদা, তমা, ত্রিযামা, নক্ত, অসুরা।

91. 'উর্বর' এর বিপরীত শব্দ–
Ⓐ ঊষর Ⓑ প্রবল
Ⓒ লবণাক্ত Ⓓ সমৃদ্ধ **Ans Ⓐ**

92. 'বাপজান > বাজান' কী জাতীয় ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত?
Ⓐ অভিশ্রুতি Ⓑ অন্তর্হতি
Ⓒ স্বরলোপ Ⓓ ধ্বনি বিপর্যয়

B Solve পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে অন্তর্হতি বলে। যেমন : আলাহিদা > আলাদা, ফাগুন > ফাগুন প্রভৃতি।

93. কোনটি অনুসর্গ?
Ⓐ ব্যতীত Ⓑ না Ⓒ ওগো Ⓓ অভি

A Solve কতিপয় অনুসর্গ : সহ, বই, তরে, মতো, অবধি, পরে, সনে, বিহনে, হেতু, জন্য।

94. 'সাদা' শব্দটি কোন ভাষা থেকে আগত?
Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ বাংলা Ⓓ পর্তুগিজ

B Solve কতিপয় ফারসি শব্দ : কাগজ, আরাম, গোলাপ, চাঁদা, জাম।

95. 'মাটি দিয়ে গড়া যা' এক কথায় প্রকাশ করলে কী হয়?
Ⓐ মৃত্তিকা Ⓑ মৃন্ময় Ⓒ মর্ত্য Ⓓ মূর্তি **Ans Ⓑ**

96. 'কবর' কবিতাটি কার লেখা?
Ⓐ সৈয়দ শামসুল হক Ⓑ জসীমউদ্‌দীন
Ⓒ মুনীর চৌধুরী Ⓓ নির্মলেন্দু গুণ

B Solve 'কবর' নামে মুনীর চৌধুরীর ভাষা আন্দোলনভিত্তিক একটি নাটকও রয়েছে।

## হিসাববিজ্ঞান

97. সুমনের নিকট প্রাপ্য টাকার অবশিষ্ট ৫০০ টাকা আদায়যোগ্য নয় বিধায় অবলোপন করা হয় যেখানে এটাকে হিসাবভুক্ত করা হবে তার নাম কী?
Ⓐ সন্দেহজনক ঋণ Ⓑ নগদ বাট্টা
Ⓒ কু-ঋণ Ⓓ অনাদেয় দেনা সঞ্চিতি

C Solve সুমনের নিকট প্রাপ্য টাকার অবশিষ্ট ৫০০ টাকা আদায়যোগ্য নয় বলে অবলোপন করা হলে এটি একটি কু-ঋণ হিসাব।

98. ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ব্যাংকের জন্য কোন ধরনের হিসাব?
Ⓐ দায় Ⓒ আয় Ⓑ খরচ Ⓓ সম্পদ

D Solve ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ দ্বারা ব্যাংকে বিনিয়োগ করা বুঝায়। বিনিয়োগ একটি চলতি সম্পদ।

99. অনাদেয় দেনার সঞ্চিতির প্রকৃতি কী?
Ⓐ মুনাফার বন্টন Ⓑ একটি ক্ষতি
Ⓒ মুনাফার বিপক্ষ চার্জ Ⓓ একটি মুনাফা

C Solve অনাদায়ী দেনা সঞ্চিতির প্রকৃতি হবে মুনাফার বিপক্ষ চার্জ।

100. কোন নীতি/ রীতি সম্পত্তির অবচয় ধার্য করার অনুমতি দেয়?
Ⓐ বাস্তব ধারণা Ⓑ আর্থিক সত্তা
Ⓒ চলমান ধারণা Ⓓ বিশ্বাসযোগ্যতা

C Solve সম্পত্তির অবচয় ধার্য করা হয় ব্যবসায়ের বা কোন প্রতিষ্ঠানের চলমান ধারণার নীতি অনুযায়ী।

101. ১ জানুয়ারি ২০১৬ Mr. X, $\frac{২}{২০}$, $\frac{নেট}{30}$ এর শর্তে Mr. Y এর কাছ থেকে ৩০,০০০ টাকার পণ্য বাকিতে ক্রয় করে। Mr. X সমুদয় অর্থ জানুয়ারির ১৫ তারিখে পরিশোধ করে দেয়। Mr. X কত টাকা পরিশোধ করেছে?
Ⓐ ২৯,০০০ টাকা Ⓒ ২৯,৪০০ টাকা
Ⓑ ৩০,০০০ টাকা Ⓓ ২১,০০০ টাকা

C Solve জানু-১, বাকিতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। শর্ত $\frac{২}{২০}$ নীট ৩০। অর্থাৎ, ২০ জানুয়ারির মধ্যে পরিশোধ হলে ২% বাট্টা পাবে। পরিশোধ হয় জানুয়ারি-১৫ তারিখে তাই পরিশোধ করবে {৩০,০০০ – (৩০,০০০ × ২%)} = ২৯,৪০০ টাকা।

102. ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ঝিলমিল ফুডস লিমিটেডের দেনাদারের পরিমাণ ছিল ২৫০,০০০ টাকা এবং কুঋণ সঞ্চিতির জের ছিল ১০,০০০ টাকা। সারা বছর নিট ধারে বিক্রয়ের পরিমাণ ছিল ৫০০,০০০ টাকা এবং দেনাদারের কাছ থেকে আদায় করা হয় ৪৩০,০০০ টাকা। উক্ত বছরের কুঋণ বাবদ অবলোপন করা হয় ২০,০০০ টাকা। বছর শেষে সমাপনী দেনাদারের উপর ৫% কুঋণ সঞ্চিতি ধার্য করা হলে, কুঋণ সঞ্চিতির সমাপনী জের কত হবে?
Ⓐ ৫,০০০ টাকা Ⓑ ১৬,০০০ টাকা
Ⓒ ১৫,০০০ টাকা Ⓓ ২৫,০০০ টাকা

C Solve কু-ঋণ সঞ্চিতির সমাপনী জের
= সমাপনী দেনাদার × কু-ঋণ সঞ্চিতির হার।
সমাপনী দেনাদার = (প্রা: দেনাদার + নতুন দেনাদার – নতুন কু-ঋণ)
= (২,৫০,০০০ + ৭০,০০০ – ২০,০০০) = ৩,০০,০০০
নতুন দেনাদার = (৫,০০,০০০ – ৪,৩০,০০০) = ৭০,০০০ টাকা
∴ সমাপনী কুঋণ সঞ্চিতি = ৩,০০,০০০ × ৫%
= ১৫,০০০ টাকা

103.XYZ কোম্পানির একক প্রতি বিক্রয়মূল্য, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ও মোট স্থির ব্যয় যথাক্রমে ১৬০ টাকা, ৮৫ টাকা ও ৫০০,০০০ টাকা। ১০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চাইলে কত একক পণ্য বিক্রয় করতে হবে?
Ⓐ ৮,০০০ একক Ⓑ ৬,৬৬৭ একক
Ⓒ ৫,৩৩৩ একক Ⓓ ১০,০০০ একক
Ⓐ Solve বিক্রয় একক = (মোট স্থির ব্যয় + প্রত্যাশিত মুনাফা) ÷ (একক প্রতি বিক্রয়মূল্য – একক প্রতি পরিবর্তনশীল ব্যয়)
= (৫,০০,০০০+১,০০,০০০) ÷ (১৬০ – ৮৫) = ৬,০০,০০০ ÷ ৭৫ = ৮০০০ একক

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

104.'X' ও 'Y' তত্ত্বের প্রবক্তা কে?
Ⓐ ডগলাস ম্যাগগ্রেগর Ⓑ হেনরি মিনসবার্গ
Ⓒ এডাম স্মিথ Ⓓ হেনরি ফেয়ল
Ⓐ Solve 'X' ও 'Y' তত্ত্বের প্রবক্তা হলো- ডগলাস ম্যাগগ্রেগর।

105.MOA কী?
Ⓐ Memorandum of Article
Ⓑ Memorandum of Association
Ⓒ Memorandum of Army
Ⓓ Memorandum of Assertion
Ⓑ Solve MOA এর পূর্ণরূপ হলো- Memorandum of Association. এটি কোম্পানির মূল দলিল।

106.বাংলাদেশে পোশাক শিল্পের ব্যাপকভাবে বেড়ে উঠার প্রধান কারণ কী?
Ⓐ সস্তা শ্রম Ⓑ প্রযুক্তি
Ⓒ কাঁচামাল Ⓓ মূলধনের সহজ প্রাপ্যতা
Ⓐ Solve বাংলাদেশের পোশাকশিল্পের ব্যাপকভাবে বেড়ে উঠার প্রধান কারণ সস্তা শ্রম।

107.চাহিদা সোপান তত্ত্বের কয়টি স্তর?
Ⓐ চার Ⓑ পাঁচ Ⓒ ছয় Ⓓ সাত
Ⓑ Solve মাসলোর চাহিদা সোপান তত্ত্বে পাঁচটি স্তর রয়েছে।

108.বাংলাদেশে স্টক এক্সচেঞ্জ কয়টি?
Ⓐ চার Ⓑ তিন Ⓒ দুই Ⓓ এক
Ⓒ Solve বাংলাদেশের স্টক এক্সচেঞ্জের সংখ্যা ২টি। ঢাকা স্টক এক্সচেঞ্জ। চিটাগাংগ স্টক এক্সচেঞ্জ।

109.BARD কোথায় অবস্থিত?
Ⓐ কুমিল্লা Ⓑ ঢাকা Ⓒ খুলনা Ⓓ রংপুর
Ⓐ Solve BARD কুমিল্লায় অবস্থিত।

110.TCB এর পূর্ণ নাম কী?
Ⓐ Thana Complex of Bangladesh
Ⓑ Trading Corporation of Bangladesh
Ⓒ Trade Centre of Bangladesh
Ⓓ Tobacco Company of Bangladesh
Ⓑ Solve TCB এর পূর্ণ নাম হলো- Trading Corporation of Bangladesh.

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

111.নিচের কোন প্রতিষ্ঠান আমানত গ্রহণ করে না?
Ⓐ উন্নয়ন ব্যাংক Ⓑ বাণিজ্যিক ব্যাংক
Ⓒ সমবায় ব্যাংক Ⓓ বিনিয়োগ ব্যাংক
Ⓓ Solve যে সকল প্রতিষ্ঠান আমানত গ্রহণ করে না তার মধ্যে বিনিয়োগ ব্যাংক অন্যতম।

112.কোম্পানিটির বিভিন্ন সিকিউরিটির দাবি পরিশোধের ক্ষেত্রে নিচের কোন অগ্রাধিকার তালিকাটি সঠিক?
Ⓐ সাধারণ শেয়ার > অগ্রাধিকার > শেয়ার বন্ড
Ⓑ অগ্রাধিকার শেয়ার > সাধারণ শেয়ার > বন্ড
Ⓒ বন্ড > অগ্রাধিকার শেয়ার>সাধারণ শেয়ার
Ⓓ অগ্রাধিকার শেয়ার > বন্ড > সাধারণ শেয়ার
Ⓒ Solve কোম্পানির বিভিন্ন সিকিউরিটির দাবি পরিশোধের ক্ষেত্রে অগ্রাধিকার তালিকা হলো বন্ড > অগ্রাধিকার শেয়ার > সাধারণ শেয়ার।

113.বাংলাদেশ সরকার কত সালের অধ্যাদেশ বলে বিমা ব্যবসাকে জাতীয়করণ করে?
Ⓐ ১৯৭১ Ⓑ ১৯৭২ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৭৪
Ⓑ Solve বাংলাদেশ সরকার ১৯৭২ সালের অধ্যাদেশ বলে বিমা ব্যবসায়কে জাতীয়করণ করে।

114.নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংক নয়?
Ⓐ পল্লী সঞ্চয় ব্যাংক Ⓑ সীমান্ত ব্যাংক
Ⓒ উরি ব্যাংক Ⓓ বেসিক ব্যাংক
Ⓐ Solve যে সকল ব্যাংক বাণিজ্যিক ব্যাংক নয় তার মধ্যে পল্লী সঞ্চয় ব্যাংক অন্যতম।

115.নিচের কোন ক্ষেত্রে স্বল্পমেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয়?
Ⓐ আসবাবপত্র ক্রয় Ⓑ কাঁচামাল ক্রয়
Ⓒ জমি ক্রয় Ⓓ যন্ত্রপাতি ক্রয়
Ⓑ Solve যে সকল ক্ষেত্রে স্বল্প মেয়াদি অর্থায়ন ব্যবহার করা হয় তার মধ্যে কাঁচামাল ক্রয়, কর্মচারীর বেতন, বিদ্যুৎ বিল ইত্যাদি অন্যতম।

116.নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিলের উদাহরণ নয়?
Ⓐ ব্যাংক চেক Ⓑ ব্যাংক ড্রাফট
Ⓒ ব্যাংক নোট Ⓓ ব্যাংক ক্রেডিট কার্ড
Ⓓ Solve চেক, ব্যাংক ড্রাফট, বিনিময় বিল, ব্যাংক নোট ইত্যাদি হস্তান্তরযোগ্য দলিল।

117.মূলধনের উৎসসমূহের মধ্যে নিচের কোন মাধ্যমে অর্থসংস্থানে খরচ কম হবে?
Ⓐ সাধারণ শেয়ারের খরচ Ⓑ অগ্রাধিকার শেয়ারের খরচ
Ⓒ বন্ডের খরচ Ⓓ সংরক্ষিত মুনাফার খরচ
Ⓒ Solve বন্ড বা ঋণ তহবিলকে একটি ব্যবসায় প্রতিষ্ঠানের অন্যান্য উৎস অপেক্ষা সর্বনিম্ন ব্যয়যুক্ত তহবিলের উৎস বলা হয়।

118.কোন পরিবেশ মার্কেটিংকে প্রত্যক্ষভাবে প্রভাবিত করে?
Ⓐ প্রযুক্তিগত পরিবেশ Ⓑ ব্যষ্টিক পরিবেশ
Ⓒ জনসংখ্যা পরিবেশ Ⓓ সামষ্টিক পরিবেশ
Ⓑ Solve ব্যষ্টিক পরিবেশের উপাদান কোম্পানির বিপণন কার্যাবলিতে প্রত্যক্ষভাবে প্রভাব বিস্তার করে।

119.নিচের কোনটি মার্কেটিং এর ব্যষ্টিক পরিবেশের উপাদান নয়?
Ⓐ ক্রেতা Ⓑ প্রতিযোগী Ⓒ ডিলার Ⓓ সংস্কৃতি
Ⓓ Solve মার্কেটিং এর ব্যষ্টিক পরিবেশের উপাদানগুলো ক্রেতা, প্রতিযোগী, ডিলার ও এজেন্ট ইত্যাদি। অন্যদিকে সংস্কৃতি সামষ্টিক পরিবেশের উপাদান।

120.নিচের কোনটি মার্কেটিং প্রমোশনের হাতিয়ার নয়?
Ⓐ বিজ্ঞাপন Ⓑ প্রচার
Ⓒ বিক্রয় প্রসার Ⓓ অপপ্রচার
Ⓓ Solve মার্কেটিং প্রমোশনের হাতিয়ার নয় অপপ্রচার।